# বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিচিতি

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভ**
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।
ফোন: +৮৮-০২-৪১০২৪৬৩৬, ফ্যাক্স:+৮৮ ০২ ৫৮১৫৭৯৮৩
Website: www.bfa.gov.bd, E-mail: bfarchivebd@gmail.com, dg@bfa.gov.bd

# © বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিচিতি


**প্রধান সম্পাদক**
মো. কামরুজ্জামান
মহাপরিচালক
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

**সম্পাদনা পরিষদ**
ফারহানা রহমান
পরিচালক

মুহাম্মদ আরিফ সাদেক
পরিচালক-২

মোহাম্মদ আনিসুর রহমান
স্টোর অফিসার

**সম্পাদনা সহযোগী**
সাবিনা ইয়াসমিন
জান্নাতে রোজী

**প্রচ্ছদ ও ডিজাইন**
হৃদয় কুমার বর্মন
ওবায়দুল হক হিমেল

**কম্পিউটার কম্পোজ**
মো.সবুজ মিয়া

**প্রকাশক**
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
এফ-৫ আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা

**প্রকাশকাল**
জানুয়ারি, ২০২৫

**মুদ্রণ**
মিতু প্রিন্টিং প্রেস অ্যান্ড প্যাকেজিং
১০/১, নয়াপল্টন, ঢাকা

**সম্পাদনা ও পাণ্ডুলিপি প্রতিবেদন প্রণয়ন**
মো. কামরুজ্জামান
মহাপরিচালক

**পাণ্ডুলিপি প্রণয়ন**
ফারহানা রহমান
পরিচালক

মুহাম্মদ আরিফ সাদেক
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

মোহাম্মদ আরিফুজ্জামান
উপরিচালক (লাইব্রেরি ও গবেষণা)

স্মিতা বড়ুয়া
উপসহকারী প্রকৌশলী

Bangladesh Film Archive Porichiti 2025
Published by: Bangladesh Film Archive
Ministry of Information & Broadcasting

Printed by: Mitu Printings Press & Packaging, Dhaka

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ১. ভূমিকা | ৫ |
| ২. বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ইতিবৃত্ত | ৬ |
| ৩. লক্ষ্য ও উদ্দেশ্য | ৭ |
| ৪. মিশন ও ভিশন | ৭ |
| ৫. জনবল কাঠামো | ৭ |
| ৬. বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যাবলি | ৭ |
| ৭. বোর্ড অব অনার | ৯ |
| ৮. ভবন নির্দেশিকা | ১১ |
| ৯. বিগত তিন অর্থবছরের বাজেট | ১২ |
| ১০. শাখাভিত্তিক কার্যাবলি | ১২ |
| ১১. প্রকাশনার তালিকা | ১৮ |
| ১২. সম্পাদিত গবেষণার তালিকা | ২৪ |
| ১৩. উদ্ভাবন ও সেবা সহজিকরণ | ৩১ |
| ১৪. মাইগভ সেবাসমূহ | ৩৩ |
| ১৫. প্রকল্প | ৩৪ |
| ১৬. আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ | ৩৬ |
| ১৭. প্রশিক্ষণ | ৩৭ |
| ১৮. ফিল্ম মিউজিয়াম | ৩৭ |
| ১৯. ডকুমেন্টেশন | ৩৮ |
| ২০. বিভিন্ন সংগ্রহ | ৩৮ |
| ২১. ডিজিটাইজেশন | ৪০ |
| ২২. উল্লেখযোগ্য প্রকাশনার প্রচ্ছদ | ৪১ |
| ২৩. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) | ৪৫ |
| ২৪. অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহার নীতিমালা-২০২০ | ৫৫ |
| ২৫. পরিচালনা ও ব্যবস্থাপনা নীতিমালা-২০১০ | ৬১ |
| ২৬. বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নালে লেখা প্রেরণ | ৬৮ |
| ২৭. বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা/কর্মচারীদের তালিকা | ৬৯ |
| ২৮. বিশিষ্ট ব্যক্তিদের জীবন ও কর্ম নিয়ে তৈরিকৃত ডকুমেন্টেশন- এর তালিকা | ৭২ |
| ফটোগ্যালারি | ৭৬ |



অফিসের সম্মুখ বাগান

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভ**

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

www.bfa.gov.bd

## ১. ভূমিকা

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন একটি বিশেষায়িত প্রতিষ্ঠান। এর অন্যতম প্রধান কাজ– দেশের ইতিহাস ও ঐতিহ্য বিষয়ক অডিও-ভিজ্যুয়াল দলিলাদি সংগ্রহ ও সংরক্ষণ করা। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান এবং ব্যক্তি ছাড়াও বিদেশি উৎস থেকে এ দেশের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কিত ফুটেজ সংগ্রহ করে থাকে - যার মধ্যে তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র ও চলচ্চিত্র অন্যতম।

আর্কাইভে মূলত গুরুত্বপূর্ণ সরকারি রেকর্ড এবং অন্যান্য মূল্যবান ঐতিহাসিক নথিপত্র সুসংবদ্ধভাবে সুরক্ষিত রাখা হয়। পৃথিবীর সব দেশেরই নিজস্ব আর্কাইভ রয়েছে। বৈশ্বিকভাবে ঐতিহ্য ও ইতিহাস সংরক্ষণে আর্কাইভের ভূমিকা স্বীকৃত। ভারতীয় উপমহাদেশে সুলতানি ও মোগল আমলে মহাফেজখানা নামে অভিহিত সংরক্ষণাগারে প্রশাসনিক দলিল দস্তাবেজ ও নথিপত্র রক্ষিত হতো। এরই ধারাবাহিকতায় ব্রিটিশ আমল থেকে কেন্দ্রীয় প্রাদেশিক ও স্থানীয় ভিত্তিতে দলিল দস্তাবেজ সংরক্ষণের কাজ শুরু হয়।

বিশ্বে সিনেমা বা চলচ্চিত্র নির্মাণের ইতিহাস থেকে জানা যায়, অষ্টাদশ শতাব্দী থেকে এর যাত্রা শুরু হয়। চলচ্চিত্রের মাধ্যমে একটি নির্দিষ্ট সময়কে সেলুলয়েডের ফিতায় ধারণ করা হয়। পৃথিবীর বিভিন্ন দেশে বিভিন্ন সময়ে নির্মিত চলচ্চিত্রগুলো সে সময়ের সমাজব্যবস্থা, সংস্কৃতি, আচার-ব্যবহার, ভাষা, ও ঘটনাপ্রবাহকে তুলে ধরে। ফলে একেকটি চলচ্চিত্র ইতিহাসের একেকটি অংশের ধারকে পরিণত হয়। সে বিবেচনায় বিশ্বব্যাপী ফিল্ম আর্কাইভের প্রয়োজনীয়তা অনুভূত হয় এবং পৃথিবীর বিভিন্ন দেশে ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠিত হয়। চলচ্চিত্রকে ভবিষ্যতের জন্য সংরক্ষণের বিষয়টি চিন্তা করে পৃথিবীর প্রথম ফিল্ম আর্কাইভ ১৯৩৫ সালে ফ্রান্সে প্রতিষ্ঠিত হয়। পরবর্তী সময়ে বিশ্বের বিভিন্ন দেশে ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠিত হয়।




বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রবেশপথ

## ২. বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ইতিবৃত্ত

দেশ স্বাধীনের পর সত্তর দশকের মাঝামাঝি সময় বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশে ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার লক্ষ্যে চলচ্চিত্র সংসদের সহযোগিতায় তদানীন্তন তথ্য ও বেতার মন্ত্রণালয় প্রথম ফিল্ম আর্কাইভের রূপরেখা তৈরি করে। এরই ধারাবাহিকতায় ১৯৭৮ সালের ১৭ই মে 'বাংলাদেশ ফিল্ম ইনস্টিটিউট অ্যান্ড আর্কাইভ' প্রতিষ্ঠা লাভ করে এবং ১৯৮৪ সালে এটিকে 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ' নামকরণ করা হয়।

প্রতিষ্ঠালগ্ন থেকে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন চলচ্চিত্র সংশ্লিষ্ট একটি ঐতিহ্যবাহী এবং বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে কাজ করে যাচ্ছে। চলতি ২০২৪ সালে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার ৪৬ বছরে পদাপর্ণ করেছে। প্রতিষ্ঠালগ্নে ভাড়াবাড়িতে দাপ্তরিক কার্যক্রম পর্যায়ক্রমে ধানমন্ডি, কলেজগেট, গণভবন ও সর্বশেষ শাহবাগে (জাতীয় সম্প্রচার ভবনের তৃতীয় তলায়) পরিচালিত হয়। এরপর ২০১৭ সালে প্রায় ৮৬ কোটি টাকা ব্যয়ে ঢাকার আগারগাঁওয়ে নির্মিত হয় বিশ্বমানের অত্যাধুনিক ও দৃষ্টিনন্দন বিশেষায়িত ফিল্ম আর্কাইভ ভবন এবং নতুন ভবনে দাপ্তরিক কার্যক্রম ২০১৮ সালের নভেম্বর থেকে শুরু হয়।

বাংলাদেশের চলচ্চিত্র বলতে অবিভক্ত বঙ্গ (১৯৪৭ পর্যন্ত) থেকে শুরু করে পূর্ব পাকিস্তান এবং ১৯৭১ সালের পর স্বাধীন বাংলাদেশের চলচ্চিত্র শিল্পকে বোঝায়। ১৮৯০-এর দিকে তদানীন্তন পূর্ববঙ্গে (বাংলাদেশ) চলচ্চিত্র প্রদর্শনী শুরু হয়। তবে চলচ্চিত্রের উৎপত্তি ও  পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ শুরু হয় মূলত ১৯৫০-এর দশকে। আব্দুল জব্বার খান-এর *মুখ ও মুখোশ* (১৯৫৬) এদেশে চলচ্চিত্র নির্মাণের মাধ্যমে। সূচনালগ্ন থেকে এ যাবৎ বাংলাদেশ ফিল্ম আর্কাইভে বর্তমানে বিভিন্ন ফরমেটে চলচ্চিত্র/তথ্যচিত্র/সংবাদচিত্রসহ অন্যান্য ভিজ্যুয়াল সংগ্রহ ১১,৬১৭টি (ডিসেম্বর ২০২৪)। এছাড়াও বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ১৯৭১ সালের স্বাধীনতাযুদ্ধের অডিও-ভিজ্যুয়াল দলিলাদি সংগ্রহ ও সংরক্ষণ করে থাকে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বিশেষায়িত সংরক্ষণাগারে বেশ কিছু উল্লেখযোগ্য দেশি-বিদেশি চলচ্চিত্র সংরক্ষিত রয়েছে, যা বাংলাদেশের চলচ্চিত্র শিল্পের ইতিহাস সংরক্ষণে বিশেষ পথিকৃত হিসেবে বিবেচিত।

**দেশি চলচ্চিত্র**

মুখ ও মুখোশ (১৯৫৬), আসিয়া (১৯৬০), নদী ও নারী (১৯৬৫), সূর্যস্নান (১৯৬২), কখনো আসেনি (১৯৬১), কাচের দেয়াল (১৯৬৩), অনেক দিনের চেনা (১৯৬৪), নবাব সিরাজউদ্দৌলা (১৯৬৭), জীবন থেকে নেয়া (১৯৭০), স্টপ জেনোসাইড (১৯৭১), এ স্টেট ইজ বর্ন (১৯৭১), অরুণোদয়ের অগ্নিসাক্ষী (১৯৭২), তিতাস একটি নদীর নাম (১৯৭৩), আবার তোরা মানুষ হ (১৯৭৩), ওরা ১১ জন (১৯৭৪), আলোর মিছিল (১৯৭৪), পালঙ্ক (১৯৭৬), গোলাপী এখন ট্রেনে (১৯৭৮), সূর্য দীঘল বাড়ি (১৯৭৯) ইত্যাদি।

**বিদেশি চলচ্চিত্র**

রাশিয়ার ব্যাটেলশিপ পটেমকিন (১৯২৫), মাদার (১৯২৬), অক্টোবর (১৯২৭); ভারতের চলচ্চিত্রের মধ্যে প্রমথেশ বড়ুয়ার দেবদাস (১৯৩৫), সত্যজিৎ রায়ের পথের পাঁচালী (১৯৫৫), অপুর সংসার (১৯৫৯); জাপানের রাশোমন (১৯৫০); হাঙ্গেরির গোল্ডেন কাইট এবং ফ্রান্সের ইনসিডেন্ট অ্যাট আওল ক্রিক (১৯৬২), ওয়েজেস অব ফিয়ার (১৯৫৩); বুলগেরিয়ার ব্ল্যাক অ্যাঞ্জেলস (১৯৭০) ইত্যাদি।

উপরে বর্ণিত কার্যক্রম ছাড়াও বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষিত চলচ্চিত্রকে আধুনিক প্রযুক্তির মাধ্যমে ডিজিটাল ফরমেটে রূপান্তর ও রেস্টোরেশন করে সংরক্ষণ করা হয়। ফিল্ম ডিজিটাইজেশন ও রেস্টোরেশনের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বিশ্বমানের। ডিজিটাল ল্যাবে বিদ্যমান রিয়েল টাইম ফিল্ম স্ক্যানার, ফিল্ম রেস্টোরেশন ইউনিট, কালার গ্রেডিং ইউনিট ও ভিডিও এডিটিং প্যানেল রয়েছে - যার মাধ্যমে পুরোনো, ক্ষয়ে যাওয়া রিল থেকে ছবি পুনরুদ্ধার করে ডিজিটাল ফরমেটে সংরক্ষণ করা হচ্ছে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভে রয়েছে ৫০০ আসন বিশিষ্ট ১টি অত্যাধুনিক

মাল্টিপারপাস অডিটোরিয়াম, ৩০০ আসন বিশিষ্ট ১টি প্রজেকশন হল ও ১২০ আসন বিশিষ্ট ১টি সেমিনার হল ছাড়াও বাংলাদেশের চলচ্চিত্রের পুরাতন প্রযুক্তি ও ঐতিহ্যবাহী সংগ্রহ, চলচ্চিত্র সংক্রান্ত যন্ত্রপাতি, বিখ্যাত চলচ্চিত্রের পোস্টার, স্থিরচিত্র ও স্মারক ইত্যাদি নিয়ে স্থাপিত দেশের একমাত্র ফিল্ম মিউজিয়াম, বিশেষায়িত ডুপ্লেক্স লাইব্রেরি, ৬টি বিভিন্ন তাপমাত্রার বিশেষায়িত ভল্ট, ৩টি ডিজিটাল ল্যাব, প্রশাসনিক ব্লক, নিজস্ব প্রকাশনা ও গবেষণাসহ বিভিন্ন ইউনিট রয়েছে।

## ৩. বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার লক্ষ্য ও উদ্দেশ্য

চলচ্চিত্র তথা চলমান ইমেজে দেশের কৃষ্টি, সংস্কৃতি ও সময়কে সুবিন্যস্ত ও বৈজ্ঞানিকভাবে সংরক্ষণ ও বিকাশ করা বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অন্যতম লক্ষ্য।

দেশি-বিদেশি দুষ্প্রাপ্য ও ধ্রুপদী চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী সংগ্রহ এবং পদ্ধতিগতভাবে দীর্ঘস্থায়ী সংরক্ষণ, শিক্ষা ও গবেষণাকর্ম পরিচালনা, সংগৃহীত ছায়াছবি প্রদর্শনী, চলচ্চিত্র উৎসবের আয়োজন, লাইব্রেরির বহুমুখী ব্যবহার, চলচ্চিত্রের ওপর সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, সভা ইত্যাদির আয়োজন এবং ফিল্ম সংক্রান্ত ম্যাগাজিন, বুলেটিন, ক্যাটালগ, সিনোপসিস, সংক্ষিপ্ত চিত্রকাহিনি ইত্যাদি প্রকাশের মাধ্যমে সুস্থ ও বিনোদনধর্মী ছায়াছবি বিকাশে অবদান রাখা বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য।

## ৪. ভিশন ও মিশন ( & Mission )

**ভিশন (Vision):** চলচ্চিত্র সংশ্লিষ্ট ঐতিহ্য সংগ্রহ ও সংরক্ষণ।

**মিশন (Mission):** চলচ্চিত্রকেন্দ্রিক জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির লালন, বিকাশ এবং সংরক্ষণ।

## ৫. বর্তমান জনবল কাঠামো


| পদের নাম/শ্রেণি | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত | শূন্যপদ |
|---|---|---|---|
| মহাপরিচালক (গ্রেড-৩) | ১ | ১ | - |
| পরিচালক (গ্রেড-৫) | ১ | ১ | - |
| সহকারী পরিচালক (গ্রেড-৯) | ২ | ২ | - |
| গ্রেড-১০ | ৯ | ৭ | ২ |
| গ্রেড-১১ থেকে ১৬ | ২৭ | ২৪ | ৩ |
| গ্রেড-১৭ থেকে ২০ | ৮ | ৮ | - |
| মোট | ৪৮ | ৪৩ | ৫ |

এই ৪৮টি পদসহ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অনুমোদিত মোট পদের সংখ্যা– ৯৮টি।

## ৬. বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যাবলি

- দেশীয় ও আর্ন্তজাতিক উৎস থেকে চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী সংগ্রহ করা;
- সংগৃহীত চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী ফিল্ম-ভল্টে নিয়ন্ত্রিত তাপমাত্রায় রক্ষণাবেক্ষণ এবং সংরক্ষণ করা;
- দুষ্প্রাপ্য ও ধ্রুপদী চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী মুদ্রণ ও পুনঃমুদ্রণ করা;
- দীর্ঘমেয়াদী চলচ্চিত্র সংরক্ষণ এবং শিক্ষা ও গবেষণার জন্য সংগৃহীত চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী সময়ে সময়ে পরীক্ষা করা এবং প্রয়োজনে পুনঃমুদ্রণ করা;

- চলচ্চিত্র সংক্রান্ত গ্রন্থ, সাময়িকী, প্রকাশনা, গানের বই, পোস্টার, প্রচারপত্র, স্থিরচিত্র, গবেষণা পাণ্ডুলিপি ও আনুষঙ্গিক সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণ করা;
- আর্কাইভের সংগ্রহ থেকে নিয়মিত চলচ্চিত্র প্রদর্শনীর ব্যবস্থা করা;
- আর্কাইভ এবং চলচ্চিত্র সংক্রান্ত বিশেষায়িত লাইব্রেরিতে চলচ্চিত্রসেবীদের পড়াশুনার সুযোগ সম্প্রসারণ করা;
- চলচ্চিত্রের ওপর সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, পোস্টার প্রদর্শনী, সভা ইত্যাদির আয়োজন করা;
- দেশে বিদেশি ছবি এবং বিদেশে দেশীয় ছবি প্রদর্শনের জন্য চলচ্চিত্র উৎসবের আয়োজন করা;
- চলচ্চিত্র সংক্রান্ত গবেষণা ও প্রকাশনার ব্যবস্থা করা;
- চলচ্চিত্র বিষয়ক প্রশিক্ষণ পরিচালনা করা;
- ফিল্ম মিউজিয়ামের মাধ্যমে চলচ্চিত্র শিল্পের ইতিহাস-ঐতিহ্য বিকাশে বিশেষ ভূমিকা রাখা এবং
- চলচ্চিত্র সংশ্লিষ্ট সকল সংস্থা/ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা করা ইত্যাদি।



৫০০ আসনবিশিষ্ট মাল্টিপারপাস হল



৩০০ আসনবিশিষ্ট প্রজেকশন হল

## ৭. বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অফিস প্রধানগণ (বোর্ড অব অনার)

### কিউরেটর

| ক্রমিক | নাম | কার্যকাল | |
|---|---|---|---|
| ১ | এ.কে.এম. আব্দুর রউফ | ১৭-০৫-১৯৭৮ | ০৩-১২-১৯৯১ |
| ২ | এম. গোলাম পাঞ্জাতন | ০৩-১২-১৯৯১ | ২০-০৬-১৯৯২ |
| ৩ | মো. মকবুল আহমেদ | ২০-০৬-১৯৯২ | ৩০-১১-১৯৯২ |
| ৪ | এ.কে.এম আমজাদ হোসেন | ০১-১২-১৯৯২ | ১৪-০১-১৯৯৪ |

### মহাপরিচালক

| | | | |
|---|---|---|---|
| ৫ | এ.কে.এম আমজাদ হোসেন | ১৫-০১-১৯৯৪ | ০৯-০৩-১৯৯৪ |
| ৬ | মো. মকবুল আহমেদ | ০৯-০৩-১৯৯৪ | ১০-০৮-১৯৯৬ |
| ৭ | এ.কে.এম আমজাদ হোসেন | ১০-০৮-১৯৯৬ | ০৬-১২-১৯৯৬ |
| ৮ | মো. মাহবুবুল আলম (চলতি দায়িত্ব) | ০১-০১-১৯৯৭ | ২২-১২-১৯৯৭ |
| ৯ | অখিল বন্ধু নাগ | ২২-১২-১৯৯৭ | ১০-০২-১৯৯৮ |
| ১০ | মো. মাহবুবুল আলম (চলতি দায়িত্ব) | ১০-০২-১৯৯৮ | ০৬-১০-১৯৯৮ |
| ১১ | হাফিজা আখতার | ০৬-১০-১৯৯৮ | ১৯-০৬-২০০৩ |
| ১২ | মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন (চলতি দায়িত্ব) | ২৩-০৬-২০০৩ | ০৭-১২-২০০৩ |
| ১৩ | আমিনুল ইসলাম (চলতি দায়িত্ব) | ০৭-১২-২০০৩ | ১৪-১২-২০০৪ |
| ১৪ | আবু জাফর মো. ইকবাল | ১৪-১২-২০০৪ | ২০-০৩-২০০৪ |
| ১৫ | আমিনুল ইসলাম (চলতি দায়িত্ব) | ২৩-০৩-২০০৪ | ১৮-১০-২০০৪ |
| ১৬ | ইফতেখার হোসেন | ৩১-১০-২০০৪ | ০৩-১২-২০০৬ |
| ১৭ | ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন (চলতি দায়িত্ব) | ০৮-০১-২০০৭ | ১০-০২-২০১০ |
| ১৮ | ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন | ১১-০২-২০১০ | ০৯-০৬-২০১০ |
| ১৯ | কামরুন নাহার | ০৯-০৬-২০১০ | ০২-১০-২০১১ |
| ২০ | এ.কে.এম. শামীম চৌধুরী (অতিরিক্ত দায়িত্ব) | ০৩-১০-২০১১ | ১৩-১১-২০১১ |
| ২১ | কামরুন নাহার | ১৪-১১-২০১১ | ১৯-০২-২০১৪ |
| ২২ | কামরুন নাহার (অতিরিক্ত দায়িত্ব) | ২০-০২-২০১৪ | ২৩-০২-২০১৪ |
| ২৩ | মো. আব্দুল মান্নান (চলতি দায়িত্ব) | ২৩-০২-২০১৪ | ২৭-০২-২০১৪ |
| ২৪ | কামরুন নাহার (অতিরিক্ত দায়িত্ব) | ২৮-০২-২০১৪ | ১৮-০৩-২০১৪ |
| ২৫ | ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন | ১৯-০৩-২০১৪ | ১৮-০৯-২০১৬ |

| | | | |
|---|---|---|---|
| ২৬ | মো. জাহাঙ্গীর হোসেন (চলতি দায়িত্ব) | ১৮-০৯-২০১৬ | ২৯-০৩-২০১৭ |
| ২৭ | শচীন্দ্র নাথ হালদার (চলতি দায়িত্ব) | ০৫-০৪-২০১৭ | ০৯-১০-২০১৮ |
| ২৮ | মো. আজিজুর রহমান (চলতি দায়িত্ব) | ১৭-১০-২০১৮ | ০১-০১-২০১৯ |
| ২৯ | ফজলে রাব্বী (চলতি দায়িত্ব) | ০৩-০১-২০১৯ | ১০-০২-২০১৯ |
| ৩০ | বিধান চন্দ্র কর্মকার (চলতি দায়িত্ব) | ১৪-০৩-২০১৯ | ১৮-০৩-২০২০ |
| ৩১ | মো. নিজামূল কবীর (চলতি দায়িত্ব) | ১৯-০৩-২০২০ | ৩১-১২-২০২০ |
| ৩২ | মো. নিজামূল কবীর | ৩১-১২-২০২০ | ১৯-০১-২০২৩ |
| ৩৩. | মো. জসীম উদ্দিন | ২২-০১-২০২৩ | ৩১-১২-২০২৪ |
| ৩৪. | মো. কামরুজ্জামান (চলতি দায়িত্ব) | ০১-০১-২০২৪ | ০৩-০৬-২০২৪ |
| ৩৫. | মো. কামরুজ্জামান | ০৬-০৬-২০২৪ | |



বাংলাদেশ ফিল্ম আর্কাইভে আনসার সদস্যদের সার্বক্ষণিক প্রহরা

## ৮. ভবন নির্দেশিকা


বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
**Bangladesh Film Archive**
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
**Ministry of Information & Broadcasting**

## ভবন নির্দেশিকা ■ Floor Guide

| | |
|---|---|
| বেইসমেন্ট<br>**Basement** | গাড়ি পার্কিং<br>**Car Parking** |
| নিচতলা<br>**Ground Floor** | অভ্যর্থনা, ক্যাফেটোরিয়া, গাড়ি পার্কিং<br>**Reception, Cafeteria, Car Parking** |
| ২য় তলা<br>**1st Floor** | প্রজেকশন হল, সেমিনার হল, ফিল্ম মিউজিয়াম ১ ও ২<br>**Projection Hall, Seminar Hall, Film Museum 1 & 2** |
| ৩য় তলা<br>**2nd Floor** | প্রকল্প পরিচালকের দপ্তর, ফিল্ম মিউজিয়াম ৩, ফিল্ম অফিসার<br>**Office of the Project Director, Film Museum 3, Film Officer** |
| ৪র্থ তলা<br>**3rd Floor** | লাইব্রেরিয়ান, এসি সুপারভাইজার, লাইব্রেরি, নামাজ কক্ষ<br>**Library, AC Supervisor,, Librarian, Prayer Room** |
| ৫ম তলা<br>**4th Floor** | মাল্টিপারপাস অডিটরিয়াম (প্রবেশ : ৪র্থ তলা)<br>**Multipurpose Auditorium (Entrance : Level-4)** |
| ৬ষ্ঠ তলা<br>**5th Floor** | মহাপরিচালকের দপ্তর, পরিচালকের দপ্তর, প্রশাসনিক কর্মকর্তা, হিসাবরক্ষণ কর্মকর্তা, সভা কক্ষ<br>**Office of the Director General & Director, Admin Officer, Accounts Officer, Meetting Room.** |
| ৭ম তলা<br>**6th Floor** | পরিচালক- ২, প্রশাসন শাখা, হিসাব শাখা, স্টোর অফিসার, উপসহকারী প্রকৌশলী ১, ২, ৩ ও ৪<br>**Director-2, Admin Section, Accounts Section, Store Officer, Sub-Assistant Engineer 1, 2, 3 & 4** |

## ৯. বিগত ৩ অর্থবছরের বাজেট

| ক্রমিক | অর্থবছর | বাজেট |
|---|---|---|
| ১. | ২০২৩-২৪ | ৯,৪৭,৯০,০০০/- |
| ২. | ২০২২-২৩ | ৯,১৯,০০,০০০/- |
| ৩. | ২০২১-২২ | ৯,৮১,৫০,০০০/- |




## ১০. শাখাভিত্তিক কার্যাবলি

বাংলাদেশ ফিল্ম আর্কাইভে মোট ৭টি শাখার মাধ্যমে কার্যাদি পরিচালিত হয়।

### প্রশাসন শাখা

দাপ্তরিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা, নিয়োগ প্রক্রিয়া, টেন্ডার কার্যক্রম, প্রশিক্ষণ ইত্যাদি কাজ প্রশাসন শাখা পরিচালনা করে থাকে।

### হিসাব শাখা

অর্থ সংক্রান্ত কার্যাদি, বিল, আয়-ব্যয়ের হিসাব, কর্মকর্তা-কর্মচারীদের বেতন ইত্যাদি হিসাব সম্পর্কিত কার্যাদি পরিচালনা করে থাকে।

### কারিগরি শাখা (অপারেশন)

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংরক্ষিত অনেক চলচ্চিত্রের সেলুলয়েডের স্থায়িত্বকাল ইতোমধ্যে শেষ হয়ে গিয়েছে। এই সকল ফিল্ম ডিজিটাইজেশন ও রেস্টোরেশনের জন্য কারিগরি শাখায় রিয়েল টাইম ফিল্ম স্ক্যানার, ফিল্ম রেস্টোরেশন ইউনিট, কালার গ্রেডিং ইউনিট ও ভিডিও এডিটিং প্যানেল ইত্যাদির মাধ্যমে ফিল্ম পুনরুদ্ধার করা হয়। এছাড়াও এই শাখার আওতায় আধুনিক প্রযুক্তির মাধ্যমে এসব চলচ্চিত্রকে ডিজিটাল ফরমেটে রূপান্তর ও রেস্টোরেশন করে সংরক্ষণ করার পাশাপাশি ওয়েবসাইটের মাধ্যমে দাপ্তরিক সকল তথ্য প্রকাশ, চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদি ডিজিটালাইজকরণ এবং অনলাইন সেবাসমূহ পরিচালনা হয়।

### কারিগরি শাখা (রক্ষণাবেক্ষণ)

সকল প্রকার যন্ত্রপাতি, বৈদ্যুতিক সামগ্রী রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করে থাকে।

### ফিল্ম শাখা

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের একটি গুরুত্বপূর্ণ শাখা হলো ফিল্ম শাখা। সংগৃহীত চলচ্চিত্র তাপ ও আর্দ্রতা নিয়ন্ত্রণ করে এবং প্রতিনিয়ত পরীক্ষা-নিরীক্ষা ও পরিচর্যার মাধ্যমে চলচ্চিত্র সংরক্ষণ করা হয়।

ফিল্ম শাখার অধীনে রয়েছে অত্যাধুনিক বিশেষায়িত ফিল্ম ভল্ট । যেখানে -৮ ডিগ্রি থেকে +১২ ডিগ্রি পর্যন্ত মোট ৬টি বিশেষায়িত ফিল্ম ভল্টে নির্দিষ্ট তাপমাত্রায় সেলুলয়েড ফিল্ম দীর্ঘমেয়াদি সংরক্ষণ করা হয়।

**বিভিন্ন তাপমাত্রার ভল্টে সংরক্ষিত ফিল্মের ধরন (FIAF নির্দেশিত গাইডলাইন অনুসরণে)**

| ক্রমিক | ভল্টের তাপমাত্রা | ফিল্মের ধরন |
|---|---|---|
| ১. | + ১২° সেলসিয়াস | ম্যাগনেটিক টেপ, (অ্যাসিটেট ও পলিস্টার বেস): অডিও ও ভিডিও (রিল টু রিল অডিও টেপ, অডিও ক্যাসেট, ইউমেটিক, ভিএইচএস, বেটাক্যাম, ডিভি ক্যাম); হার্ডডিস্ক ড্রাইভ, সিডি, ডিভিডি, ব্লু-রে ডিস্ক, সাদাকালো ও রঙিন ফটোগ্রাফিক পেপার প্রিন্ট (ফটো অ্যালবাম, ফটোসেট) ইত্যাদি। |
| ২. | + ৮° সেলসিয়াস | সাদাকালো পলিস্টার ফিল্ম ও অ্যাসিটেট ফিল্ম (নেগেটিভ ও পজেটিভ) |
| ৩. | + ৪° সেলসিয়াস | সাদাকালো পলিস্টার ফিল্ম ও অ্যাসিটেট ফিল্ম (নেগেটিভ ও পজেটিভ) |
| ৪. | ± ০° সেলসিয়াস | সাদাকালো পলিস্টার ফিল্ম ও অ্যাসিটেট ফিল্ম (নেগেটিভ ও পজেটিভ) |
| ৫. | − ৪° সেলসিয়াস | সাদাকালো পলিস্টার ফিল্ম ও অ্যাসিটেট ফিল্ম (নেগেটিভ ও পজেটিভ) |
| ৬. | − ৮° সেলসিয়াস | সাদাকালো পলিস্টার ফিল্ম ও অ্যাসিটেট ফিল্ম (নেগেটিভ ও পজেটিভ) |

### লাইব্রেরি শাখা

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সুপরিসর ডুপ্লেক্স লাইব্রেরি বিশেষ গুরুত্ব বহন করে। চলচ্চিত্র ও মুক্তিযুদ্ধ সংশ্লিষ্ট গ্রন্থের সংগ্রহ রয়েছে এই লাইব্রেরিতে। গবেষক ও উৎসাহী পাঠকদের লাইব্রেরির সদস্যপদ গ্রহণের মাধ্যমে নিয়মিত এসকল গ্রন্থ ব্যবহারের সুযোগ রয়েছে।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের লাইব্রেরি সকল শ্রেণির পাঠক ও গবেষকদের জন্য সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত খোলা থাকে।

# ডিজিটাল ল্যাব






# ফিল্ম হসপিটাল





### স্টোর শাখা

দাপ্তরিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য স্টেশনারি, আসবাবপত্র ইত্যাদি সকল শাখার প্রয়োজন অনুযায়ী বন্টন করে থাকে।




বিগত ৩ অর্থবছরে সংগৃহীত ডিজিটালাইজ্‌ড স্বল্পদৈর্ঘ্য/পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্রের তালিকা



বিশেষায়িত লাইব্রেরির একাংশ

## বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বিশেষায়িত ফিল্ম ভল্ট








হিমাঙ্কের উপরে ও হিমাঙ্কের নীচের তাপমাত্রার বিভিন্ন ভল্টে সংরক্ষিত সাদাকালো ও রঙিন ফিল্মের নেগেটিভ ও প্রিন্ট

## ১১. প্রকাশনার তালিকা

২০০৮ সাল থেকে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে চলচ্চিত্র বিষয়ক গবেষণা ফেলোশিপ চালু করা হয়েছে। পরবর্তীতে এ সকল গবেষণাসমূহ সর্বসাধারণের সুবিধার্থে এবং বহুল প্রচারের লক্ষ্যে মুদ্রণের উদ্যোগ গ্রহণ করা হয়। এখন পর্যন্ত বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ৮৫টি গবেষণাধর্মী নিজস্ব প্রকাশনা রয়েছে (ডিসেম্বর ২০২৪ পর্যন্ত)। এ সকল প্রকাশনা ইতোমধ্যে চলচ্চিত্র পাঠক, বোদ্ধা, মিডিয়াকর্মী ও শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক সমাদৃত হয়েছে। এছাড়াও ২০টি চলচ্চিত্র সংশ্লিষ্ট বার্ষিক জার্নাল রয়েছে, যা প্রতিবছর নিয়মিত প্রকাশিত হয়ে থাকে।

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভ থেকে প্রকাশিত গ্রন্থের তালিকা (২০০৪-২০২৪)**

| ক্রম | শিরোনাম |
|---|---|
| ১. | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ২৫ বছর : রজতজয়ন্তী স্মারক গ্রন্থ, ২০০৪ |
| ২. | উদয়ন চৌধুরী, সুহৃদ জাহাঙ্গীর, ২০০৯ |
| ৩. | বাংলাদেশের শিশুতোষ চলচ্চিত্র : একটি সমাজতাত্ত্বিক সমীক্ষা, তপতী বর্মন ও ইমরান ফিরদাউস, ২০০৯ |
| ৪. | বাংলাদেশের জনপ্রিয় ধারার চলচ্চিত্র ও সিনে সাংবাদিকতার আন্তঃপ্রভাব অদিতি ফাল্গুনী গায়েন ও হুমায়রা বিলকিস, ২০০৯ |
| ৫. | WOMEN ON SCREEN : Representing Women by Women in Bangladesh Cinema Bikash Ch. Bhowmick, ২০০৯. |
| ৬. | চলচ্চিত্রের গানে ডক্টর মোহাম্মদ মনিরুজ্জামান, তপন বাগচী, ২০১০ |
| ৭. | সুমিতা দেবী, অব্যয় রহমান: প্রথম সংস্করণ ২০০৯, দ্বিতীয় সংস্করণ ২০১১ |
| ৮. | চলচ্চিত্রকার সালাহউদ্দিন, হারুনর রশীদ: প্রথম সংস্করণ ২০০৯, দ্বিতীয় সংস্করণ ২০১১ |
| ৯. | বাংলাদেশের চলচ্চিত্রে শিশুর উপস্থাপন : শিশুতোষ মনোভঙ্গির নৈতিক ও শৈল্পিক পটভূমি, ড. মো.আমিনুল ইসলাম, ২০১১ |
| ১০. | বাংলাদেশের চলচ্চিত্রের পঞ্চাশ বছর : লোকজীবনের উপস্থাপনা, ড. তপন বাগচী, ২০১১ |
| ১১. | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার পটভূমি পর্যালোচনা, মো. রফিকুল ইসলাম, ২০১১ |
| ১২. | বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র, অনুপম হায়াৎ, ২০১১ |
| ১৩. | মুক্তিযোদ্ধা শিল্পী এ. কে. এম. আব্দুর রউফ : স্মারক গ্রন্থ, ২০১১ |
| ১৪. | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিচিতি, ২০১১ |
| ১৫. | আমাদের চলচ্চিত্র, মো. ফখরুল আলম, প্রথম সংস্করণ ২০১১, দ্বিতীয় সংস্করণ ২০১২ |

| ক্রম | শিরোনাম |
|---|---|
| ১৬. | Digital Filmmaking in Bangladesh : Potential Trends and Problems, Dr. Fahmidul Haq, ২০১২. |
| ১৭. | চলচ্চিত্রকার বাদল রহমান : জীবন ও কর্ম, আবু সাঈদ মো. মেহেদী হাসান, ২০১২ |
| ১৮. | চলচ্চিত্র শিল্পী আব্দুস সামাদ : জীবন ও কর্ম, ড. রশীদ হারুন, ২০১২ |
| ১৯. | মুক্তিযুদ্ধের চলচ্চিত্রে নারী নির্মাণ, ড. কাবেরী গায়েন, ২০১২ |
| ২০. | কুশলী চিত্রগ্রাহক বেবী ইসলাম, মীর শামছুল আলম বাবু, ২০১৩ |
| ২১. | তারেক মাসুদ, রুবাইয়াৎ আহমেদ, ২০১৩ |
| ২২. | বাংলাদেশের চলচ্চিত্র সংসদ আন্দোলন : পটভূমি, আদর্শ ও লক্ষ্য এবং কার্যক্রম (১৯৬৩-২০১১), অব্যয় রহমান, ২০১৩ |
| ২৩. | লালনের জীবন নির্ভর চলচ্চিত্রে লালন দর্শনের রিপ্রেজেন্টেশন, নন্দিতা তাবাসসুম খান, ২০১৩ |
| ২৪. | অভিনয় শিল্পী সুলতানা জামান জীবন ও কর্ম, সুচিত্রা সরকার, ২০১৪ |
| ২৫. | বাংলাদেশের প্রেক্ষাগৃহ : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ, জান্নাতুল ফেরদৌস ঝুমা, ২০১৪ |
| ২৬. | বাংলাদেশের চলচ্চিত্র শিল্পে এফডিসি'র ভূমিকা : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ, মো. রাজিবুল হাসান, ২০১৪ |
| ২৭. | বাংলাদেশের যৌথ প্রযোজনার চলচ্চিত্র : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ সম্ভাবনা, মো. আরিফুর রহমান খান, ২০১৬ |
| ২৮. | বাংলাদেশের প্রামাণ্য চলচ্চিত্র : উদ্ভব, বিকাশ ও সাম্প্রতিক প্রবণতা, জাহেদুর রহমান আরমান, ২০১৬ |
| ২৯. | সাহিত্য নির্ভর বাংলাদেশের চলচ্চিত্র : নারীর অবস্থান, অনুপম হাসান, ২০১৬ |
| ৩০. | দর্শকের মুখ, তানিয়া সুলতানা ও আবুল খায়ের মোহাম্মদ আতিকুজ্জামান, ২০১৬ |
| ৩১. | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিচিতি, ২০১৬ |
| ৩২. | বাংলাদেশের চলচ্চিত্র শিল্পের বাণিজ্যিক স্বরূপ অনুসন্ধান, খান ফেরদৌস রহমান, ২০১৬ |
| ৩৩. | চিত্র সম্পাদক বশীর হোসেন, মীর শামছুল আলম বাবু, ২০১৬ |
| ৩৪. | বাংলাদেশি সিনেমার স্মৃতি জাগানিয়া গান, আসলাম আহসান, ২০১৬ |
| ৩৫. | বাংলাদেশের চলচ্চিত্রে পোস্টারের বিবর্তন : চিত্রকলা থেকে ডিজিটাল পুনরুৎপাদনের স্বরূপ বিশ্লেষণ, মো. মোশারফ হোসেন ও তানিয়া সুলতানা, ২০১৬ |

| ক্রম | শিরোনাম |
|---|---|
| ৩৬. | সিনেমার পোস্টার : ১ম খণ্ড (১৯৫৬-১৯৮৬), সম্পাদনা: ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন ও মো. জাহাঙ্গীর হোসেন, ২০১৬ |
| ৩৭. | বাংলাদেশের সিনেমার ব্যানার পেইন্টিং : বিলুপ্ত প্রায় শিল্পশৈলী, শাওন আকন্দ, ২০১৭ |
| ৩৮. | বাংলাদেশের চলচ্চিত্রে পোশাক ও রূপসজ্জা : একটি তাত্ত্বিক পর্যালোচনা, রীপা রায়, ২০১৭ |
| ৩৯. | ওবায়েদ উল হক চলচ্চিত্রকার ও সাংবাদিক : শামীমা চৌধুরী, ২০১৭ |
| ৪০. | বিবর্তনের ধারায় বাংলাদেশের চলচ্চিত্রের গান : ১৯৫৬-২০১৫, রুখসানা করিম (কানন), ২০১৭ |
| ৪১. | জহির রায়হানের চলচ্চিত্র : সমাজ ভাবনা, মিজ মাহমুদা চৌধুরী ও আয়শা আক্তার কনা, ২০১৭ |
| ৪২. | চলচ্চিত্রের আমদানি ব্যবস্থাপনা: বিতর্ক, নেপথ্যে এবং সম্ভাবনা, মো. আরিফুর রহমান খান, ২০১৮ |
| ৪৩. | বাংলাদেশের মূলধারার চলচ্চিত্রে সহকারী নারী শিল্পীর (এক্সট্রা) আর্থ-সামাজিক অবস্থা: একটি তুলনামূলক চিত্র, জয়শ্রী সরকার, ২০১৮ |
| ৪৪. | নায়ক রাজ রাজ্জাক : জীবন ও কর্ম, ইসমত জেরিন, ২০১৮ |
| ৪৫. | আমাদের চলচ্চিত্রে ’৫২-র উপস্থাপন: অনুসন্ধান ও পর্যালোচনা, নাবিল আল জাহান, ২০১৮ |
| ৪৬. | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকীর স্মারক, ২০১৮ |
| ৪৭. | কালের পরিক্রমায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ২০১৮ |
| ৪৮. | চলচ্চিত্রকার সুভাষ দত্ত : জীবন ও কর্ম, ড. মাসুদ রেজা, ২০১৯ |
| ৪৯. | শিল্পী রওশন জামিল, ড. শেখ মেহেদী হাসান, ২০১৯ |
| ৫০. | বাংলাদেশের চলচ্চিত্রে নদী, ড. আখতারুজ্জাহান, ২০১৯ |
| ৫১. | আলমগীর কবিরের চলচ্চিত্র, ফাহমিদা আক্তার, ২০১৯ |
| ৫২. | বিন্দু থেকে বৃত্তঃ একজন রেবেকার কথা, সুচিত্রা সরকার, ২০১৯ |
| ৫৩. | মুক্তিযুদ্ধের পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রে বঙ্গবন্ধু, শুভ কর্মকার, ২০২০ |
| ৫৪. | বাংলাদেশের চলচ্চিত্রে সাহিত্যের রূপান্তর ও প্রাসঙ্গিকতা, লাবনী আক্তার, ২০২০ |
| ৫৫. | বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্রে লোকজ ঐতিহ্য, তারিসা রহমান, ২০২০ |

| ক্রম | শিরোনাম |
|---|---|
| ৫৬. | শিল্পী আনোয়ার হোসেন, ইসমত জেরিন স্মিতা, ২০২০ |
| ৫৭. | বাংলাদেশের চলচ্চিত্রে বর্ষা, বরুণ দাস, ২০২০ |
| ৫৮. | আমাদের চলচ্চিত্র, মো. ফখরুল আলম; তৃতীয় সংস্করণ ২০২০ |
| ৫৯. | সিনেমার পোস্টার : ২য় খণ্ড (১৯৮৭-২০১২), সম্পাদনা: মো. নিজামূল কবীর, ২০২০ |
| ৬০. | মুক্তিযুদ্ধের প্রামাণ্যচিত্র ও বিদেশি চলচ্চিত্রে বঙ্গবন্ধু, শুভ কর্মকার, ২০২১ |
| ৬১. | আমজাদ হোসেনের চলচ্চিত্রে নারী চরিত্র, নাফিসা হোসেন, ২০২১ |
| ৬২. | Political Cinema in Bangladesh : A Dialogue with Third Cinema, Saiyeed Shahjada Al Kareem, ২০২১ |
| ৬৩. | বাংলাদেশের থার্ড সিনেমায় ফোকলোর ও সমাজ উন্নয়ন, ড. মো. হাবিবুর রহমান, ২০২১ |
| ৬৪. | BANGLADESH FILM ARCHIVE: AT A GLANCE, ২০২১ |
| ৬৫. | সিটিজেন চার্টার : বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ২০২১ |
| ৬৬. | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিচিতি, ২০২১ |
| ৬৭. | বাংলাদেশে সিনেমার ইতিহাস সংকলন : ১ম খণ্ড |
| ৬৮. | বাংলাদেশে সিনেমার ইতিহাস সংকলন : ২য় খণ্ড |
| ৬৯. | সামাজিক যোগাযোগ মাধ্যমে চলচ্চিত্র সমালোচনার স্বরূপ, মনিরা বেগম ও শাওলিন শাওন, ২০২২ |
| ৭০. | বিদেশি চলচ্চিত্রে বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপস্থাপন, ফারজানা তাসনিম পিংকি ও মো. রাগীব রহমান, ২০২২ |
| ৭১. | চলচ্চিত্র সংরক্ষণ ও পুনরুদ্ধার, শ্যামল দত্ত, ২০২২ |
| ৭২. | প্রেক্ষাগৃহে ছবি দেখা: পাঁচ দশকের বিবর্তন, কাজী এম আনিছুল ইসলাম ও মাহমুদুল হাসান, ২০২২ |
| ৭৩. | State, Identity and Diaspora in Tanvir Mokammel's Films, Muhammad Ullah, ২০২২ |
| ৭৪. | সত্য সাহার সংগীত দর্শন, ড. শামীম আরা ছন্দা, ২০২৩ |
| ৭৫. | ওটিটি প্লাটফর্ম ও বাংলাদেশের চলচ্চিত্র, মো. হুমায়ুন কবীর, ২০২৩ |
| ৭৬. | তিতাস একটি নদীর নাম ও সূর্য দীঘল বাড়ি চলচ্চিত্রে নারীবাদী অস্তিত্বের পুনর্পাঠ, লাবনী আশরাফী, ২০২৩ |

| ক্রম | শিরোনাম |
|---|---|
| ৭৭. | বাংলাদেশের চলচ্চিত্রে মধ্যবিত্তের রূপায়ণ ও নারায়ণ ঘোষ মিতা, মাশকুরা রহমান রিদম, ২০২৩ |
| ৭৮. | বাংলাদেশের চলচ্চিত্র পোস্টারের রূপ ও রূপান্তর, রাইসা জান্নাত, ২০২৩ |
| ৭৯. | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিচিতি, ২০২৩ |
| ৮০. | Introduction to Bangladesh Film Archive, ২০২৩ |
| ৮১. | চলচ্চিত্র সংগীতে আজাদ রহমান, মো. রাসেল রানা, ২০২৪ |
| ৮২. | বাংলাদেশের চলচ্চিত্রে দেশাত্মবোধক গান, আহসান উদ্দিন ভূঁইয়া, ২০২৪ |
| ৮৩. | নারী নির্মাতার চলচ্চিত্রে নারী : প্রেক্ষিত বাংলাদেশ, ড. মো: তুহিনুর রহমান, ২০২৪ |
| ৮৪. | ওটিটিতে বাংলাদেশ : চলচ্চিত্রে নতুন অন্বেষা, শুভ কর্মকার, ২০২৪ |
| ৮৫. | চলচ্চিত্রে আধুনিক প্রযুক্তি : প্রেক্ষাপট বাংলাদেশ, জান্নাতুল ফেরদৌস, ২০২৪ |



লাইব্রেরিতে অধ্যয়নরত পাঠক

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভ থেকে প্রকাশিত জার্নালসমূহ**

১। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ১ম সংখ্যা, ২০০৮

২। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ২য় সংখ্যা, ২০০৯

৩। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ৩য় সংখ্যা, ২০১০

৪। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ৪র্থ সংখ্যা, ২০১১

৫। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ৫ম সংখ্যা, ২০১২

৬। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ৬ম সংখ্যা, ২০১৩

৭। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ৭ম সংখ্যা, ২০১৪

৮। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ৮ম সংখ্যা, ২০১৫

৯। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ৯ম সংখ্যা, ২০১৫

১০। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ১০ম সংখ্যা, ২০১৬

১১। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ১১তম সংখ্যা, ২০১৬

১২। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ১২তম সংখ্যা, ২০১৭

১৩। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ১৩তম সংখ্যা, ২০১৭

১৪। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ১৪তম সংখ্যা, ২০১৮

১৫। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ১৫তম সংখ্যা, ২০১৯

১৬। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ১৬তম সংখ্যা, ২০২০

১৭। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ১৭তম সংখ্যা, ২০২১

১৮। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ১৮তম সংখ্যা, ২০২২

১৯। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ১৯তম সংখ্যা, ২০২৩

২০। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ২০তম সংখ্যা, ২০২৪

*** বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সকল প্রকাশনা ২৫% কমিশন হারে বিক্রয় করা হয়।**



লাইব্রেরিতে সংরক্ষিত বিভিন্ন নথিপত্র



লাইব্রেরিতে সংরক্ষিত চিত্রনাট্য

## ১২. গবেষণার তালিকা

গবেষণা ফেলোশিপের আওতায় ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ১৩৭টি চলচ্চিত্র সংশ্লিষ্ট নির্মাণ, সাহিত্য, ব্যক্তিত্ব, কারিগরি বিষয়াদি, প্রদর্শনী, সংরক্ষণ পদ্ধতি, চলচ্চিত্র দ্রব্যাদি, চলচ্চিত্রে প্রযুক্তির ব্যবহার, বাণিজ্যিক উপাদান ইত্যাদি নানা বিষয়ে গবেষণাকর্ম সম্পাদিত হয়েছে, যা প্রতিনিয়ত গবেষকদের নতুন বিষয়ে অনুসন্ধানের সুযোগের বিকাশ করছে।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের গবেষণাসমূহ: ১৩৭টি (২০০৮-২০২৪)

| ক্রম | শিরোনাম |
|---|---|
| ১. | বাংলাদেশের জনপ্রিয় ধারার চলচ্চিত্র ও সিনে-সাংবাদিকতার আন্তঃপ্রভাব, ২০০৮ |
| ২. | বাংলাদেশের শিশুতোষ চলচ্চিত্র : একটি সমাজতাত্ত্বিক  সমীক্ষা, ২০০৮ |
| ৩. | Women on Screen : Representing Women by Women in Bangladesh Cinema, ২০০৮ |
| ৪. | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার পটভূমি পর্যালোচনা, ২০০৯ |
| ৫. | বাংলাদেশের চলচ্চিত্রের পঞ্চাশ বছর : লোকজ জীবনের উপস্থাপনা, ২০০৯ |
| ৬. | বাংলাদেশের চলচ্চিত্রে শিশুর উপস্থাপনা : শিশুতোষ মনোভঙ্গির নৈতিক ও শৈল্পিক পটভূমি, ২০০৯ |
| ৭. | বাংলাদেশের মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র, ২০০৯ |
| ৮. | বাংলাদেশের চলচ্চিত্রের সেন্সর ব্যবস্থা : বিধি ও প্রয়োগ, ২০০৯ |
| ৯. | উদয়ন চৌধুরী, সুহৃদ জাহাঙ্গীর, ২০০৯ |
| ১০. | চলচ্চিত্রের গানে ডক্টর মোহাম্মদ মনিরুজ্জামান, তপন বাগচী, ২০১০ |
| ১১. | আলমগীর কবিরের চলচ্চিত্র : বিষয় আঙ্গিক ও নির্মাণ স্বাতন্ত্র্য, ২০১০ |
| ১২. | Digital Film making in Bangladesh : Trends, Problems and Potentials, ২০১০ |
| ১৩. | নারীদেহ ও চলচ্চিত্র : নারীবাদী চলচ্চিত্র ভাবনা ও জনপ্রিয় ধারার বাংলা চলচ্চিত্র, ২০১০ |
| ১৪. | সুমিতা দেবী, অব্যয় রহমান; প্রথম সংস্করণ ২০০৯, দ্বিতীয় সংস্করণ ২০১১ |
| ১৫. | চলচ্চিত্রকার সালাহউদ্দিন, হারুনর রশীদ; প্রথম সংস্করণ ২০০৯, দ্বিতীয় সংস্করণ ২০১১ |
| ১৬. | মুক্তিযোদ্ধা শিল্পী এ. কে. এম. আব্দুর রউফ  : স্মারক গ্রন্থ, ২০১১ |
| ১৭. | জীবনীগ্রন্থ ‘বাদল রহমান’, ২০১১ |
| ১৮. | চলচ্চিত্র শিল্পী আবদুস সামাদের জীবন ও কর্ম, ২০১১ |

| ক্রম | শিরোনাম |
|---|---|
| ১৯. | বাংলাদেশের সাহিত্যনির্ভর চলচ্চিত্রে নারীর অবস্থান নির্ণয়, ২০১১ |
| ২০. | মুক্তিযুদ্ধের চলচ্চিত্রে নারী নির্মাণ, ২০১১ |
| ২১. | বাংলাদেশে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র আন্দোলনের পূর্বাপর : ছোট ছবির বড় দায়, ২০১২ |
| ২২. | তারেক মাসুদ (জীবনীগ্রন্থ), ২০১২ |
| ২৩. | কুশলী চিত্রগ্রাহক বেবী ইসলাম, ২০১২ |
| ২৪. | বাংলা চলচ্চিত্রে লালন দর্শনের রিপ্রেজেন্টেশন, ২০১২ |
| ২৫. | মূলধারার চলচ্চিত্রে পছন্দের উপাদান নির্ধারণ : দর্শক ও নির্মাতার দৃষ্টিকোণ, ২০১২ |
| ২৬. | বাংলাদেশের চলচ্চিত্র সংসদ আন্দোলন : পটভূমি, আদর্শ ও লক্ষ্য কার্যক্রম (১৯৬৩-২০১১), ২০১২ |
| ২৭. | চলচ্চিত্র শিল্পী সুলতানা জামান : জীবন ও কর্ম, ২০১৩ |
| ২৮. | সাধন রায় : একজন সৃষ্টিশীল চিত্রগ্রাহক, ২০১৩ |
| ২৯. | হুমায়ূন আহমেদের চলচ্চিত্র : চিরায়ত রসবোধ, ২০১৩ |
| ৩০. | ওবায়েদ উল হক : চলচ্চিত্রকার ও সাংবাদিক, ২০১৩ |
| ৩১. | বাংলাদেশের চলচ্চিত্রে প্রেক্ষাগৃহ : অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ, ২০১৩ |
| ৩২. | বাংলাদেশের চলচ্চিত্র শিল্পে এফডিসির ভূমিকা : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ, ২০১৩ |
| ৩৩. | সেলুলয়েডের অশ্বারোহী আব্দুল জব্বার খান, ২০১৩ |
| ৩৪. | নাজির আহমদ : বাংলাদেশের চলচ্চিত্রের উন্মেষকালের স্থপতি, ২০১৪ |
| ৩৫. | বাংলাদেশের প্রামাণ্য চলচ্চিত্র : উদ্ভব, বিকাশ ও সাম্প্রতিক প্রবণতা, ২০১৪ |
| ৩৬. | বাংলাদেশের যৌথ প্রযোজনায় চলচ্চিত্র : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ সম্ভাবনা, ২০১৪ |
| ৩৭. | বাংলাদেশের বাণিজ্যিক সিনেমার সংলাপ, ২০১৪ |
| ৩৮. | বাংলা সিনেমার বাজার যাচাই : দর্শক প্রবণতা এবং সন্তুষ্টির মাত্রা বিশ্লেষণ, ২০১৪ |
| ৩৯. | চলচ্চিত্রকার সুভাষ দত্ত : জীবন ও কর্ম, ২০১৪ |

| ক্রম | শিরোনাম |
|---|---|
| ৪০. | চিত্র সম্পাদক বশীর হোসেন, ২০১৫ |
| ৪১. | Patterns of Romantic Love Relationship in contemporary Bangladeshi Film : An Exploration from Psychological Perspective, ২০১৫. |
| ৪২. | বাংলাদেশি সিনেমার স্মৃতি জাগানিয়া গান, ২০১৫ |
| ৪৩. | আব্দুল্লাহ আল মামুন-এর চলচ্চিত্রে নারী চরিত্র : নন্দনতাত্ত্বিক বিশ্লেষণ, ২০১৫ |
| ৪৪. | বাংলাদেশের চলচ্চিত্রে পোস্টার : চিত্রকলা থেকে ডিজিটাল পুনরুৎপাদনের স্বরূপ বিশ্লেষণ, ২০১৫ |
| ৪৫. | বাংলাদেশের চলচ্চিত্র শিল্পের স্বরূপ সন্ধান : সম্ভাবনা ও জনপ্রত্যাশা, ২০১৫ |
| ৪৬. | চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি : একটি গবেষণা প্রস্তাবনা, ২০১৫ |
| ৪৭. | সমসাময়িক বাংলাদেশি চলচ্চিত্রে রোমান্টিক সম্পর্কের ধরন : মনস্তাত্ত্বিক দৃষ্টিভঙ্গির প্রেক্ষিতে অন্বেষণ, ২০১৫ |
| ৪৮. | জহির রায়হানের চলচ্চিত্র : সমাজ ভাবনা, ২০১৬ |
| ৪৯. | বাংলাদেশের নারী চলচ্চিত্র নির্মাতাদের পথিকৃৎ রেবেকা, ২০১৬ |
| ৫০. | বিবর্তনের ধারায় বাংলাদেশের চলচ্চিত্রের গান, ২০১৬ |
| ৫১. | বাংলাদেশের সিনেমার ব্যানার পেইন্টিং : বিলুপ্ত প্রায় শিল্পশৈলী, ২০১৬ |
| ৫২. | From Words to Images : Zahir Raihan`s Reading of Literature, ২০১৬ |
| ৫৩. | বাংলাদেশের প্রামাণ্য চিত্রের ভাষা, ২০১৬ |
| ৫৪. | বাংলাদেশের চলচ্চিত্রে পোশাক ও রূপসজ্জা- একটি তাত্ত্বিক পর্যালোচনা, ২০১৬ |
| ৫৫. | বাংলাদেশের চলচ্চিত্র শিল্পে বিপণনের সমস্যা এবং সম্ভাবনা, ২০১৬ |
| ৫৬. | বরেণ্য চলচ্চিত্রকার মহিউদ্দিন, ২০১৬ |
| ৫৭. | Socio-economic viability of film industry: Recent scenario of Bangladesh film market, ২০১৭. |
| ৫৮. | চলচ্চিত্রের আমদানি ব্যবস্থাপনা : বিতর্ক, নেপথ্যে এবং সম্ভাবনা, ২০১৭ |

| ক্রম | শিরোনাম |
|---|---|
| ৫৯. | বাংলাদেশের মূলধারার চলচ্চিত্রে সহকারী নারী শিল্পীর (এক্সট্রা) আর্থ-সামাজিক অবস্থা : একটি তুলনামূলক চিত্র, ২০১৭ |
| ৬০. | চলচ্চিত্রের সংগীত পরিচালক সমর দাস (১৯২৪-২০০৫) : জীবন ও কর্ম, ২০১৭ |
| ৬১. | পথিকৃৎ চিত্রগ্রাহক কিউ. এম. জামান, ২০১৭ |
| ৬২. | হীরালাল সেন সত্যাগ্রহ : নব পাঠের সন্ধানে, ২০১৭ |
| ৬৩. | নায়করাজ রাজ্জাক : জীবন ও কর্ম, ২০১৭ |
| ৬৪. | আমাদের চলচ্চিত্রে '৫২-র উপস্থাপন : অনুসন্ধান ও পর্যালোচনা, ২০১৭ |
| ৬৫. | চলচ্চিত্র শিল্প বিকাশে সাংবাদিকতার দায়বদ্ধতা, ২০১৭ |
| ৬৬. | মোরশেদুল ইসলামের চলচ্চিত্র : শিশু-কিশোর ভাবনার সমাজ ও মনস্তাত্ত্বিক বিশ্লেষণ, ২০১৭ |
| ৬৭. | চলচ্চিত্র সাংবাদিক আহমদ জামান চৌধুরীর (আজাচৌ) জীবন ও কর্ম, ২০১৭ |
| ৬৮. | বাংলাদেশের চলচ্চিত্রে নদী, ২০১৮ |
| ৬৯. | খান আতাউর রহমানের বিষয়বৈচিত্র্য ও নির্মাণশৈলী |
| ৭০. | চলচ্চিত্র নির্মাণ ও অভিনয় |
| ৭১. | রওশন জামিল : সরল জীবনের শিল্পী, ২০১৮ |
| ৭২. | এস এম পারভেজের (সৈয়দ মোহাম্মদ পারভেজ) জীবন ও কর্ম, ২০১৮ |
| ৭৩. | বাংলাদেশের চলচ্চিত্রের প্লেব্যাক : নির্বাচিত ১০ কণ্ঠশিল্পী, ২০১৮ |
| ৭৪. | বাংলাদেশে চলচ্চিত্র প্রযোজনার ইতিবৃত্ত, প্রতিষ্ঠান ও কার্যক্রম (১৯৫৬-২০১৭) , ২০১৮ |
| ৭৫. | বাংলাদেশের চলচ্চিত্রে শব্দের ব্যবহার, ২০১৮ |
| ৭৬. | বাংলা চলচ্চিত্রে দেশ ভাগের স্মৃতি রূপায়ণ, ২০১৮ |
| ৭৭. | জহির রায়হানের চলচ্চিত্রে কারিগরি উৎকর্ষতা, ২০১৮ |
| ৭৮. | Unlawful killing in Bangladeshi Cinema : an analysis based on social reciprocity, ২০১৮ |
| ৭৯. | স্বাধীনতা-পরবর্তী সময়ে বাংলাদেশে বিজ্ঞাপন চলচ্চিত্রের ইতিবৃত্ত, ২০১৮ |

| ক্রম | শিরোনাম |
|---|---|
| ৮০. | সৈয়দ হাসান ইমাম-এর জীবন ও কর্ম, ২০১৯ |
| ৮১. | Representation of the Historical 7th March Speech of Bangabandhu in the Films of Liberation War of Bangladesh, ২০১৯ |
| ৮২. | বাংলার পটের গান : বিশ্ব চলচ্চিত্র ইতিহাসের একটি উপেক্ষিত অধ্যায় উন্মোচন, ২০১৯ |
| ৮৩. | বাংলাদেশের চলচ্চিত্রে বর্ষা, ২০১৯ |
| ৮৪. | বাংলাদেশে চলচ্চিত্র বিষয়ে প্রাতিষ্ঠানিক শিক্ষার অতীত ও বর্তমান, ২০১৯ |
| ৮৫. | সুদক্ষ অভিনেতা আনোয়ার হোসেন : জীবন ও কর্ম, ২০১৯ |
| ৮৬. | বাংলাদেশের লোক-কাহিনি ভিত্তিক চলচ্চিত্রে নারী চরিত্রের উপস্থাপনা, ২০১৯ |
| ৮৭. | মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্রে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর উপস্থাপন : একটি পর্যালোচনা, ২০১৯ |
| ৮৮. | মুক্তিযুদ্ধের ইতিহাস সংরক্ষণে চলচ্চিত্রের ভূমিকা, ২০১৯ |
| ৮৯. | বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্রে লোকজ ঐতিহ্য, ২০১৯ |
| ৯০. | বাংলা চলচ্চিত্রে জেন্ডার বৈষম্য : একটি পর্যালোচনা, ২০১৯ |
| ৯১. | বাংলাদেশের চলচ্চিত্রে সাহিত্যের রূপান্তর ও প্রাসঙ্গিকতা, ২০১৯ |
| ৯২. | Representation of Visual Language and Aesthetics in the film of Zohir Raihan, ২০১৯ |
| ৯৩. | আমজাদ হোসেনের চলচ্চিত্রে নারী চরিত্র, ২০২০ |
| ৯৪. | Political Cinema in Bangladesh: A Dialogue with Third Cinema, ২০২০ |
| ৯৫. | বাংলাদেশের চলচ্চিত্রে থার্ড সিনেমার বৈশিষ্ট্য ও ফোকলোরের স্বরূপ : টেকসই সমাজ উন্নয়নে ভূমিকা বিশ্লেষণ, ২০২০ |
| ৯৬. | মুক্তিযুদ্ধের চলচ্চিত্রে রাজাকারের উপস্থাপন : একটি পর্যালোচনা, ২০২০ |
| ৯৭. | বাংলাদেশের চলচ্চিত্রে সমাজ ভাবনা, ২০২০ |
| ৯৮. | Film Festivals in Bangladesh: Limitations and Recommendations, ২০২০ |

| ক্রম | শিরোনাম |
|---|---|
| ৯৯. | মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্যচিত্র ও বিদেশে নির্মিত চলচ্চিত্রে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর উপস্থাপন অনুসন্ধান, ২০২০ |
| ১০০. | বাংলাদেশের জাতীয় চলচ্চিত্র ভাষা (National Cinema Language) বিনির্মাণে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের ভূমিকা, ২০২০ |
| ১০১. | চলচ্চিত্রকার শেখ নিয়ামত আলী : জীবন ও কর্ম, ২০২১ |
| ১০২. | চলচ্চিত্র সংরক্ষণ, পুনরুদ্ধার ও আধুনিকীকরণের সংকট এবং সম্ভাবনা, ২০২১ |
| ১০৩. | Diaspora in Tanvir Mokammel's two documentaries Border Line and The Promised Land : An explanation from the perspective of geo-cultural identity theory, ২০২১ |
| ১০৪. | সামাজিক সিনেমার বরেণ্য চলচ্চিত্র নির্মাতা কাজী জহির : জীবন ও কর্ম, ২০২১ |
| ১০৫. | প্রেক্ষাগৃহে ছবি দেখা : পাঁচ দশকের বিবর্তন, ২০২১ |
| ১০৬. | বিদেশি চলচ্চিত্রে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের উপস্থাপন, ২০২১ |
| ১০৭. | আমাদের চলচ্চিত্রের বিবর্তন : ১৯৫৬-২০২০, ২০২১ |
| ১০৮. | ডিজিটাল ফিল্ম ক্রিটিক : চলচ্চিত্র উন্নয়নে নতুন পথপ্রদর্শক, ২০২১ |
| ১০৯. | বাংলাদেশের চলচ্চিত্রে প্রাকৃতিক দুর্যোগ উপস্থাপন ও তার ব্যবস্থাপনার স্বরূপ বিশ্লেষণ, ২০২১ |
| ১১০. | বাংলাদেশের চলচ্চিত্র প্রদর্শনে ওটিটি প্লাটফর্ম: সংকট ও সম্ভাবনার স্বরূপ অনুসন্ধান, ২০২২ |
| ১১১. | বাংলাদেশের চলচ্চিত্রে নৃগোষ্ঠী : বহুমাত্রিক সংস্কৃতির উপস্থাপন কৌশল বিশ্লেষণ, ২০২২ |
| ১১২. | চলচ্চিত্র সংরক্ষণের সনাতন ও আধুনিক পদ্ধতি : একটি তুলনামূলক পর্যালোচনা/বিশ্লেষণ (Contemporary Analysis), ২০২২ |
| ১১৩. | সুরকার ও সংগীত পরিচালক সত্য সাহার সংগীত দর্শন, ২০২২ |
| ১১৪. | বাংলা চলচ্চিত্রে পাঁচ দশকে কবরী, ২০২২ |
| ১১৫. | বাংলাদেশের মূলধারা চলচ্চিত্র পোস্টারের রূপ ও রূপান্তর : একটি সামাজিক অনুসন্ধান, ২০২২ |
| ১১৬. | বাংলাদেশের চলচ্চিত্রে মধ্যবিত্তের রূপায়ন ও নারায়ণ ঘোষ মিতা, ২০২২ |
| ১১৭. | বাংলাদেশি চলচ্চিত্রে ফলি আর্ট : কারিগরি ও নন্দনতাত্ত্বিক বিশ্লেষণ, ২০২২ |

| ক্রম | শিরোনাম |
|---|---|
| ১১৮. | তিতাস একটি নদীর নাম ও সূর্য দীঘল বাড়ি চলচ্চিত্রে বাসন্তী ও জয়গুনের নারীবাদী অস্তিত্বের পুনর্পাঠ, ২০২২ |
| ১১৯. | বাংলাদেশে নারী নির্মাতার চলচ্চিত্রে নারীর ক্ষমতায়ন, ২০২৩ |
| ১২০. | চলচ্চিত্র নির্মাণে আধুনিক প্রযুক্তির ব্যবহার : বাংলাদেশ প্রেক্ষিত, ২০২৩ |
| ১২১. | সত্তর দশকে বাংলাদেশের চলচ্চিত্র : শিল্পরূপ ও সাংস্কৃতিক প্রভাব, ২০২৩ |
| ১২২. | ওটিটি প্লাটফর্মে বাংলাদেশি চলচ্চিত্র, ২০২৩ |
| ১২৩. | স্বাধীনতাত্তোর বাংলাদেশের চলচ্চিত্রে দেশাত্মবোধক গানের বৈশিষ্ট্য বিশ্লেষণ, ২০২৩ |
| ১২৪. | চলচ্চিত্র সংগীতে আজাদ রহমান, ২০২৩ |
| ১২৫. | বাংলাদেশের মুক্তিসংগ্রামে চলচ্চিত্র, ২০২৩ |
| ১২৬. | বাংলাদেশের চলচ্চিত্র লোকউৎসব : নান্দনিক পরিসর ও তাত্ত্বিক পর্যালোচনা, ২০২৩ |
| ১২৭. | নাসির উদ্দিন ইউসুফ-এর চলচ্চিত্রে মুক্তিযুদ্ধ ও সমাজ ভাবনা, ২০২৩ |
| ১২৮. | হুমায়ূন আহমেদের চলচ্চিত্রের শিল্পরূপ, ২০২৩ |
| ১২৯. | বাংলাদেশের চলচ্চিত্রে গ্রামীণ সমাজজীবনের প্রতিফলন, ২০২৪ |
| ১৩০. | বাংলাদেশের চলচ্চিত্রে শরৎ সাহিত্য : মানবিক সম্পর্কের প্রেক্ষাপট, ২০২৪ |
| ১৩১. | বাংলাদেশের চলচ্চিত্রে আইটেম সং : জনপ্রিয় সংস্কৃতি ও প্রায়োগিক ফোকলোর অবলোকন, ২০২৪ |
| ১৩২. | The Emergence of Auteur perspective among Bangladesh Your Directors : A Comparative Analysis, ২০২৪ |
| ১৩৩. | চলচ্চিত্রে বঙ্গবন্ধুর সংগ্রামী জীবন : বাংলাদেশ ও বিশ্বপ্রেক্ষিত, ২০২৪ |
| ১৩৪. | বিদেশি চলচ্চিত্রে বাংলাদেশি শিল্পীদের ভূমিকা মূল্যায়ন, ২০২৪ |
| ১৩৫. | রবীন্দ্র্যসাহিত্যের চলচ্চিত্রায়ন : একটি নন্দনতাত্ত্বিক পর্যালোচনা, ২০২৪ |
| ১৩৬. | বাংলাদেশের ব্যবসাসফল চলচ্চিত্র ও দর্শক রুচির পর্যবেক্ষণ, ২০২৪ |
| ১৩৭. | শর্মিলী আহমেদ : অভিনয়শিল্পের স্বাতন্ত্র্য, ২০২৪ |

## ১৩. উদ্ভাবন ও সেবা সহজিকরণ

উদ্ভাবন কার্যক্রমের আওতায় ২০১৬-২০২৪ পর্যন্ত বাংলাদেশ ফিল্ম আর্কাইভ নিম্নবর্ণিত মোট নয়টি উদ্ভাবনী কার্যক্রম সম্পন্ন করেছে:

| | | |
|---|---|---|
| ১. | ফিল্ম ম্যানেজম্যান্ট সিস্টেম | বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষিত বিভিন্ন ফরমেট (ফিল্ম, সিডি/ডিভিডি, হার্ডড্রাইভ, পেনড্রাইভ, ভিএইচ)-এর সংরক্ষিত ফিল্মের ডিজিটাল ডাটাবেজ এবং এর সংরক্ষণের স্থান সম্পর্কে তাৎক্ষণিক তথ্যের প্রয়োজন হয়। বর্তমানে সিস্টেম পরিমার্জন করে আর্ন্তজাতিক মানের ডিজিটাল ফিল্ম ম্যানেজমেন্ট সিস্টেম-২য় পর্যায় বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে। ফলে সেবাগ্রহণকারীদের সঠিক তথ্য প্রদান সহজতর হবে। লিংক: http://ofc.bfa.gov.bd/bfa/ |
| ২. | বিএফএ অ্যাপস | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ আর্ন্তজাতিক দুইটি সংস্থা FIAF (Federation of International Film Archives) এবং IASA (International Association of Sound and Audiovisual Archives)-এর সদস্য। এছাড়া ফিল্ম বিষয়ক গবেষণা, আলোচনা, সেমিনার, সিম্পোজিয়াম অনুষ্ঠান, চলচ্চিত্র প্রদর্শন, অধ্যয়ন, ফিল্ম অ্যাপ্রিসিয়েশন কোর্স ইত্যাদির জন্য সহায়ক ফিল্ম হসপিটাল, আধুনিক ফিল্ম চেকিং রুম, ডিজিটাল ফিল্ম ক্লিনিং ল্যাব, দুইটি ফিল্ম ডিজিটালাইজেশন ল্যাব, অ্যালামনাই কর্নার, উৎসব আয়োজন অফিস, অতিথি কক্ষ, ক্যাফেটেরিয়া, ফিল্ম মিউজিয়াম ইত্যাদি অবকাঠামোগত সুবিধাসহ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বিভিন্ন তথ্যাদি ডায়নামিকভাবে বিশ্বব্যাপী উপস্থাপনের লক্ষ্যে অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেমের জন্য অ্যাপস নির্মাণ করা হয়েছে। Google play store থেকে অ্যাপসটি ডাউনলোড করা যাবে। |
| ৩. | অনলাইন ফটো গ্যালারি ও পেমেন্ট সিস্টেম | বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ১৮,০০০(আঠারো হাজার)-এর অধিক স্থিরচিত্র, পোস্টার সংরক্ষিত আছে। অনলাইন আবেদনপত্রসহ ৬০০০(ছয় হাজার) স্থিরচিত্র, পোস্টার সংবলিত একটি ওয়েব পোর্টাল করা হয়েছে । লিংক: Photo.bfa.gov.bd |
| ৪. | অনলাইন গেটপাস সিস্টেম | বাংলাদেশ ফিল্ম আর্কাইভে আগত অতিথি সম্পর্কিত ডিজিটাল ডাটাবেজ তৈরি এবং প্রতিদিনের উপস্থিত অতিথিদের নাম বড় স্ক্রিনে প্রদর্শন করা হয়। ফলে, অনাহূত যে-কোনো প্রবেশ সম্পর্কে কর্তৃপক্ষ জানতে পারেন। লিংক: http://gpms.bfa.gov.bd/ |
| ৫. | লাইব্রেরির তথ্য সম্পর্কিত সফটওয়্যার | লাইব্রেরিতে বিদ্যমান বই, চিত্রনাট্য ও পোস্টার সম্পর্কিত সংরক্ষণের এবং অবস্থানজনিত তথ্য জানা যাবে। লিংক: http://library.bfa.gov.bd/ |
| ৬. | ডিজিটাল বুক শেলফ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিজস্ব চলচ্চিত্র সংশ্লিষ্ট প্রকাশনা ও জার্নাল রয়েছে। ইতোমধ্যে ৭০টি চলচ্চিত্র সংশ্লিষ্ট গ্রন্থ ও ২০টি প্রকাশিত জার্নাল সংবলিত একটি ওয়েব পোর্টাল করা হয়েছে। গ্রন্থ বা জার্নাল কিনতে ইচ্ছুকরা অনলাইনে অর্ডার প্রদান করে, অর্থ প্রাপ্তি প্রদান সাপেক্ষে কুরিয়ারে গ্রন্থ/জার্নাল প্রেরণ করা হয়। লিংক- http://book.bfa.gov.bd |

| | | |
|---|---|---|
| ৭. | অনলাইন ফিল্ম ডোনেশন বক্স | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ 'ফিল্ম ডোনেশন বক্স' সুবিধা চালু করেছে। যে-কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান চাইলে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে তার ফিল্মটি ডোনেট করতে পারবেন।<br>ফিল্ম ডোনেট করার জন্য আপনাকে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে রেজিস্ট্রেশন করে ফিল্ম আপলোড অথবা লিংক এবং ফিল্ম সংক্রান্ত তথ্য প্রেরণ করতে পারবেন। |
| ৮. | একটি অনলাইন সাধারণ আবেদন (কমন) ফরম | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রত্যাশীগণ এই আবেদন ফরম অনুযায়ী অনলাইনে আবেদন করতে পারবেন।<br>সেবা প্রত্যাশী https://form.bfa.gov.bd লিংকে প্রবেশ করে আবেদন করতে পারবেন। এক্ষেত্রে, বাংলা এবং ইংরেজি দুই ভাষায় আবেদনের সুযোগ রয়েছে।<br>আবেদন, আবেদনের জন্য প্রয়োজনীয় তথ্য ও জমা দিন - এই তিনটি ধাপে আবেদনের অগ্রগতি সম্পর্কে জানা যাবে এবং আবেদনের প্রক্রিয়া সম্পন্ন হবে।<br>ড্রপ ডাউন বাটনে ক্লিক করলে দপ্তরের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা নির্ধারণ করা যাবে। সেবা নির্ধারণ করার সাথে প্রয়োজনীয় কাগজপত্র বা মূল্যমান যদি থাকে সে সর্ম্পকে জানতে পারবে। সেবা নির্ধারণ করার পরবর্তী ধাপে যাওয়ার বিষয়ে ইন্ডিকেটর রয়েছে। সেবা প্রত্যাশী তার আবেদনটি পরবর্তীতে প্রেরণের জন্য খসড়া হিসেবে সংরক্ষণ করতে পারেন।<br>এ পর্যায়ে সেবা প্রত্যাশীর নাম, অ্যাড্রেস, মোবাইল নম্বর ও প্রয়োজনীয় তথ্য সংবলিত ফরম পূরণ করে আইডি ও পাসকোড Create করতে হবে এবং সেবার জন্য প্রয়োজনীয় কাগজপত্র সংযোজন করার ব্যবস্থা রয়েছে। আর যদি সেবার মূল্যমান থাকে, তবে নির্ধারিত বিকাশ নম্বরে বিকাশ করে ট্রানজেকশন আইডি প্রদানের মাধ্যমে আবেদন প্রক্রিয়া সম্পন্ন হবে। এখন জমা দিন বাটনে ক্লিক করলে সেবা প্রত্যাশীর আবেদনটি দাপ্তরিক ই-মেইল অ্যাড্রেসে চলে আসবে । সিস্টেম অ্যাডমিন বা সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত অ্যাডমিন বিষয়টি মহাপরিচালক মহোদয়ের ডি-নথির ডাক ফাইলে আপলোড করবেন। |
| ৯. | বাংলাদেশে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রের অনলাইন ডাটাবেজ | ১৯৫৬ সালে আব্দুল জব্বার খান-এর *মুখ ও মুখোশ* (১৯৫৬) চলচ্চিত্র নির্মাণের মাধ্যমে এদেশে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের যাত্রা শুরু হয়। প্রতিষ্ঠাকাল থেকে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ এই সকল চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদি সংরক্ষণে কাজ করে যাচ্ছে। বর্তমানে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে বিভিন্ন ফরমেটে চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র ও সংবাদচিত্র সংগ্রহের সংখ্যা ১১,৬১৭টি (ডিসেম্বর ২০২৪ পর্যন্ত)।<br>২০২৩-২৪ অর্থবছরে একটি সেবা সহজীকরণের আওতায় 'বাংলাদেশের মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রের ডাটাবেজ' বাস্তবায়ন উদ্যোগ বাস্তবায়ন করা হয়েছে। *মুখ ও মুখোশ* (১৯৫৬) থেকে অদ্যাবধি (জুন ২০২৩) পর্যন্ত মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রের পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রণয়ন পূর্বক সিস্টেম বাস্তবায়নে তথ্য সহায়তার জন্য বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক-পরিবেশক সমিতি, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড এবং বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন থেকে প্রাপ্ত তথ্য ব্যবহার করা হয়েছে। |

## ১৪. মাইগভ সেবাসমূহ

www.mygov.bd পোর্টাল অথবা myGov অ্যাপ-এর মাধ্যমে সরকারি দাপ্তরিক সেবা প্রাপ্তিতে নতুন দ্বার উন্মোচন।

নাগরিক ব্যবহার বিধিঃ

www.mygov.bd পোর্টাল অথবা myGov অ্যাপে প্রথমে যেতে হবে। অতঃপর রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করে সংশ্লিষ্ট পেজে যেতে হবে। এবার নির্ধারিত টেক্সট বক্সে নাম এবং মোবাইল নম্বর লিখে 'রেজিস্ট্রেশন করুন' বাটনে ক্লিক করতে হবে। এসময় গ্রাহকের মোবাইলে ৬ সংখ্যার OTP নম্বর যাবে। OTP ভেরিফিকেশন শেষ হলে পাসওয়ার্ড প্রদান করতে হবে। এক্ষেত্রে OTP নম্বরকে পাসওয়ার্ড হিসেবে ব্যবহার করা যাবে অথবা নিজের মতো পাসওয়ার্ড প্রদান করা যাবে। এভাবে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন হবে। প্রয়োজনীয় তথ্যাদি বা সেবা প্রাপ্তিতে কোনো অনুসন্ধানের জন্য সচরাচর জিজ্ঞাসাতে সকল তথ্য পাওয়া যাবে।

মাইগভ প্যাটফর্মে (www.mygov.bd) বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিম্নোক্ত ১১টি সেবা প্রাপ্তিতে অনলাইনে আবেদন ও সেবা প্রাপ্তির সুযোগ রয়েছেঃ

১. তথ্য প্রাপ্তির আবেদনপত্র (BFA) ২. সাপ্তাহিক চলচ্চিত্র প্রদর্শন (BFA) ৩. বিশেষভাবে চলচ্চিত্র প্রদর্শন (BFA) ৪. নন-কপিরাইট আইটেম সরবারহ ৫. কপিরাইট  আইটেম সরবারহ ৬. পোস্টার ও স্থিরচিত্রের ব্যবহার (BFA) ৭. লাইব্রেরি সদস্যপদ ৮. লাইব্রেরি সদস্যপদ নবায়ন ৯. ফিল্ম মিউজিয়াম পরিদর্শন (BFA) ১০. যৌথ আয়োজনে চলচ্চিত্র উৎসব/চলচ্চিত্র প্রদর্শনী আয়োজন (BFA) চলচ্চিত্র/তথ্যচিত্র/প্রামাণ্যচিত্র  এবং ১১. চলচ্চিত্র সংক্রান্ত সাময়িকী, প্রকাশনা ও মিউজিয়াম সংশ্লিষ্ট সামগ্রী জমা দান।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) অনুযায়ী ১১টি সেবার জন্য (https://www.mygov.bd) লিংকে ক্লিক করে সেবা গ্রহণের প্রয়োজনীয় ধাপ সম্পন্ন করতে হবে।




মাইগভ ওয়েবসাইটে (এক ঠিকানায় সরকারি সেবা) ইউজার আইডি পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ, ৪ঠা এপ্রিল ২০২৪

# ১৫. প্রকল্প

### সমাপ্ত প্রকল্প

চলচ্চিত্র সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন, ডিজিটাল পদ্ধতিতে সনাতন চলচ্চিত্রের সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যক্রম পুনরুদ্ধারকরণ প্রকল্প।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জুলাই ২০০৬ - জুন ২০১৩ মেয়াদে প্রায় ২২ কোটি টাকা ব্যয়ে 'চলচ্চিত্র সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন, ডিজিটাল পদ্ধতিতে সনাতন চলচ্চিত্রের সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যক্রম পুনরুদ্ধারকরণ' শীর্ষক একটি  প্রকল্প বাস্তবায়ন করেছে। এ প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত অত্যাধুনিক যন্ত্রপাতিসমূহ আমদানি করে ডিজিটাল ফিল্ম ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে।

প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিসমূহ হচ্ছে:

১. হাই রেজুলেশন ডিজিটাল ফিল্ম স্ক্যানার

২. ফিল্ম রেস্টোরেশন ইউনিট

৩. কালার কারেকশন ইউনিট

৪. সাউন্ড রিপ্রোডিউসার

৫. নন-লিনিয়ার এডিটিং প্যানেল

৬. ফিল্ম এডিটিং মেশিন

৭. ফিল্ম ক্লিনিং মেশিন

৮. ৩৫ মিমি প্রজেক্টর

৯.ফিল্ম রিউইন্ডিং মেশিন

১০. পোস্টার স্ক্যানার

১১. পোস্টার লেমিনেটিং মেশিন

১২. প্রফেশনাল ভিডিও ক্যামেরা

১৩. ফিল্ম রেকর্ডার ও

১৪. ডাটাবেজ সার্ভার ও ওয়ার্কস্টেশন ।

### বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ (সংশোধিত) প্রকল্প

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ (সংশোধিত) প্রকল্প (জুলাই ২০১০-জুন ২০১৪)-এর আওতায়  বাংলাদেশের চলচ্চিত্র কেন্দ্রিক সংস্কৃতির বিকাশ ও সংরক্ষণে ঢাকার আগারগাঁও' প্রশাসনিক এলাকা- এফ/৫ প্লটে ১.১২ একর জমির ওপর ১২ তলার ফাউন্ডেশনে ১ম পর্যায়ে ১টি বেজমেন্টসহ ৭ম তলা ভবন নির্মিত হয়েছে। সুপার স্ট্রাকচার বিশিষ্ট এ ভবন অডিটোরিয়াম, টাওয়ার ও ভল্ট এরিয়া এ তিনটি  অংশে বিভক্ত। এ ভবনের প্রতিটি তলায় ৩ হাজার বর্গফুট আয়তন বিশিষ্ট বিশেষ তাপমাত্রা ও আর্দ্রতার ফিল্ম ভল্ট এবং ফিল্ম ল্যাবরেটরি, ফিল্ম মিউজিয়াম, ফিল্ম হসপিটাল, ফিল্ম সেন্টার, অডিটোরিয়াম, প্রজেকশন হল, ফেস্টিভ্যাল অফিস, অ্যালামনাই কর্নার, কনফারেন্স সেন্টার, লাইব্রেরি, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রশাসনিক ইউনিট, ক্যাফেটেরিয়া, অতিথি কক্ষ, সভাকক্ষ প্রভৃতি সুবিধা রয়েছে।

**চলমান প্রকল্প**

## দেশি ও বিদেশি উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি প্রকল্প

প্রায় ৬২ কোটি টাকা ব্যয় সংবলিত 'দেশি ও বিদেশি উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' (জুলাই ২০২১-জুন ২০২৫) শীর্ষক একটি উন্নয়ন প্রকল্প চলমান।

**প্রকল্পের তথ্যাদি**

| ক্রমিক | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ১. | প্রকল্পের নাম ও কোড | দেশি ও বিদেশি উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি (২২৪৩৪৬৫০০) |
| ২. | উদ্যোগী মন্ত্রণালয় | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| ৩. | বাস্তবায়নকারী সংস্থা | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ |
| ৪. | সেক্টর | ধর্ম, সংস্কৃতি ও বিনোদন |
| ৫. | সাব-সেক্টর | গণযোগাযোগ |
| ৬. | জাতিসংঘের Classification of the Functions of Government (COFOG) অনুযায়ী | ক) মূল: ধর্ম, সংস্কৃতি ও বিনোদন<br>খ) গৌণ: সম্প্রচার ও প্রকাশনা সেবা<br>গ) বিস্তারিত: সম্প্রচার ও প্রকাশনা সেবা |
| ৭. | প্রকল্পের প্রধান উদ্দেশ্য | ক) বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষণের লক্ষ্যে দেশি ও বিদেশি উৎস থেকে ছড়িয়ে ছিটিয়ে থাকা মহান মুক্তিযুদ্ধের অডিও-ভিডিও ফুটেজ সংগ্রহ করা।<br>খ) বাংলাদেশ ফিল্ম আর্কাইভে আধুনিক ফিল্ম মিউজিয়াম স্থাপন।<br>গ) ৪০০ জন মুক্তিযোদ্ধার সাক্ষাৎকার গ্রহণ ও তার ভিত্তিতে তথ্যচিত্র নির্মাণ করা।<br>ঘ) প্রশিক্ষণ, ওয়ার্কশপ ও বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি করা।<br>ঙ) ইউনেস্কো ও ফিয়াফ (ইন্টারন্যাশনাল ফেডারেশন অব ফিল্ম আর্কাইভস'র সুপারিশ ও নির্দেশনা মোতাবেক ফিল্ম প্রিজারভেশন অ্যান্ড রেস্টোরেশন সিস্টেম আধুনিক ও শক্তিশালীকরণ। |
| ৮. | বাস্তবায়নকাল | ১লা জুলাই ২০২১ থেকে ৩০শে জুন ২০২৫ |

*** বর্তমানে উল্লিখিত প্রকল্পের কার্যক্রম স্থগিত রেখে 'দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান ২০২৪-এর অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক একটি নতুন প্রকল্প চালুর কার্যক্রম চলমান রয়েছে।**

## ১৬. আর্ন্তজাতিক সংস্থার সদস্যপদ

### ফিয়াফ (FIAF)

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ১৯৮০ সালে সারা বিশ্বের ফিল্ম আর্কাইভসমূহের বিশ্ব সংস্থা International Federation of Film Archives (FIAF)-এর সদস্যপদ লাভ করে। ফিয়াফের সদস্যদেশ সমূহে প্রতিবছর অনুষ্ঠিত FIAF Congress এ বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করে থাকেন। এরই ধারাবাহিকতায় সাম্প্রতিক বছরগুলোতে যেমন – ২০১৩ সালে স্পেন, ২০১৪ সালে মেসিডোনিয়া, ২০১৫ সালে অস্ট্রেলিয়া, ২০১৬ সালে ইটালি এবং ২০১৭ সালে লস এঞ্জেলস, ২০১৮ সালে চেকপ্রজাতন্ত্র ও ২০১৯ সালে সুইজারল্যান্ডের লোজানে অনুষ্ঠিত FIAF Congress-এ নিয়মিতভাবে অংশগ্রহণ করে।

২০২১ সালের ২৮শে মার্চ - ৪ঠা এপ্রিল বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে ৭৭তম ফিয়াফ কংগ্রেস বাংলাদেশে অনুষ্ঠিত হওয়ার বিষয়টি নির্ধারিত ছিল। বিশ্বের প্রায় সকল দেশে করোনা ভাইরাসের ব্যাপক বিস্তারের কারণে বহির্বিশ্বে ইন পারসন যোগাযোগ অসম্ভব। ফলশ্রুতিতে, ২০২০ ও ২০২১ সালের ফিয়াফ কংগ্রেস আয়োজন ফিয়াফ সেক্রেটারিয়েট বাতিল করে। পরবর্তীতে ২০২২ সালে হাঙ্গেরি, ২০২৩ সালে মেক্সিকো এবং ২০২৪ সালে থাইল্যান্ডে ফিয়াফ কংগ্রেস অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিনিধিদল এতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।

### আইএএসএ (IASA)

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জাতীয় ঐতিহ্য, সংস্কৃতি ও কৃষ্টি সংরক্ষণে অন্যতম জাতীয় প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে। বর্তমানে সংরক্ষিত বিভিন্ন ফরমেটের অডিওভিজুয়্যাল আইটেম রয়েছে, যা আর্ন্তজাতিক মানের সংরক্ষণের প্রয়োজনে কারিগরি জ্ঞান বিনিময় ও বিশ্বব্যাপী প্রচার ও প্রসারের প্রয়োজনীয়তা রয়েছে। ৭০টি সদস্য দেশের সমন্বয়ে গঠিত International Association of Sound and Audiovisual Archives (IASA) সাউন্ড এবং অডিওভিজুয়্যাল ফাইল সংরক্ষণের জন্য আর্ন্তজাতিক মাধ্যম হিসেবে কাজ করে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ২০১৯ সালে এ আর্ন্তজাতিক সংস্থার সদস্যপদ গ্রহণ করে।




Challenges and possibilites in independent film making: Bangladesh and South Asian countries' শীর্ষক সেমিনারে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. কামরুজ্জামান, বাংলাদেশ ফিল্ম সার্টিফিকেশন বোর্ডের ভাইস-চেয়ারম্যান মো. আব্দুল জলিল (ডানে) ও বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালক ফারহানা রহমান (বামে), ৫ই ডিসেম্বর ২০২৪

## ১৭. প্রশিক্ষণ

### আর্ন্তজাতিক ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ

বিভিন্ন দেশের ফিল্ম আর্কাইভ সমূহের আর্ন্তজাতিক সংগঠন International Federation of Film Archives (FIAF)- এর পৃষ্ঠপোষকতায় প্রতিবছর চলচ্চিত্র সংরক্ষণ ও ব্যবস্থাপনায় দক্ষতা অর্জনের লক্ষ্যে প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। এ সকল প্রশিক্ষণ ও কর্মশালায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধি অংশগ্রহণ করে থাকে। এর মধ্যে FIAF Summer School, Film Preservation and Restoration Workshop, FIAF Internship Fellowship উল্লেখযোগ্য।

এছাড়াও বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা-কর্মচারীদের প্রশাসনিক কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজন করে থাকে। এছাড়া, NIMC (National Institute of Mass Communication), BUET (Bangladesh University of Engineering and Technology), BIAM (Bangladesh Institute of Administration and Management), RPATC (Regional Public Administration Training Centre) সহ অন্যান্য প্রতিষ্ঠান আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণ করে থাকে।




সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে 'সামাজিক যোগাযোগ মাধ্যম' শীর্ষক কর্মশালায় বক্তব্য রাখছেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. কামরুজ্জামান, বামে উপবিষ্ট প্রকল্প পরিচালক ইয়াকুব আলী ও ডানে পরিচালক ফারহানা রহমান, ৬ই জানুয়ারি ২০২৫

## ১৮. ফিল্ম মিউজিয়াম

চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদির প্রতি সাধারণ মানুষের আকর্ষণ থেকে বিশ্বের বিভিন্ন আর্কাইভে ফিল্ম মিউজিয়াম স্থাপন করা হয়েছে। বাংলাদেশের চলচ্চিত্র ইতিহাসের ধারাবাহিকতার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন দুর্লভ সংগ্রহের সমাহার নিয়ে স্থাপিত ফিল্ম মিউজিয়াম উদ্বোধন করা হয় ১৪ই অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ নিজস্ব ভবনের দ্বিতীয় তলায় স্থাপিত ফিল্ম মিউজিয়ামটি উদ্বোধন করেন তৎকালীন তথ্য মন্ত্রণালয়ের সাবেক সচিব কামরুন নাহার।

বাংলাদেশে চলচ্চিত্রের ক্রমবিকাশে বিভিন্ন সময় ব্যবহৃত নানা ধরনের ক্যামেরা ( টু-সি ক্যামেরা, থ্রি-সি ক্যামেরা, ফোর-সি ক্যামেরা, চাইনিজ ক্যামেরা, বি এল ক্যামেরা), বিভিন্ন সময় ব্যবহৃত প্রজেক্টর মেশিন (৮ মিমি, ১৬মিমি ও ৩৫মিমি), বিভিন্ন ধরনের এডিটিং মেশিন, ফিল্ম জয়েনার, সিক্রোনাইজার, পোস্টার, ফটোসেট, ফটো অ্যালবাম, জাতীয় চলচ্চিত্র পুরস্কার রেপ্লিকা, বাচসাস পুরস্কার রেপ্লিকা, ফিল্ম ব্লক, শুটিং-এর কাজে ব্যবহৃত বিভিন্ন দ্রব্যাদি, কস্টিউম, শুটিং স্ক্রিপ্ট, ৭০ মিমি ফিল্ম ইত্যাদি এ মিউজিয়ামে স্থান পেয়েছে। বর্তমানে ফিল্ম মিউজিয়ামটি আরো সমৃদ্ধকরণ ও বর্ধিতকরণের প্রক্রিয়া চলছে।

প্রচার, প্রচারণা, প্রদর্শন ও বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের মধ্য দিয়ে ফিল্ম আর্কাইভ সাধারণ জনগণের সঙ্গে চলচ্চিত্রের ইতিহাসের সেতুবন্ধ স্থাপন করার লক্ষ্যে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ফিল্ম মিউজিয়ামটি সকল কর্মদিবসে সর্বসাধারণের জন্য সকাল ৯.৩০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত উন্মুক্ত রাখা হয়।



চলচ্চিত্র সংশ্লিষ্ট ব্যক্তিদের জীবনীভিত্তিক ডকুমেন্টেশনে বাংলাদেশের প্রখ্যাত গায়ক খুরশীদ আলমের সাথে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক ও অন্যান্য কর্মকর্তা, ২২শে জানুয়ারি ২০২৫

## ১৯. ডকুমেন্টেশন

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের আরেকটি উল্লেখযোগ্য উদ্যোগ, যা ইতোমধ্যে চলচ্চিত্র সংশ্লিষ্ট গবেষকদের মধ্যে ব্যাপক সাড়া ফেলেছে, তা হলো বাংলাদেশের চলচ্চিত্র সংশ্লিষ্ট ব্যক্তিত্বদের জীবনীভিত্তিক ডকুমেন্টেশন তৈরি। এই কর্মসূচির অধীনে এ পর্যন্ত প্রায় ৬০ জন বিশিষ্ট ব্যক্তিত্বের জীবনীভিত্তিক ডকুমেন্টারি তৈরি করা হয়েছে, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিজস্ব ডাটা সেন্টারে তা সংরক্ষিত আছে। গ্রন্থের শেষাংশে নির্মিত ৬০ জন বিশিষ্ট ব্যক্তিত্বের জীবনীভিত্তিক ডকুমেন্টারির নামের তালিকা সংযোজন করা হয়েছে।

## ২০. বিভিন্ন সংগ্রহ

চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট সামগ্রী সংগ্রহ করা বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অন্যতম কাজ। করোনা পরিস্থিতির মধ্যেও বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগ্রহ, ডিজিটাইজেশন প্রক্রিয়া, চেকিং, চলচ্চিত্র **প্রদর্শনী, চেকিং, ক্লিনিং কার্যক্রম চলমান ছিল। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক ৩০ শে ডিসেম্বর ২০২৪** ফিল্ম ভল্ট ও লাইব্রেরিতে সংগৃহীত বিভিন্ন দ্রব্যাদির সংগ্রহ সংখ্যা নিম্নরূপ:

## ফিল্ম সংগ্রহ

বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ১৯৭৮ সাল থেকে ২০২৪ সালের ৩০শে ডিসেম্বর পর্যন্ত বাংলাদেশি ও বিদেশি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র, সংবাদচিত্রের প্রিন্ট, পিকচার নেগেটিভ, সাউন্ড নেগেটিভ ও ডিউপ নেগেটিভ (৩৫ মিমি, ১৬ মিমি, ডিভিডি ও ডিজিটাল ফরমেটে নির্মিত) সংগ্রহ ও সংরক্ষণের সর্বমোট তালিকা:

| ক্রমিক | বিবরণ | মোট সংখ্যা | সর্বমোট সংখ্যা |
|---|---|---|---|
| ১ | বাংলাদেশে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র সংগ্রহ (৩৫ মিমি, ডিজিটাল ও ডিভিডি ফরমেটসহ) | ২,৪৬৬টি | ৪,৮৭৪টি |
| | ভারতীয় বাংলা, হিন্দি ও উর্দু পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র সংগ্রহ (৩৫ মিমি, ডিজিটাল ও ডিভিডি ফরমেটসহ) | ১,১৯৯টি | |
| | বিদেশি ইংরেজি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র সংগ্রহ (৩৫ মিমি, ডিজিটাল ও ডিভিডি ফরমেটসহ) | ৯৯৪টি | |
| | চায়নিজ ভাষায় নির্মিত চলচ্চিত্র সংগ্রহ (৩৫ মিমি ও ১৬ মিমি ফরমেটসহ) সর্বমোট | ২১৫টি | |
| ২ | বাংলাদেশি ও বিদেশি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, টিভি ফিলার সংগ্রহ (৩৫ মিমি, ১৬ মিমি, ডিজিটাল ও ডিভিডি ফরমেট সহ) | ৭১টি | ৭১১টি |
| ৩ | বাংলাদেশি ও বিদেশি প্রামাণ্যচিত্র তথ্যচিত্র সংগ্রহ (৩৫ মিমি, ১৬ মিমি, ডিজিটাল ও ডিভিডি ফরমেটসহ) | ৪,১০৮টি | ৪,১০৮টি |
| ৪ | বাংলাদেশি সংবাদচিত্র সংগ্রহ (৩৫ মিমি, ১৬ মিমি, ডিজিটাল ও ডিভিডি ফরমেটসহ) | ১,৯২৪টি | ১,৯২৪টি |
| | বাংলাদেশ ফিল্ম আর্কাইভে বিভিন্ন ফরমেটে চলচ্চিত্র সংরক্ষিত রয়েছে সর্বমোট | ১১,৬১৭টি | ১১,৬১৭টি |

## লাইব্রেরির সংগ্রহ

বিশেষায়িত লাইব্রেরিতে ১৯৭৮ সাল থেকে ২০২৪ সালের ৩০শে ডিসেম্বর পর্যন্ত সংগৃহীত চলচ্চিত্র সংশ্লিষ্ট বিভিন্ন গ্রন্থ, স্থিরচিত্র, ফটোসেট, পোস্টার ও অন্যান্য দ্রব্যাদির সংগ্রহের তালিকা :

| ক্রমিক | বিবরণ | মোট সংগ্রহ |
|---|---|---|
| ১. | চলচ্চিত্র বিষয়ক গ্রন্থ | ৫,৭০২ |
| ২. | স্থিরচিত্র | ৯,৪৩৪ |
| ৩. | ফটোসেট | ২,৮৪০ |
| ৪. | পোস্টার | ৭,১১৯ |
| ৫. | শুটিং স্ক্রিপ্ট | ২,৭৮৬ |
| ৬. | গানের বই | ২৮৭ |
| ৭. | ফিল্মের কাহিনিসংক্ষেপ | ১,৩৬৪ |
| ৮. | চলচ্চিত্র উৎসব সংক্রান্ত দ্রব্যাদি | ৮৮৫ |

| | | |
|---|---|---|
| ৯. | ফিল্ম নিউজ ক্লিপিং | ২৫,৮৩০ |
| ১০. | সাময়িকী | ১২,৬০৩ |
| ১১. | বিবিধ ডকুমেন্ট | ১,৩৭৭ |
| | সর্বমোট সংগ্রহ (ডিসেম্বর ২০২৪ পর্যন্ত) = | ৮৭,৫৯৬টি |

## ২১. ডিজিটাইজেশন

বাংলাদেশ ফিল্ম আর্কাইভে বর্তমানে বিশ্বমান সম্পন্ন ফিল্ম ডিজিটাইজেশন যন্ত্রপাতি রয়েছে। ৩৫ মিমি বা ১৬ মিমি-এর ফিল্ম ফরমেটের চলচ্চিত্রকে ডিজিটালে রূপান্তর করে দীর্ঘমেয়াদী সংরক্ষণের সক্ষমতাও বাংলাদেশ ফিল্ম আর্কাইভে রয়েছে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ফিল্ম ফরমেটের চলচ্চিত্রকে ডিজিটালে রূপান্তরের প্রক্রিয়া শুরু হয় ২০১২ সালে। অদ্যাবধি ৩০ শে ডিসেম্বর পর্যন্ত ডিজিটালকৃত চলচ্চিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্রের তালিকা নিম্নরূপঃ


| ক্রমিক | বিবরণ | মোট ডিজিটালাইজকৃত চলচ্চিত্রের সংখ্যা |
|---|---|---|
| ১. | পূর্ণদৈর্ঘ্য / স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র | ১১৫০টি |
| ২. | তথ্যচিত্র | ৪৩৭টি |
| ৩. | সংবাদচিত্র | ৪৬৮টি |
| সর্বমোট (ডিসেম্বর ২০২৪) | | ১,০৫৫টি |


এছাড়াও, ১৫০০টি পোস্টার ও ২০,০০০টি ফটোসেট, স্থিরচিত্র ডিজিটালে রূপান্তর করা হয়েছে।



ফটো স্ক্যানার


## ২২. উল্লেখযোগ্য প্রকাশনার প্রচ্ছদ














বাংলাদেশের
সিনেমার ব্যানার পেইন্টিং : বিলুপ্ত-প্রায় শিল্পশৈলী
শাওন আকন্দ



ওটিটি'তে বাংলাদেশ
চলচ্চিত্রে নতুন অন্বেষা
শুভ কর্মকার
TOFFEE
Jago
Binge
Chorki
bongo
bflix
hoichoi
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ


নায়করাজ রাজ্জাক : জীবন ও কর্ম
ইসমত জেরিন



চলচ্চিত্র সংগীতে
আজাদ রহমান
মোঃ রাসেল রানা দোজা
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ



বাংলাদেশের চলচ্চিত্রে দেশাত্মবোধক গান
আহসান উদ্দিন ভূঁইয়া
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ



চলচ্চিত্রে আধুনিক প্রযুক্তি প্রেক্ষাপট বাংলাদেশ
জান্নাতুল ফেরদৌস নীলা
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ



নারী নির্মাতার চলচ্চিত্রে নারী
প্রেক্ষিত বাংলাদেশ
ড. মো. তুহিনুর রহমান
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ


তারেক মাসুদ
রুবাইয়াৎ আহমেদ


বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
জার্নাল
সংখ্যা ২০ • জুন ২০২৪


বাংলাদেশ
ফিল্ম আর্কাইভ
জার্নাল
সংখ্যা : ১৯ / জুন ২০২৩


বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
পরিচিতি
জুন ২০২৩


Introduction
To
Bangladesh Film Archive
December 2023

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
www.bfa.gov.bd

## ২৩. সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen’s Charter)

১) ভিশন (Vision) ও মিশন (Mission)

ভিশন (Vision): চলচ্চিত্র সংশ্লিষ্ট ঐতিহ্য সংগ্রহ ও সংরক্ষণ।

মিশন (Mission): চলচ্চিত্র কেন্দ্রিক জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির লালন, বিকাশ এবং সংরক্ষণ।

### ২) প্রতিশ্রুত সেবাসমূহ

### ২.১) নাগরিক সেবা

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | তথ্য প্রদান | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী তথ্য প্রদানকারী কর্মকর্তার নিকট সরাসরি/ ডাকযোগে আবেদনের মাধ্যমে | প্রশাসন শাখায়/ ওয়েবসাইটে আবেদন ফরম পাওয়া যাবে | প্রতি পৃষ্ঠা ২ টাকা হারে | ১০ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৫<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ২. | সাপ্তাহিক চলচ্চিত্র প্রদর্শন | সংগৃহীত চলচ্চিত্র পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র, সংবাদচিত্র ও ডিজিটাল ফরমেটে চলচ্চিত্র সপ্তাহে একদিন করে প্রদর্শন করা হয়। এছাড়াও বিশেষ দিন/দিবসে সর্বসাধারণের জন্য বিনামূল্যে চলচ্চিত্র দেখানো হয় | প্রযোজ্য নয় | বিনামূল্যে | ৭ কার্যদিবস | পদবি: উপ-পরিচালক (লাইব্রেরি ও গবেষণা) এবং ফিল্ম অফিসার<br>ফোন: ৪১০২৪৬৩৬<br>ইমেইল: dg@bfa.gov.bd |

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩. | বিশেষভাবে চলচ্চিত্র প্রদর্শন | চলচ্চিত্র বিষয়ক শিক্ষার্থীগণ ও গবেষকগণ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত চলচ্চিত্র পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র, সংবাদচিত্র দেখার সুযোগ পাবেন | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | সরকারি নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে -<br>ক. ফিল্ম ফরমেটে চলচ্চিত্র প্রদর্শনীর জন্য সরকার নির্ধারিত হারে (প্রতি রিল ১৫০/- টাকা) ভাড়া প্রদান করতে হবে।<br>খ. ৩৫ মিমি ফিল্ম ও ডিজিটাল ফরমেটে প্রতিটি চলচ্চিত্রের জন্য সরকার নির্ধারিত হারে (প্রতিটি চলচ্চিত্র ১০০০/- টাকা ) ভাড়া প্রদান করতে হবে।<br>গ. প্রজেকশন হল ব্যবহারের জন্য প্রতি শিফটের ২০২০ সালের সরকারি নীতিমালা অনুযায়ী ভাড়া নির্ধারিত হবে। | ৭ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৫<br>ইমেইল: dg@ bfa.gov.bd |
| ৪. | নন-কপিরাইট আইটেম সরবারহ | ডিজিটাল ফরমেটে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র এবং সংবাদচিত্র ইত্যাদি সিডি, ডিভিডি, হার্ডড্রাইভে বা পেনড্রাইভে প্রদান করা হয়। | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | সরকারি নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে -<br>ক. ৩০ মিনিট পর্যন্ত ১০০০/-(এক হাজার) টাকা।<br>খ. ৩০ মিনিট থেকে ১ ঘণ্টা পর্যন্ত ২০০০/-(দুই হাজার) টাকা ।<br>গ. ১ ঘণ্টা থেকে ৩ ঘণ্টা পর্যন্ত ৫০০০/-(পাঁচ হাজার) টাকা । | ৭ কার্যদিবস | পদবি: উপ-পরিচালক (আর্কাইভ), উপ-সহকারী প্রকৌশলী-১ এবং উপ-সহকারী প্রকৌশলী -৩<br>ফোন: ৫৮১৫৭৯৯৫<br>ইমেইল: dg@bfa. gov.bd |
| ৫. | কপিরাইট আইটেম সরবারহ | স্বত্বাধিকারীর অনুমতি সাপেক্ষে ডিজিটাল ফরমেটে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র এবং সংবাদচিত্র ইত্যাদি সিডি, ডিভিডি বা পেনড্রাইভে প্রদান করা হয় | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | সরকারি নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে -<br>ক. ৩০ মিনিট পর্যন্ত ১০০০/- (এক হাজার) টাকা প্রদান সাপেক্ষে।<br>খ. ৩০ মিনিট থেকে ১ ঘণ্টা পর্যন্ত ২০০০/-(দুই হাজার) টাকা প্রদান সাপেক্ষে।<br>গ. ১ ঘণ্টা থেকে ৩ ঘণ্টা পর্যন্ত ৫০০০/-(পাঁচ হাজার) টাকা প্রদান সাপেক্ষে। | ১০ কার্যদিবস | পদবি: উপ-পরিচালক (আর্কাইভ), উপ-সহকারী প্রকৌশলী-১ এবং উপ-সহকারী প্রকৌশলী -৩<br>ফোন: ৫৮১৫৭৯৯৫<br>ইমেইল: dg@bfa. gov.bd |

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৬. | পোস্টার ও স্থিরচিত্রের ব্যবহার | সংরক্ষিত পুরোনো ছায়াছবির বিভিন্ন পোস্টার, ফটোসেট ও স্থিরচিত্র ইত্যাদি স্ক্যান কপি বা হার্ড কপি প্রদান করা হয় | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | সরকারি নির্ধারিত হারে (প্রতি কপি পোস্টার ৩০০/- টাকা এবং স্থিরচিত্র প্রতি কপি ১০০/- টাকা) সার্ভিস চার্জ প্রদান করতে হবে | ০৫ কার্যদিবস | পদবি: উপ-পরিচালক (গবেষণা ও লাইব্রেরি) এবং লাইব্রেরিয়ান<br>ফোন: ৪১০২৪৬৩৬<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ৭. | চলচ্চিত্র জার্নাল ও অন্যান্য প্রকাশনা বিক্রি | প্রকাশিত জার্নাল ও অন্যান্য প্রকাশনা লাইব্রেরি শাখা থেকে বিক্রি করা হয় | www.bfa.gov.bd<br>www.book.bfa.gov.bd<br>ওয়েবসাইটের মাধ্যমে এ সংক্রান্ত তথ্য জানা যাবে | নির্ধারিত মূল্যে বিক্রি করা হয় | ০২ কার্যদিবস | পদবি: উপ-পরিচালক (গবেষণা ও লাইব্রেরি) এবং লাইব্রেরিয়ান<br>ফোন: ৪১০২৪৬৩৬<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ৮. | অডিটোরিয়াম, প্রজেকশন হল এবং সেমিনার হল ভাড়া | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহার নীতিমালা-২০২০ অনুযায়ী পরিচালিত হয় | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহার নীতিমালা-২০২০ অনুযায়ী:<br>(১) ৫০০ আসনবিশিষ্ট অডিটোরিয়াম ভাড়া (ভাড়া, রক্ষণাবেক্ষণ, ক্লিনিং চার্জ, ট্যাক্স ও ভ্যাটসহ) -<br>* ডাবল শিফট : ভাড়া ২৭,৬০০ + ৫,০০০ ( ফেরতযোগ্য জামানত) = ৩২,৬০০ টাকা।<br>* সিঙ্গেল শিফট : ভাড়া ১৫,৬০০ + ৩,০০০ (ফেরতযোগ্য জামানত) = ১৮,৬০০ টাকা।<br>(২) ৩০০ আসনবিশিষ্ট প্রজেকশন হল ভাড়া (ভাড়া, রক্ষণাবেক্ষণ, ক্লিনিং চার্জ, ট্যাক্স ও ভ্যাটসহ)<br>* ডাবল শিফট : ভাড়া ১৮,০০০ + ৪,০০০ (ফেরতযোগ্য জামানত) = ২২,০০০ টাকা।<br>* সিঙ্গেল শিফট : ভাড়া ১২,০০০ + ৩,০০০ (ফেরতযোগ্য জামানত) = ১৫,০০০ টাকা।<br>(৩) ১২০ আসনবিশিষ্ট সেমিনার হল ভাড়া (ভাড়া, রক্ষণাবেক্ষণ, ক্লিনিং চার্জ, ট্যাক্স ও ভ্যাটসহ)<br>* ডাবল শিফট : ভাড়া ৮,৪০০ + ২,৫০০ (ফেরতযোগ্য জামানত) = ১০,৯০০ টাকা।<br>* সিঙ্গেল শিফট : ভাড়া ৪,৮০০ + ১,৫০০ (ফেরতযোগ্য জামানত) = ৬,৩০০ টাকা। | ০৩ কার্যদিবস | পদবি: উপ-পরিচালক (গবেষণা ও লাইব্রেরি)<br>এবং ফিল্ম অফিসার<br>ফোন: ৫৮১৫৭৫৩৬<br>ইমেইল: dg@bfa.gov.bd |

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৯. | লাইব্রেরি সদস্যপদ | দপ্তরের লাইব্রেরির সদস্য হওয়া যাবে। | লাইব্রেরি সদস্যপদের জন্য মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | প্রতিজন/ব্যক্তি সরকার নির্ধারিত হারে ফি (২০০/- টাকা) প্রদান করে লাইব্রেরির সদস্য হতে হবে। লাইব্রেরি থেকে কোনো ধরনের গ্রন্থ/সামগ্রী/বই ধার প্রদান করা হয় না। | ৩ কার্যদিবস | পদবি: উপ-পরিচালক (গবেষণা ও লাইব্রেরি) এবং লাইব্রেরিয়ান<br>ফোন: ৪১০২৪৬৩৬<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ১০. | ওয়েবসাইটের মাধ্যমে তথ্য প্রকাশ | ওয়েবসাইটের মাধ্যমে www.bfa.gov.bd | প্রযোজ্য নয় | ওয়েবসাইটের মাধ্যমে নিয়মিত তথ্য প্রকাশ করা হয়। | প্রযোজ্য নয় | পদবি: উপ-পরিচালক (আর্কাইভ) এবং উপ-সহকারী প্রকৌশলী-০২<br>ফোন: ৪১০২৪৬৩৬<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ১১. | গবেষণা ফেলোশিপ প্রদান | বিভিন্ন যোগাযোগ মাধ্যমে গবেষণা ফেলোশিপ প্রদানের নিমিত্তে বিজ্ঞপ্তি জারিকরণ। নির্ধারিত নিয়ম অনুযায়ী প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই পূর্বক উত্তীর্ণ প্রার্থীদের ই-মেইল, ওয়েবসাইট, ফোন এবং ডাকযোগে অবহিতকরণ | প্রকাশিত বিজ্ঞাপনে বিস্তারিত পাওয়া যাবে। | বিনামূল্যে<br>(প্রতিটি গবেষণার জন্য সরকার নির্ধারিত সম্মানী প্রদান করা হয়) | প্রতি অর্থবছর | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৫<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ১২. | ফিল্ম মিউজিয়াম | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ মিউজিয়ামে ফিল্ম সংক্রান্ত বিভিন্ন যন্ত্রাংশ, ফিল্ম ও দ্রব্যাদি জনসাধারণের প্রদর্শনের জন্য উন্মুক্ত করা হয়েছে | প্রযোজ্য নয় | বিনামূল্যে | সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ৯.০০ টা-বিকাল ৫.০০ টা | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৫<br>ইমেইল: dg@bfa.gov.bd |

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১৩. | চলচ্চিত্র জার্নাল ও অন্যান্য প্রকাশনা | 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল' নামে এ প্রতিষ্ঠান থেকে প্রতি অর্থবছরে একটি চলচ্চিত্র জার্নাল ও সংশ্লিষ্ট বিষয়ে ৫/৬টি গ্রন্থ প্রকাশিত হয়। জার্নালে লেখা প্রকাশের ক্ষেত্রে সম্পাদনা পরিষদ কর্তৃক অনুমোদিত হতে হবে | প্রকাশিত বিজ্ঞাপনে বিস্তারিত পাওয়া যাবে | সরকার কর্তৃক নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হয় | প্রকাশিত বিজ্ঞাপনে বিস্তারিত পাওয়া যাবে | পদবি: পরিচালক ফোন: ৫৮১৫৭৯৮৫ ইমেইল: dg@bfa.gov.bd |
| ১৪. | যৌথ আয়োজনে চলচ্চিত্র উৎসব/ চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সাথে যৌথ আয়োজনে বিভিন্ন চলচ্চিত্র সংসদ ও সংগঠন বিভিন্ন জেলায় স্কুল, কলেজ, ইউনিভার্সিটি, প্রশিক্ষণ ইনস্টিটিউটে চলচ্চিত্র প্রদর্শন আয়োজন করা | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | বিনামূল্যে | যৌথ আয়োজনের অনুমোদিত সিডিউল অনুযায়ী | পদবি: পরিচালক ফোন: ৫৮১৫৭৯৮৫ ইমেইল: dg@bfa.gov.bd |
| ১৫. | এল ইডি ডিসপ্লের মাধ্যমে জাতীয় গুরুত্বপূর্ণ তথ্যাদি প্রদর্শন | এলইডি ডিসপ্লের মাধ্যমে জাতীয় গুরুত্বপূর্ণ তথ্যাদি নিয়মিত ভবনের বাহির অংশে প্রদর্শন করা হয় | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনসহ সকাল ৯.০০ টা-বিকাল ৩.০০ টা | পদবি: পরিচালক ফোন: ৫৮১৫৭৯৮৫ ইমেইল: dg@bfa.gov.bd |

## ২.২) প্রাতিষ্ঠানিক সেবা

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | তথ্য প্রদান | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী তথ্য প্রদানকারী কর্মকর্তার নিকট সরাসরি/ ডাকযোগে আবেদনের মাধ্যমে | প্রশাসন শাখায়/ ওয়েবসাইটে আবেদন ফরম পাওয়া যাবে | প্রতি পৃষ্ঠা ২ টাকা হারে | ১০ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৫<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ২. | বিশেষভাবে চলচ্চিত্র প্রদর্শন | চলচ্চিত্র বিষয়ক শিক্ষার্থীগণ ও গবেষকগণ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত চলচ্চিত্র পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র, সংবাদচিত্র দেখার সুযোগ পাবেন | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | সরকারি নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে -<br>ক. ফিল্ম ফরমেটে চলচ্চিত্র প্রদর্শনীর জন্য সরকার নির্ধারিত হারে (প্রতি রিল ১৫০/- টাকা) ভাড়া প্রদান করতে হবে।<br>খ. ৩৫ মিমি ফিল্ম ও ডিজিটাল ফরমেটে প্রতিটি চলচ্চিত্রের জন্য সরকার নির্ধারিত হারে (প্রতিটি চলচ্চিত্র ১০০০/- টাকা ) ভাড়া প্রদান করতে হবে।<br>গ. প্রজেকশন হল ব্যবহারের জন্য প্রতি শিফটের ২০২০ সালের সরকারি নীতিমালা অনুযায়ী ভাড়া নির্ধারিত হবে। | ১ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৫<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ৩. | নন-কপিরাইট আইটেম সরবারহ | ডিজিটাল ফরমেটে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র এবং সংবাদচিত্র ইত্যাদি সিডি, ডিভিডি, হার্ডড্রাইভে বা পেনড্রাইভে প্রদান করা হয় | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | সরকারি নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে:<br>ক. ৩০ মিনিট পর্যন্ত ১০০০/-(এক হাজার) টাকা,<br>খ. ৩০ মিনিট থেকে ১ ঘণ্টা পর্যন্ত ২০০০/- (দুই হাজার) টাকা ।<br>গ. ১ ঘণ্টা থেকে ৩ ঘণ্টা পর্যন্ত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা । | ০৭ কার্যদিবস | পদবি: উপ-পরিচালক (আর্কাইভ), উপ-সহকারী প্রকৌশলী-০১ এবং উপ-সহকারী প্রকৌশলী -০৩<br>ফোন: ৫৮১৫৭৯৯৫<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ৪. | কপিরাইট আইটেম সরবারহ | স্বত্বাধিকারীর অনুমতি সাপেক্ষে ডিজিটাল ফরমেটে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র এবং সংবাদচিত্র ইত্যাদি সিডি, ডিভিডি বা পেনড্রাইভে প্রদান করা হয় | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | সরকারি নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে -<br>ক. ৩০ মিনিট পর্যন্ত ১০০০/- (এক হাজার) টাকা প্রদান সাপেক্ষে।<br>খ. ৩০ মিনিট থেকে ১ ঘণ্টা পর্যন্ত ২০০০/- (দুই হাজার) টাকা প্রদান সাপেক্ষে।<br>গ. ১ ঘণ্টা থেকে ৩ ঘণ্টা পর্যন্ত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান সাপেক্ষে। | ১০ কার্যদিবস | পদবি: উপ-পরিচালক (আর্কাইভ), উপ-সহকারী প্রকৌশলী-০১ এবং উপ-সহকারী প্রকৌশলী- ০৩<br>ফোন: ৫৮১৫৭৯৯৫<br>ইমেইল: dg@bfa.gov.bd |

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৫. | পোস্টার ও স্থিরচিত্রের ব্যবহার | সংরক্ষিত পুরোনো ছায়াছবির বিভিন্ন পোস্টার, ফটোসেট ও স্থিরচিত্র ইত্যাদি স্ক্যান কপি বা হার্ড কপি প্রদান করা হয় | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | সরকারি নির্ধারিত হারে (প্রতি কপি পোস্টার ৩০০/- টাকা এবং স্থিরচিত্র প্রতি কপি ১০০/- টাকা) সার্ভিস চার্জ প্রদান করতে হবে | ৩ কার্যদিবস | পদবি: উপ-পরিচালক (গবেষণা ও লাইব্রেরি) এবং লাইব্রেরিয়ান<br>ফোন: ৪১০২৪৬৩৬<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ৬. | চলচ্চিত্র জার্নাল ও অন্যান্য প্রকাশনা বিক্রি | প্রকাশিত জার্নাল ও অন্যান্য প্রকাশনা লাইব্রেরি শাখা থেকে বিক্রি করা হয় | www.bfa.gov.bd<br>www.book.bfa.gov.bd<br>ওয়েবসাইটের মাধ্যমে এ সংক্রান্ত তথ্য জানা যাবে | নির্ধারিত মূল্যে<br>বিক্রি করা হয় | ১ কার্যদিবস | পদবি: উপ-পরিচালক (গবেষণা ও লাইব্রেরি) এবং লাইব্রেরিয়ান<br>ফোন: ৪১০২৪৬৩৬<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ৭. | অডিটোরিয়াম, প্রজেকশন হল এবং সেমিনার হল ভাড়া | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহার নীতিমালা-২০২০ অনুযায়ী পরিচালিত হয় | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহার নীতিমালা-২০২০ অনুযায়ী:<br>(১) ৫০০ আসনবিশিষ্ট অডিটোরিয়াম ভাড়া (ভাড়া, রক্ষণাবেক্ষণ, ক্লিনিং চার্জ, ট্যাক্স ও ভ্যাটসহ)–<br>● ডাবল শিফট : ভাড়া ২৭,৬০০ + ৫,০০০ ( ফেরতযোগ্য জামানত) = ৩২,৬০০ টাকা।<br>● সিঙ্গেল শিফট : ভাড়া ১৫,৬০০ + ৩,০০০ (ফেরতযোগ্য জামানত) = ১৮,৬০০ টাকা।<br>(২) ৩০০ আসনবিশিষ্ট প্রজেকশন হল ভাড়া (ভাড়া, রক্ষণাবেক্ষণ, ক্লিনিং চার্জ, ট্যাক্স ও ভ্যাটসহ)–<br>● ডাবল শিফট : ভাড়া ১৮,০০০ + ৪,০০০ (ফেরতযোগ্য জামানত) = ২২,০০০ টাকা।<br>● সিঙ্গেল শিফট : ভাড়া ১২,০০০ + ৩,০০০ (ফেরতযোগ্য জামানত) = ১৫,০০০ টাকা।<br>(৩) ১২০ আসনবিশিষ্ট সেমিনার হল ভাড়া (ভাড়া, রক্ষণাবেক্ষণ, ক্লিনিং চার্জ, ট্যাক্স ও ভ্যাটসহ)–<br>● ডাবল শিফট : ভাড়া ৮,৪০০ + ২,৫০০ (ফেরতযোগ্য জামানত) = ১০,৯০০ টাকা।<br>● সিঙ্গেল শিফট : ভাড়া ৪,৮০০ + ১,৫০০ (ফেরতযোগ্য জামানত) = ৬,৩০০ টাকা। | ৩ কার্যদিবস | পদবি: উপ-পরিচালক (গবেষণা ও লাইব্রেরি)<br>এবং ফিল্ম অফিসার<br>ফোন: ৫৮১৫৭৫৩৬<br>ইমেইল: dg@bfa.gov.bd |

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৮. | চলচ্চিত্র জার্নাল ও অন্যান্য প্রকাশনা | 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল' নামে এ প্রতিষ্ঠান থেকে প্রতি অর্থবছরে একটি চলচ্চিত্র জার্নাল ও সংশ্লিষ্ট বিষয়ে ৫/৬টি গ্রন্থ প্রকাশিত হয়। জার্নালে লেখা প্রকাশের ক্ষেত্রে সম্পাদনা পরিষদ কর্তৃক অনুমোদিত হতে হবে | প্রকাশিত বিজ্ঞাপনে বিস্তারিত পাওয়া যাবে | সরকার কর্তৃক নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হয় | প্রকাশিত বিজ্ঞাপনে বিস্তারিত পাওয়া যাবে | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৫<br>ইমেইল: dg@ bfa.gov.bd |
| ৯. | যৌথ আয়োজনে চলচ্চিত্র উৎসব/চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সাথে যৌথ আয়োজনে বিভিন্ন চলচ্চিত্র সংসদ ও সংগঠন বিভিন্ন জেলায় স্কুল, কলেজ, ইউনিভার্সিটি, প্রশিক্ষণ ইনস্টিটিউট চলচ্চিত্র প্রদর্শন আয়োজন করা | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | বিনামূল্যে | যৌথ আয়োজনের অনুমোদিত সিডিউল অনুযায়ী | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৫<br>ইমেইল: dg@ bfa.gov.bd |

## ২.৩) অভ্যন্তরীণ সেবা

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | অর্জিত ছুটির আবেদন অগ্রায়ণ (৩ মাস পর্যন্ত) | ক) আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের (প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অনুযায়ী) অনুমোদনের জন্য অগ্রায়ণ।<br>খ) অগ্রায়ণ মঞ্জুরের পর সংশ্লিষ্টদের অবহিতকরণ | ক) সাদা কাগজে আবেদনপত্র<br>খ) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নম্বর ২৩৯৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদন।<br>প্রাপ্তিস্থান : প্রশাসন শাখা | বিনামূল্যে | ৭ কার্যদিবস | পদবি: পরিচালক এবং প্রশাসনিক কর্মকর্তা<br>ফোন: ৪১০২৪৬৩৫<br>ইমেইল: dg@bfa. gov.bd |

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ২. | অর্জিত ছুটির আবেদন অগ্রায়ণ (বহিঃ বাংলাদেশ, ৩ মাস পর্যন্ত) | আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের (প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অনুযায়ী) অনুমোদনের জন্য অগ্রায়ণ।<br>অগ্রায়ণ মঞ্জুরের পর সংশ্লিষ্টদের অবহিতকরণ | ক) সাদা কাগজে আবেদনপত্র<br>খ) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নম্বর ২৩৯৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদন।<br>প্রাপ্তিস্থান : প্রশাসন শাখা | বিনামূল্যে | ৭ কার্যদিবস | পদবি: পরিচালক এবং প্রশাসনিক কর্মকর্তা<br>ফোন: ৪১০২৪৬৩৫<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ৩. | শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরের আবেদন অগ্রায়ণ | আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের জন্য অগ্রায়ণ এবং অবহিতকরণ | ক) সাদা কাগজে আবেদনপত্র<br>খ) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নম্বর ২৩৯৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদন।<br>প্রাপ্তিস্থান : প্রশাসন শাখা | বিনামূল্যে | ৭ কার্যদিবস | পদবি: পরিচালক এবং প্রশাসনিক কর্মকর্তা<br>ফোন: ৪১০২৪৬৩৫<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ৪. | সাধারণ ভবিষ্যৎ তহবিল থেকে অগ্রিম মঞ্জুরির আবেদন অগ্রায়ণ | আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের জন্য অগ্রায়ণ। অনুমোদনের পর তা সংশ্লিষ্টদের অবহিতকরণ | ক) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নম্বর-২৬৩৯, গেজেটেড/নন-গেজেটেড)<br>খ) সাধারণ ভবিষ্যৎ তহবিলে সর্বশেষ জমাকৃত অর্থের হিসাব বিবরণীর মূলকপি<br>(প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।<br>প্রাপ্তি স্থান: হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, সিএজি | বিনামূল্যে | ৭ কার্যদিবস | পদবি: পরিচালক এবং প্রশাসনিক কর্মকর্তা<br>ফোন: ৪১০২৪৬৩৫<br>ইমেইল: dg@bfa.gov.bd |
| ৫. | কর্মকর্তা/কর্মচারীদের গৃহনির্মাণ ঋণের আবেদন অগ্রায়ণ | সাদা কাগজে আবেদন প্রাপ্তির পর প্রচলিত বিধি অনুসরণপূর্বক গৃহনির্মাণ ঋণ মঞ্জুরি আদেশ জারি এবং সংশ্লিষ্টকে অবহিতকরণ | ক) সাদা কাগজে আবেদন<br>খ) যে জমিতে গৃহনির্মাণ/মেরামত করা হবে সে জমির দলিল/বায়নাপত্র<br>গ) ১৫০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা এবং<br>ঘ) যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ।<br>প্রাপ্তিস্থান: ট্রেজারি/ভেন্ডার | বিনামূল্যে | ৭ কার্যদিবস | পদবি: পরিচালক এবং প্রশাসনিক কর্মকর্তা<br>ফোন: ৪১০২৪৬৩৫<br>ইমেইল: dg@bfa.gov.bd |

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৬. | জিপি ফান্ডের অগ্রিম উত্তোলন | আবেদন প্রাপ্তির পর বিল হিসাবরক্ষণ অফিসে প্রেরণ | ক) নির্ধারিত ফরমে আবেদন<br>খ) জিপি ফান্ডে জমাকৃত টাকার হিসাব বিবরণী<br>গ) অগ্রিম উত্তোলনের মঞ্জুরিপত্র।<br>ঘ) নির্ধারিত ফরমে বিল দাখিল।<br>প্রাপ্তিস্থান: প্রশাসন শাখা | বিনামূল্যে | ৭ কার্যদিবস | পদবি: পরিচালক এবং প্রশাসনিক কর্মকর্তা<br>ফোন: ৪১০২৪৬৩৫<br>ইমেইল: dg@bfa.gov.bd |

## ৩) আপনার কাছে আমাদের প্রত্যাশা

| | |
|---|---|
| ১ | নির্ধারিত ফরমে সম্পূর্ণরূপে পূরণকৃত আবেদনপত্র জমা প্রদান |
| ২ | নির্ধারিত শাখায় প্রয়োজনীয় সেবামূল্য পরিশোধ করা |
| ৩ | সেবা গ্রহণের জন্য নির্দিষ্ট দিন / নির্ধারিত সময়ে উপস্থিত থাকা |
| ৪ | প্রয়োজনীয় সকল প্রমাণক কাগজপত্রাদি নির্ধারিত শাখায় দাখিল করা |
| ৫ | সেবা গ্রহণের জন্য অনাবশ্যক ফোন/তদবির না করা |
| ৬ | সেবা প্রাপ্তিতে বিলম্ব হলে বা কোনো অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট শাখার উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা |

## ৪. অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করুন:

| ক্রমিক | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৫<br>ইমেইল: dg@bfa.gov.bd | ৩০ কার্যদিবস |
| ২. | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | আপিল কর্মকর্তা | পদবি: মহাপরিচালক<br>ফোন: ০২- ৪১০২৪৬৩৬<br>ইমেইল : dg@bfa.gov.bd | ২০ কার্যদিবস |
| ৩. | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | প্রশাসনিক মন্ত্রণালয়ের অভিযোগ ব্যবস্থাপনা সেল | সচিব<br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা<br>ইমেইল: secretary@moi.gov.bd | ৬০ কার্যদিবস |

## ২৪. বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহার নীতিমালা ২০২০

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যাবলির মধ্যে অন্যতম হলো চলচ্চিত্র সংক্রান্ত সেমিনার, সিম্পোজিয়াম, সভা আয়োজনসহ দেশি-বিদেশি চলচ্চিত্র প্রদর্শনের উদ্দেশ্যে চলচ্চিত্র উৎসবের আয়োজন করা। উপর্যুক্ত উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে সরকার বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবনে ৫০০ আসনবিশিষ্ট একটি অডিটোরিয়াম, ৩০০ আসনবিশিষ্ট প্রজেকশন হল ও ১২০ আসনবিশিষ্ট একটি সেমিনার হল স্থাপন করেছে। অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হলের বাণিজ্যিক ব্যবহার নিশ্চিত করার জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো :

১. সংক্ষিপ্ত শিরোনাম : এ নীতিমালা ‘বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহার নীতিমালা ২০২০’ নামে অভিহিত হবে।

২. সংজ্ঞা :- বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে, এ নীতিমালায় :

(ক) ‘কর্তৃপক্ষ’ বলতে মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, বা নিয়ন্ত্রণকারী প্রশাসনিক মন্ত্রণালয় বুঝাবে;

(খ) ‘আবেদনকারী’ অর্থ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হলের ব্যবহারে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান, যিনি নির্ধারিত সময়ের জন্য ভাড়া প্রদান করে সংশ্লিষ্ট স্থাপনা ব্যবহারের জন্য আবেদন করেছেন। ‘সরকার’ অর্থ বাংলাদেশ ফিল্ম আর্কাইভকে;

(গ) ‘সেবা গ্রহণকারী’ অর্থ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হলের ব্যবহারে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান, যিনি নির্ধারিত সময়ের জন্য ভাড়া প্রদান করে সংশ্লিষ্ট স্থাপনা ব্যবহার করেছেন।

৩. নিম্নরূপ ক্ষেত্রে ও শর্তে অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল অনুষ্ঠানের জন্য বরাদ্দ দেওয়া যাবে:

ক. চলচ্চিত্র সংক্রান্ত সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপ সভার জন্য অনুষ্ঠান ।

খ. সরকার যথাযথ অনাপত্তি/অনুমতিপত্র মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কাছে দাখিল সাপেক্ষে দেশি-বিদেশি চলচ্চিত্র (পূর্ণদৈর্ঘ্য/স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র) প্রদর্শনের জন্য চলচ্চিত্র উৎসব সংক্রান্ত অনুষ্ঠান।

গ. বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্ব, পণ্ডিত, গবেষক ও বিদগ্ধজনের লিখিত গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠান ।

ঘ. শিক্ষা/প্রশিক্ষণমূলক চলচ্চিত্র ও স্লাইড প্রদর্শন ।

ঙ. প্রদর্শনীর উদ্বোধন ও সমাপ্তি অনুষ্ঠান।

চ. সংগীত শিল্পীদের সংগীতানুষ্ঠান (ব্যান্ড শো ব্যতীত)।

ছ. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বিশেষ ধরনের সভা, সেমিনার, সিম্পোজিয়াম বা অনুরূপ অনুষ্ঠান।

জ. নিবন্ধনকৃত সংস্থা, সংগঠন, প্রতিষ্ঠান, সমিতি কর্তৃক গুণিজন সংবর্ধনা অনুষ্ঠান, অরাজনৈতিক আলোচনা সভা, সেমিনার ও সিম্পোজিয়াম। চলচ্চিত্রকেন্দ্রিক সংস্থা, সংগঠন, প্রতিষ্ঠান, সমিতিকে অগ্রাধিকার প্রদান করা হবে।

ঝ. রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, লোকসংগীত, বাউল সংগীতের অনুষ্ঠান বা অন্য কোনো সংগীতানুষ্ঠান, যা আমাদের সংস্কৃতিকে ধারণ করে ।

ঞ. সাংস্কৃতিক বিনিময় চুক্তির অধীন বা অন্য কোনোভাবে সরকারি অনুমোদন সাপেক্ষে বিদেশি দূতাবাস/ সংস্থা কর্তৃক সেমিনার, সিম্পোজিয়াম, সাংস্কৃতিক অনুষ্ঠান বা অনুরূপ।

ট. ভাড়ার বিনিময়ে অডিটোরিয়াম, প্রজেকশন হল বা সেমিনার হল ও তৎসংলগ্ন লবি শুটিং করার জন্য ব্যবহার:

তবে শর্ত থাকে যে, অডিটোরিয়াম, প্রজেকশন হল বা সেমিনার হল ব্যবহারে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান বরাদ্দ প্রাপ্তির পর প্রচলিত আইনের বিধান মোতাবেক নিজ উদ্যোগে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে যোগাযোগ করে স্থাপনাসহ প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য থাকবে।

৪. অডিটোরিয়াম, প্রজেকশন হল, সেমিনার হল ও সংশ্লিষ্ট এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখা বা নিজেদের অর্থ, সম্পদ,

যন্ত্র সকল কিছুর নিরাপত্তা নিশ্চিত করাসহ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সম্পদ ক্ষতির সম্মুখীন হওয়া থেকে রক্ষার দায়িত্ব বরাদ্দ গ্রহীতার ওপর বর্তাবে । তাই বরাদ্দ গ্রহীতা কর্তৃক নিম্নোক্ত শর্তাদি পূরণ বাধ্যতামূলক:

ক. অনুষ্ঠান দ্বারা সরকারের ভাবমূর্তি, কোনো ধর্ম বিশ্বাস বা কোনো বিশেষ জনগোষ্ঠীর অনুভূতিতে আঘাত হানা যাবে না।

খ. কোনোরূপ রান্না করা খাবার বা খাবারের প্যাকেট পরিবেশন বা বিতরণ, প্যান্ডেল কিংবা ছাউনি তৈরি করা যাবে না।

গ. বরাদ্দ গ্রহণকারী সহনীয় মাত্রায় এবং অন্যদের বিরক্ত না করে শব্দযন্ত্র ব্যবহার করতে পারবেন; তবে বরাদ্দ প্রদানকারী কর্তৃপক্ষ যদি শব্দ নিয়ন্ত্রণ করতে অনুরোধ করেন তা হলে বরাদ্দ গ্রহীতা শব্দ নিয়ন্ত্রণ করতে বাধ্য থাকবেন।

ঘ. বরাদ্দ গ্রহণকারীগণ বরাদ্দপত্রে উল্লিখিত এলাকা ব্যতীত ফিল্ম আর্কাইভের অন্য কোনো এলাকায় ভ্রমণ করতে পারবে না।

ঙ. বরাদ্দ গ্রহণকারীকে বরাদ্দপত্রে উল্লিখিত সময়ের মধ্যে আনুষঙ্গিক যন্ত্রপাতি/মালপত্রসহ বরাদ্দকৃত স্থান ত্যাগ করতে হবে।

চ. বরাদ্দ গ্রহণকারীকে অনুষ্ঠান স্থলে আনীত মালামাল নিজ দায়িত্বে বরাদ্দপত্রে উল্লিখিত সময়ের মধ্যে বরাদ্দকৃত স্থান থেকে সরিয়ে নেয়ার পূর্বে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিরাপত্তা প্রধানের প্রত্যয়ন ও অনুমোদন গ্রহণ করতে হবে।

ছ. বরাদ্দকৃত স্থান ব্যবহারের প্রয়োজনে এর অভ্যন্তরে কোনো শামিয়ানা, প্যান্ডেল স্থাপন করা, প্রদীপ প্রজ্জ্বলন, মোমবাতি জ্বালানো বা আগুনের ব্যবহার করা যাবে না ।

জ. মিলনায়তনের স্টেজ, দেয়াল কিংবা সংশ্লিষ্ট স্থানে বা আসবাবপত্রে পেরেক, কাঁটা বা আঠা ব্যবহার করা যাবে না।

ঝ. পোস্টার, ব্যানার বা অনুরূপ প্রচার সামগ্রী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোথাও লাগানো যাবে না এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কোনো সম্পত্তির কোনো ক্ষতি সাধন করা যাবে না।

ঞ. বরাদ্দ গ্রহীতা বা আমন্ত্রিত অতিথি সবাই নিজে এবং তার সঙ্গের জিনিসপত্র নিরাপত্তা চেকের আওতাধীন হবেন।

ট. কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার নামে বরাদ্দকৃত অডিটোরিয়াম, প্রজেকশন হল বা সেমিনার হল অন্য কোনো ব্যক্তি, সংস্থার বা প্রতিষ্ঠান ব্যবহার করতে পারবে না ।

ঠ. বরাদ্দ গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান আহারের জন্য নির্ধারিত স্থান ব্যতীত বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবনের অন্য কোনো স্থান ব্যবহার করতে পারবে না। মূল ভবন এলাকায় ধূমপান ও মাদক দ্রব্য সেবন নিষিদ্ধ ।

৫. অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহারের সময়সূচি

ক. সকাল শিফট : সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত।

খ. বিকাল শিফট : বিকাল ৫টা থেকে রাত ১০টা পর্যন্ত।

গ. পূর্ণ দিবস : সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত ।

৬. আবেদনের সময়সীমা

অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল বরাদ্দের ক্ষেত্রে আবেদনের সময় থেকে অনুষ্ঠান আয়োজনের মধ্যে কমপক্ষে ১৫ (পনেরো) দিন ব্যবধান রেখে চলতি মাসসহ ৩ (তিন) মাস পর্যন্ত অগ্রিম বরাদ্দ দেওয়া যাবে। তবে রাষ্ট্রপতি বা প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন এমন সরকারি অনুষ্ঠান বা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নিজস্ব অনুষ্ঠান, প্রদর্শনীর উদ্বোধন ও সমাপ্তি অনুষ্ঠান বা সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনার ক্ষেত্রে এ অনুচ্ছেদের শর্ত প্রযোজ্য হবে না।

৭. আবেদনের পদ্ধতি, আবেদন ফি, জামানত এবং আনুষঙ্গিক নিয়মাবলি

ক. আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নির্দিষ্ট আবেদন ফর্ম যথাযথভাবে পূরণ করে জামানতের ধার্যকৃত অর্থসহ মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ বরাবরে বরাদ্দের আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র পাওয়ার পর কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের উৎসবের প্রয়োজনে সর্বোচ্চ ৭ (সাত) দিন পর্যন্ত বরাদ্দ প্রদান করতে পারবেন ।

খ. আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রাথমিক বরাদ্দ প্রদানের তিন কার্যদিবসের মধ্যে ভাড়ার অর্থ ভ্যাটসহ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে/হিসাব শাখায় জমা দিয়ে চূড়ান্ত বরাদ্দপত্র সংগ্রহ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে ভাড়ার সমুদয় অর্থ জমা দিতে ব্যর্থ হলে প্রাথমিক বরাদ্দপত্র বাতিল বলে গণ্য হবে।

গ. মৌখিক ও আবেদন ফি হিসেবে জামানত জমাদান ছাড়া অডিটোরিয়াম, প্রজেকশন হল বা সেমিনার হল বুকিং দেয়া যাবে না। তবে বিশেষ বিবেচনায় মহাপরিচালকের নির্দেশনা সাপেক্ষে এক্ষেত্রে ব্যতিক্রম ঘটতে পারে।

ঘ. আয়োজক সংস্থা বরাদ্দ বাতিল করলে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে ।

ঙ. আয়োজক সংস্থা অনুষ্ঠানের তারিখ পরিবর্তন (অডিটোরিয়াম, প্রজেকশন হল বা সেমিনার হল খালি থাকা বা হওয়া সাপেক্ষে) করতে চাইলে পুনরায় আবেদন ফর্ম যথাযথভাবে পূরণ সাপেক্ষে (বা বিশেষ ক্ষেত্রে লিখিত আবেদনের মাধ্যমে) জমাকৃত জামানতের সমপরিমাণ অর্থ (অফেরতযোগ্য) তারিখ পরিবর্তন বাবদ পুনরায় পরিশোধপূর্বক অনুষ্ঠানের নির্ধারিত তারিখের ৭ দিন পূর্বে আবেদন জানাতে পারবে।

চ. বরাদ্দ গ্রহীতার এখতিয়ার বহির্ভূত প্রাকৃতিক দুর্যোগ, রাজনৈতিক বা সামাজিক অচলাবস্থার কারণে নির্ধারিত তারিখ ও সময়ে অনুষ্ঠান করা সম্ভব না হলে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃপক্ষ ও বরাদ্দ গ্রহীতার পারস্পরিক সুবিধাজনক সময়ে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃপক্ষের পূর্ব অনুমোদনক্রমে পূর্বে জমাকৃত অর্থ সমন্বয় এবং অনুষ্ঠানের তারিখ ও সময় পরিবর্তন করা যাবে।

৮. অডিটোরিয়াম, সেমিনার হল ও প্রজেকশন হলের ভাড়া নিম্নরূপ হবে, যা নির্ধারিত ভ্যাটসহ অগ্রিম প্রদেয়। তবে পরবর্তী সময় এ হার বৃদ্ধি পেলে সে অনুযায়ী ভাড়া প্রদেয় হবে।

| ক্রমিক | ক্যাটাগরি | ব্যাপ্তি | ভাড়ার হার (টাকা) | | জামানতসহ সর্বমোট (টাকা) | জামানত ব্যতীত ভাড়া |
|---|---|---|---|---|---|---|
| ১. | অডিটোরিয়াম ৫০০ আসন | সারাদিন | রক্ষণাবেক্ষণ চার্জ<br>ক্লিনিং চার্জ<br>ভ্যাট : সরকার নির্ধারিত ১৫% ও ট্যাক্স<br>জামানত (ফেরতযোগ্য)<br>মূল ভাড়া | ২০,০০০/-<br>২,০০০/-<br>১,০০০/-<br>৩৪৫০/-<br>১১৫০/-<br>৫,০০০/- | ৩২,৬০০/- | ২৭,৬০০/- |
| | | এক শিফট | রক্ষণাবেক্ষণ চার্জ<br>ক্লিনিং চার্জ<br>ভ্যাট : সরকার নির্ধারিত ১৫% ও ট্যাক্স<br>জামানত (ফেরতযোগ্য)<br>মূল ভাড়া | ১০,০০০/-<br>২,০০০/-<br>১,০০০/-<br>১,৯৫০/<br>৬৫০/-<br>৩,০০০/- | ১৮,৬০০/- | ১৫,৬০০/- |

| ক্রমিক | ক্যাটাগরি | ব্যাপ্তি | ভাড়ার হার (টাকা) | | জামানতসহ সর্বমোট (টাকা) | জামানত ব্যতীত ভাড়া |
|---|---|---|---|---|---|---|
| ২. | প্রজেকশন হল<br>৩০০ আসন | সারাদিন | রক্ষণাবেক্ষণ চার্জ<br>ক্লিনিং চার্জ<br>ভ্যাট : সরকার নির্ধারিত<br>১৫% ও ট্যাক্স<br>জামানত (ফেরতযোগ্য)<br>মূল ভাড়া | ১২,০০০/-<br>২,০০০/-<br>১,০০০/-<br>২,২৫০/-<br>৭৫০/-<br>৪,০০০/- | ২২,০০০/- | ১৮,০০০/- |
| | | এক<br>শিফট | রক্ষণাবেক্ষণ চার্জ<br>ক্লিনিং চার্জ<br>ভ্যাট : সরকার নির্ধারিত<br>১৫% ও ট্যাক্স<br>জামানত (ফেরতযোগ্য)<br>মূল ভাড়া | ৭,০০০/-<br>২,০০০/-<br>১,০০০/-<br>১,৫০০/-<br>৫০০/-<br>৩,০০০/- | ১৫,০০০/- | ১২,০০০/- |
| ৩. | সেমিনার হল<br>১২০ আসন | সারাদিন | রক্ষণাবেক্ষণ চার্জ:<br>ক্লিনিং চার্জ:<br>ভ্যাট :সরকার নির্ধারিত ১৫%<br>ও ট্যাক্স<br>জামানত (ফেরতযোগ্য)<br>মূল ভাড়া: | ৫,০০০/-<br>১,০০০/-<br>১,০০০/-<br>১,০৫০/-<br>৩৫০/-<br>২,৫০০/- | ১০,৯০০/- | ৮,৪০০/- |
| | | এক<br>শিফট | রক্ষণাবেক্ষণ চার্জ<br>ক্লিনিং চার্জ<br>ভ্যাট : সরকার নির্ধারিত<br>১৫% ও ট্যাক্স<br>জামানত (ফেরতযোগ্য)<br>মূল ভাড়া | ৩,০০০/-<br>৫০০/-<br>৪০০/-<br>৬০০/-<br>২০০/-<br>১,৫০০/- | ৬,৩০০/- | ৪,৮০০/- |

তবে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিজস্ব কোনো অনুষ্ঠানের জন্য এ ভাড়া প্রযোজ্য হবে না।

৯. আনুষঙ্গিক সুবিধা

(ক) প্রজেকশন হল ভাড়ার ক্ষেত্রে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিজস্ব প্রজেক্টর মেশিন ব্যবহারের জন্য প্রতি শিফট ২,০০০ (দুই হাজার) টাকা প্রদান করতে হবে।

(খ) অনুষ্ঠানের প্রয়োজনে শুধু অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হলের বিদ্যমান আলোকসজ্জার অতিরিক্ত আলোকসজ্জা করতে চাইলে বরাদ্দ গ্রহীতা কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে অতিরিক্ত বিশ কিলোওয়াট পর্যন্ত বৈদ্যুতিক আলোক সংযোগের ব্যবস্থা করতে পারবে। বিদ্যুৎ ব্যয় বাবদ প্রতি শিফটে ৫০০ (পাঁচশ) টাকা+ভ্যাট অতিরিক্ত বিদ্যুৎ খরচ বাবদ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের হিসাব শাখায় অগ্রিম জমা দিতে হবে।

(গ) প্রতিটি অনুষ্ঠান বুকিংয়ের ক্ষেত্রে বেজমেন্টে ২০টি কার পার্কিংয়ের স্থান (অতিরিক্ত কার পার্কিংয়ের জন্য প্রতি শিফট জিপ/মাইক্রোবাস ১০০ (একশ) টাকা, বাস/ট্রাক ১৫০ (একশ পঞ্চাশ) টাকা এবং মোটরসাইকেল ৩০ (ত্রিশ) টাকা পরিশোধ সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে ব্যবহার করা যাবে।

(ঘ) প্রস্তুতি কাজের জন্য শীতাতপ সরবরাহ ও শব্দ প্রক্ষেপণ ব্যবস্থা ব্যতিরেকে অতিরিক্ত চার্জ প্রতি ঘণ্টা ১,০০০ (এক হাজার) টাকা এবং নির্ধারিত ভ্যাট নগদে পরিশোধ সাপেক্ষে বরাদ্দকৃত হল, অডিটোরিয়াম ব্যবহার করার অনুমতি দেওয়া যেতে পারে। যদি অন্য কোনো প্রতিষ্ঠানের অনুকূলে পূর্ব শিফট বরাদ্দ বা অন্য কোনো কারণ না থাকে। তবে এজন্য কমপক্ষে দুই ঘণ্টার জন্য বরাদ্দ নিতে হবে।

১০. আমানত ফেরত দেওয়ার পদ্ধতি

অনুষ্ঠান সমাপ্তির পর বরাদ্দ গ্রহীতা কর্তৃক বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কোনো অংশ বা অন্য কোনো কিছুর ক্ষতি না হলে বা অতিরিক্ত সময় ব্যবহার করা না হলে বা অন্য কোনো যৌক্তিক কারণ না থাকলে বরাদ্দ গ্রহীতা কর্তৃক জামানতের অর্থ ফেরত পাওয়ার জন্য মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ বরাবরে আবেদনের পর ৭ কার্য দিবসের মধ্যে জামানতের অর্থ ফেরত দেওয়া হবে।

১১. অতিরিক্ত সময় ব্যবহার পদ্ধতি ও তার ভাড়া

বরাদ্দকৃত সময়ের অতিরিক্ত সময় (অনুষ্ঠানে আনীত মালামাল বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মূল ভবনের সামনের দরজা দিয়ে সরিয়ে নেয়া পর্যন্ত সময়) অডিটোরিয়াম ও হল রুম ব্যবহার করলে প্রতি ঘণ্টার জন্য ২০০০ (দুই হাজার) টাকা করে অতিরিক্ত ভাড়া এবং নির্ধারিত ভ্যাট প্রদান করতে হবে। বরাদ্দ গ্রহীতাকে বরাদ্দকৃত অডিটোরিয়াম ও হল রুমে প্রবেশ ও প্রস্থানের সময় সংরক্ষিত রেজিস্টারে স্বাক্ষর করতে হবে।

১২. বাংলাদেশ ফিল্ম আর্কাইভ থেকে নিম্নোক্ত সুযোগ-সুবিধা সরবরাহ করা হবে

(ক) শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থাসহ মিলনায়তন,

(খ) অডিটোরিয়ামে ৫০০ আসন, প্রজেকশন হলে ৩০০ আসন, সেমিনার হলে ১২০ আসন (চেয়ার),

(গ) বিদ্যুৎ-এর গ্রিড লাইনে বিচ্যুতি দেখা দিলে নিজস্ব জেনারেটরে বিদ্যুৎ (আংশিক ব্যবস্থা),

(ঘ) ব্যানার লাগানোর একটি ফ্রেম,

(ঙ) বোস্ট্রাম/ পোডিয়াম ১টি, স্টেজ টেবিল ২টি, স্টেজে কুসন চেয়ার ৬টি।

(চ) মিলনায়তন থেকে মালামাল সরিয়ে নেয়ার জন্য নির্ধারিত সময়ের অতিরিক্ত ৩০ মিনিট সময় দেওয়া হবে।

১৩. রমজান মাসে অডিটোরিয়াম হল বরাদ্দের পদ্ধতি

রমজান মাসে বৃহস্পতিবার, শুক্রবার বা অন্যান্য সরকারি ছুটির দিনে এবং বিকাল শিফটে অডিটোরিয়াম ও হল বরাদ্দ দেওয়া যাবে না। তবে ফিল্ম আর্কাইভ কর্তৃপক্ষের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না।

১৪. কর্তৃপক্ষের দায়মুক্তি

অনুষ্ঠান চলাকালীন নিয়ন্ত্রণ বহির্ভূত যান্ত্রিক (বিদ্যুৎ/সাউন্ড বা অনুরূপ ক্ষেত্রে) ত্রুটি দেখা দিলে সেজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না এবং সেক্ষেত্রে ভাড়া ফেরত দেওয়া যাবে না।

১৫. অনুষ্ঠানের অতিথি সম্পর্কে তথ্য

অনুষ্ঠানের প্রধান অতিথি বা বিশেষ অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রী, বিচারপতি, সচিব, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তি বা অনুরূপ পর্যায়ের ব্যক্তিবর্গ উপস্থিত থাকলে অনুষ্ঠানের কমপক্ষে তিন দিন পূর্বে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

১৬. সাধারণ নিয়ম

(ক) এই নীতিমালায় বিধৃত হয়নি অথচ তা প্রয়োজনীয় এমন কোনো কিছু পরবর্তীতে উদঘাটিত হলে তা এই

নীতিমালায় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ সংযোজন, সংশোধন ও পরিমার্জন করতে পারবে এবং তা যথাযথ বিজ্ঞপ্তির মাধ্যমে নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে।

(খ) বরাদ্দ গ্রহীতা উপর্যুক্ত শর্তাদি প্রতিপালন করতে বাধ্য থাকবেন। প্রয়োজনবোধে কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই ফিল্ম আর্কাইভ কর্তৃপক্ষ যে-কোনো সময় অডিটোরিয়াম বা হলের বরাদ্দ স্থগিত বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। সেক্ষেত্রে বরাদ্দ গ্রহীতা কোনো ওজর-আপত্তি বা ক্ষতি পূরণ দাবি করতে পারবেন না। তবে সেক্ষেত্রে জমাকৃত সমুদয় অর্থ বরাদ্দ গ্রহীতাকে ফেরত দেওয়া হবে।

(গ) নীতিমালার উপর্যুক্ত কোনো শর্ত ভঙ্গ করা হলে জামানত বাজেয়াপ্তসহ বরাদ্দ গ্রহীতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার কক্ষ ব্যবহারে কোনো বিষয়ে নীতিমালায় সুস্পষ্ট উল্লেখ না থাকলে এ বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**কামরুন নাহার**
সচিব
তথ্য মন্ত্রণালয়



ফিল্ম চেকিং

# ২৫. বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিচালন ও ব্যবস্থাপনা নীতিমালা ২০১০

চলচ্চিত্র একটি বিনোদন মাধ্যম এবং জাতীয় স্মৃতি, সংস্কৃতি ও সমাজ বাস্তবতার ধারক। জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে দেশের ভবিষ্যৎ প্রজন্মকে সঠিক ধারণা প্রদানের উদ্দেশ্যে চলচ্চিত্র সংগ্রহ, সংরক্ষণ, পরিচর্যা, গবেষণা, প্রকাশনা, অধ্যয়ন ও সচেতনতার সুযোগ সৃষ্টির জন্য সমৃদ্ধ ও আধুনিক চলচ্চিত্র সংগ্রহশালা বা ফিল্ম আর্কাইভ গড়ে তোলার গুরুত্ব অপরিসীম। এ লক্ষ্য অর্জনে ১৯৭৮ সালের ১৭ই মে 'ফিল্ম ইনস্টিটিউট অ্যান্ড আর্কাইভ' প্রতিষ্ঠিত হয়। পরবর্তী পর্যায়ে ১৯৮৪ সাল থেকে এনাম কমিটির সুপারিশ অনুসারে প্রতিষ্ঠানটি 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ' নামে কার্যক্রম পরিচালনা করছে।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (ক) দেশে চলচ্চিত্র ও চলচ্চিত্র সংক্রান্ত সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণের একমাত্র জাতীয় প্রতিষ্ঠান; (খ) সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা, জার্নাল ও গ্রন্থ প্রকাশ, প্রশিক্ষণ, অধ্যয়ন ও সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রমের মাধ্যমে জাতীয় সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করে; (গ) চলচ্চিত্র সংক্রান্ত গ্রন্থ, সাময়িকী, প্রকাশনা, গানের বই, পোস্টার, প্রচারপত্র, স্থিরচিত্র, পাণ্ডুলিপি, যন্ত্রপাতি ও আনুষঙ্গিক সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণ করে; (ঘ) চলচ্চিত্র বিষয়ক সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, সভা ইত্যাদির আয়োজন করে; এবং (ঙ) চলচ্চিত্র প্রদর্শন, চলচ্চিত্র উৎসব প্রভৃতি আয়োজন, চলচ্চিত্র সংক্রান্ত বিশেষায়িত লাইব্রেরিতে চলচ্চিত্রসেবীদের অধ্যয়নের সুযোগ সম্প্রসারণও এ অধিদপ্তরের কাজের অন্তর্ভুক্ত।

চলচ্চিত্র সামগ্রীর সংগ্রহশালা হিসেবে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নীতিমালা থাকার প্রয়োজন অনুভূত হওয়ায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিচালন ও ব্যবস্থাপনা নীতিমালা ২০১০ প্রণয়ন করা হয়:

**১. চলচ্চিত্র সংগ্রহ**

চলচ্চিত্র সংগ্রহ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। কারণ চলচ্চিত্র একটি সামাজিক সম্পদ এবং এতে জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির চলমান উপাদান নিহিত থাকে। সংগ্রহ করা না গেলে এ সব উপাদান চিরতরে হারিয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের চলচ্চিত্র সংগ্রহ কার্যক্রম সুচারুভাবে পরিচালনার জন্য বর্ণিত পদ্ধতি অনুসরণ করা হবে:

ক) বাংলাদেশ ফিল্ম আর্কাইভে বাধ্যতামূলক চলচ্চিত্র জমাদান সম্পর্কিত বিদ্যমান আইন [*কপিরাইট (সংশোধন) আইন ২০০৫*, ধারা ১৬ এবং ১৭] অনুসরণ করা হবে। তবে নির্মাতাদের তাঁদের নির্মিত প্রতিটি চলচ্চিত্রের একটি উন্নতমানের ভালো ও সংরক্ষণযোগ্য প্রিন্ট চলচ্চিত্রটি মুক্তি পাওয়ার তারিখ থেকে এক বছরের মধ্যে আবশ্যিকভাবে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে জমা প্রদান নিশ্চিত করতে হবে।

**খ)** সরকারি, বেসরকারি, দেশীয় অথবা বিদেশি প্রতিষ্ঠান, সংস্থা, ব্যক্তি অথবা আন্তর্জাতিক সংস্থার কাছ থেকে চলচ্চিত্র ও সংরক্ষণযোগ্য চলচ্চিত্র সংশ্লিষ্ট আর্কাইভাল সামগ্রী সংগ্রহ করা হবে।

গ) পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র, ধ্রুপদী ও নান্দনিক চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র, বিজ্ঞাপনচিত্রসহ বাংলাদেশে নির্মিত যাবতীয় চলচ্চিত্র ও সংরক্ষণযোগ্য চলচ্চিত্র সামগ্রী সৌজন্য হিসেবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ক্রয় অথবা বিনিময়ের মাধ্যমে সংগ্রহ করা হবে।

ঘ) বিদেশি চলচ্চিত্র ও সংরক্ষণযোগ্য চলচ্চিত্র সামগ্রী গুরুত্ব ও প্রেক্ষাপট বিবেচনা করে সৌজন্য, ক্রয় অথবা বিনিময়ের মাধ্যমে সংগ্রহ করা হবে।

ঙ) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান আর্কাইভে সৌজন্য কপি হিসেবে চলচ্চিত্র জমা দিলে তাঁকে প্রাথমিক প্রাপ্তি স্বীকারপত্র এবং পরীক্ষা-নিরীক্ষার পর তা সংরক্ষণযোগ্য বিবেচিত হলে চূড়ান্ত প্রাপ্তি স্বীকারপত্র দেয়া হবে।

চ) আর্কাইভে সংরক্ষণের জন্য গ্রহণকালে অথবা পরীক্ষা-নিরীক্ষার পর যদি কোনো চলচ্চিত্র সংরক্ষণ উপযোগী

প্রতীয়মান না হয়, তবে চলচ্চিত্রের ঐ কপিটি জমাদানকারীকে ফেরত দেয়া হবে এবং চলচ্চিত্রটির সংরক্ষণযোগ্য মানের ১টি কপি আর্কাইভে পুনরায় জমা দেয়ার জন্য তাকে অনুরোধ জানানো হবে।

ছ) চলচ্চিত্র সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা, প্রশিক্ষণ, অধ্যয়ন এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে প্রয়োজনে দেশীয় ও আন্তর্জাতিক সংস্থা, ব্যক্তি, প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ বা গণমাধ্যমে প্রচার/প্রচারণা করা যাবে।

জ) বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত চলচ্চিত্র ও সংরক্ষণযোগ্য চলচ্চিত্র সামগ্রী ভবিষ্যৎ প্রয়োজন ও দীর্ঘকাল সংরক্ষণের স্বার্থে ক্রয়, কপি, মেরামত, সম্পাদনা, মুদ্রণ বা পুনঃমুদ্রণ করা যাবে।

ঝ) সৌজন্য হিসেবে প্রাপ্ত, সংগৃহীত, মুদ্রণকৃত, জব্দকৃত বা ক্রয়কৃত চলচ্চিত্র ও সংশ্লিষ্ট সামগ্রী আর্কাইভের নিজস্ব কপি হিসেবে গণ্য হবে।

**২. চলচ্চিত্র সংরক্ষণ**

চলচ্চিত্র বর্তমান বিশ্বের আধুনিকতম শিল্পমাধ্যম। চলচ্চিত্র সংরক্ষণে বৈজ্ঞানিক পদ্ধতি, প্রযুক্তি ও কারিগরি জ্ঞানের প্রয়োগ অত্যাবশ্যকীয়। মানসম্মত চলচ্চিত্র সংরক্ষণে বর্ণিত নীতিমালা অনুসৃত হবে:

ক) চলচ্চিত্র সংরক্ষণ-উপযোগী, বিশেষভাবে নির্মিত এবং Federation of International Film Archives (FIAF) কর্তৃক নির্ধারিত তাপমাত্রা ও আর্দ্রতা নিয়ন্ত্রিত ফিল্ম ভল্টে সংগৃহীত চলচ্চিত্র সংরক্ষণ করা হবে।

খ) আধুনিক সংরক্ষণ পদ্ধতি ও তথ্যপ্রযুক্তি প্রয়োগের মাধ্যমে সংগৃহীত চলচ্চিত্রের সুরক্ষার ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে মানোন্নয়নের সার্বিক ও সার্বক্ষণিক প্রচেষ্টা অব্যাহত রাখা হবে।

গ) সংগৃহীত চলচ্চিত্র ধরন, বিষয় ও প্রকৃতি অনুযায়ী শ্রেণিবিন্যাস করে রেজিস্টারে তালিকাভুক্ত করে পৃথকভাবে ফিল্ম ভল্টে সংরক্ষণ করা হবে।

ঘ) সংগৃহীত, সংরক্ষিত ও ক্ষতিগ্রস্ত চলচ্চিত্র মেরামত, সম্পাদনা, পুনরুদ্ধার, পুনরুৎপাদন ইত্যাদি প্রয়োজনে ফিল্ম হসপিটাল ও ডিজিটাল ফিল্ম ল্যাবরেটরি স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যাবে।

ঙ) চলচ্চিত্রের গুরুত্ব বিবেচনায় পূর্ণ কিংবা আংশিক ক্ষতিগ্রস্ত চলচ্চিত্র অগ্রাধিকার ভিত্তিতে পুনরুদ্ধার/পুনঃমুদ্রণ করে সংরক্ষণ করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

চ) ক্ষতিগ্রস্ত চলচ্চিত্র পুনঃমুদ্রণ, মেরামত বা পুনরুদ্ধারের মাধ্যমে সংরক্ষণ করা সম্ভব না হলে এবং এর দ্বারা ভল্টে সংরক্ষিত অন্যান্য চলচ্চিত্র ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা দেখা দিলে বিশেষজ্ঞ কমিটির সুপারিশ ও মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে যথাযথ কারণ উল্লেখ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ছ) সংরক্ষিত চলচ্চিত্র নিয়মিত পরীক্ষা-নিরীক্ষা, পরিচ্ছন্ন করা এবং ভল্টসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝ) সংগৃহীত চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রীর সুষ্ঠু রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সংরক্ষণ কাজে ব্যবহৃত দ্রব্যাদি/সেবা সংগ্রহ ও ক্রয় করতে পারবে। প্রয়োজনে এ জন্য দেশীয়/আন্তর্জাতিক পরামর্শক নিয়োগ করা যাবে।

ঞ) চলচ্চিত্রের চূড়ান্ত নেগেটিভ আর্কাইভে সংরক্ষণ করা হবে। বিনিময় বা সৌজন্য হিসেবে প্রাপ্ত বিদেশি চলচ্চিত্রের নেগেটিভও সংরক্ষণ করা যাবে।

**৩. চলচ্চিত্র সরবরাহ**

জাতীয়, আন্তর্জাতিক ও অন্যান্য বিভিন্ন প্রয়োজনে আর্কাইভে সংরক্ষিত চলচ্চিত্র ব্যবহারের ক্ষেত্রে জটিলতা ও বিভ্রান্তি নিরসনের জন্য বর্ণিত নীতিমালা অনুসৃত হবে:

ক) আর্কাইভের সংগ্রহ থেকে কোনো চলচ্চিত্র বাণিজ্যিক প্রদর্শনীর জন্য সরবরাহ করা যাবে না।

খ) সৌজন্য কপি হিসেবে প্রাপ্ত চলচ্চিত্র শুধু স্বত্বাধিকারীর সাময়িক প্রয়োজনে আর্কাইভ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে সরবরাহ করা যাবে। তবে সেক্ষেত্রে নির্দিষ্ট সময়ে তা ফেরত দেওয়ার লিখিত অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে।

গ) যে সকল দুষ্প্রাপ্য, দুর্লভ ও গুরুত্বপূর্ণ চলচ্চিত্রের একমাত্র কপি বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষিত আছে, ঐ সকল চলচ্চিত্র কোনো অবস্থাতেই প্রদর্শন করা যাবে না।

ঘ) দেশের অভ্যন্তরে চলচ্চিত্র উৎসব, বিশেষ ও জাতীয় গুরুত্বপূর্ণ অনুষ্ঠান, সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ, শিক্ষা, গবেষণা ইত্যাদি প্রয়োজনে শুধু যে সমস্ত চলচ্চিত্রের একাধিক কপি আছে সেগুলো আর্কাইভ থেকে সরবরাহ করা যাবে। সেক্ষেত্রে স্বীকৃত কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান কর্তৃক কমপক্ষে ১ (এক) মাস পূর্বে চলচ্চিত্রের স্বত্বাধিকারীর লিখিত অনুমতি সংযুক্ত করে আর্কাইভ কর্তৃপক্ষের কাছে আবেদন করতে হবে এবং নির্ধারিত আয়োজন শেষের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে তা আর্কাইভে ফেরত দানের লিখিত অঙ্গীকারনামা থাকতে হবে।

ঙ) আর্কাইভ কর্তৃক সরবরাহকৃত কোনো চলচ্চিত্র ব্যবহার শেষে আর্কাইভে ফেরত দানের সময় পরীক্ষা-নিরীক্ষাকালে যদি চলচ্চিত্রটির কোনো ক্ষয়ক্ষতি পরিলক্ষিত হয়, তা হলে উক্ত চলচ্চিত্র মেরামত, মুদ্রণ বা পুনঃমুদ্রণের জন্য ধার্যকৃত অর্থ চলচ্চিত্র গ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান কিংবা আয়োজক কর্তৃপক্ষ আর্কাইভকে পরিশোধ করতে বাধ্য থাকবেন। ফিল্ম আর্কাইভ কর্তৃপক্ষ এই ক্ষয়ক্ষতির মূল্য নির্ধারণ করবেন।

চ) আর্কাইভের নিজস্ব আয়োজনের ক্ষেত্রে সংরক্ষিত চলচ্চিত্র ব্যবহার/প্রদর্শনের জন্য কোনো চলচ্চিত্র স্বত্বাধিকারীর অনুমতির প্রয়োজন হবে না।

### ৪. চলচ্চিত্রের কপি এবং বাণিজ্যিক প্রদর্শন

আর্কাইভের নিজস্ব প্রজেকশন হলে নিয়মিতভাবে দেশীয়/ আন্তর্জাতিক চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা করা হবে। জাতীয় দিবস বা কোনো বিশেষ দিবস কিংবা কর্মসূচির অংশ বা অন্যান্য প্রয়োজনে আর্কাইভ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আর্কাইভে সংরক্ষিত চলচ্চিত্র প্রদর্শন/ব্যবহার করা যাবে। তবে কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান, সংস্থা কিংবা চলচ্চিত্র সোসাইটি আর্কাইভ থেকে নেয়া কোনো চলচ্চিত্রের কোনো কপি করতে এবং কোনোভাবেই তা বাণিজ্যিকভাবে প্রদর্শন করতে পারবে না। চলচ্চিত্রের স্বত্বাধিকারীগণ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত ফি/চার্জ/ভাড়ার বিনিময়ে আর্কাইভে সংরক্ষিত ও কপিযোগ্য চলচ্চিত্র কপি করতে এবং সেবা ও সুবিধাদি গ্রহণ করতে পারবেন।

### ৫. লাইব্রেরি ব্যবস্থাপনা ও ব্যবহার

আর্কাইভের বিশেষায়িত লাইব্রেরি ব্যবহারের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা:

ক) লাইব্রেরি সরকারি অফিস সময়সূচি অনুযায়ী খোলা থাকবে। সকল সরকারি ছুটির দিন লাইব্রেরি বন্ধ থাকবে। তবে বিশেষ ব্যবস্থাধীনে সাপ্তাহিক ছুটির ১টি দিন (শনিবার) লাইব্রেরি খোলা থাকবে। কর্তৃপক্ষ বিশেষ প্রয়োজনে এ সময়সূচি পরিবর্তন করতে পারবে।

খ) চলচ্চিত্র বিষয়ের ছাত্র, শিক্ষক, প্রশিক্ষক, গবেষক, কর্মী, কলাকুশলী, নির্মাতা, চলচ্চিত্রবোদ্ধা ও উৎসাহী পাঠকগণ লাইব্রেরির মূল ব্যবহারকারী হিসেবে বিবেচিত হবেন। আর্কাইভের কর্মকর্তা ও কর্মচারীগণও লাইব্রেরি ব্যবহার করতে পারবেন। আর্কাইভ কর্তৃপক্ষ লাইব্রেরি ব্যবহারের শর্তাবলি নির্ধারণ করবেন।

গ) লাইব্রেরি থেকে কোনো বই বা কোনো ডকুমেন্ট ধার দেয়া যাবে না। লাইব্রেরি ব্যবহারকারীগণ লাইব্রেরির কোনো বই কিংবা অন্য কোনো ডকুমেন্টের ক্ষতি সাধন করলে তার জন্য কর্তৃপক্ষ ঐ ব্যক্তির নিকট হতে উপযুক্ত ক্ষতিপূরণের অর্থ আদায় করতে পারবেন।

ঘ) বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত বা সংগৃহীত কিংবা উদ্ধারকৃত গ্রন্থ, চিত্রনাট্য, শুটিং স্ক্রিপ্ট, গানের বই, স্থিরচিত্র, পোস্টার ও অন্যান্য আর্কাইভাল সামগ্রী ভবিষ্যৎ সংগ্রহের জন্য মুদ্রণ, পুনঃমুদ্রণ বা ক্রয় করতে পারবে।

ঙ) লাইব্রেরিতে ডিজিটাল ফর্মেটে প্রাপ্ত ভিডিও/ডিভিডি এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য আধুনিক ফর্মেটে নির্মিত প্রাপ্ত চলচ্চিত্র নিয়মিত ক্রয়/সংগ্রহ, প্রদর্শন ও সংরক্ষণ করা হবে।

চ) ক্ষতিগ্রস্ত কোনো সংরক্ষিত বা সংগৃহীত চলচ্চিত্র সামগ্রী পুনঃমুদ্রণ, মেরামত বা পুনরুদ্ধার করা সম্ভব না হলে বিশেষজ্ঞ কমিটির সুপারিশ ও মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে যথাযথ কারণ উল্লেখ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

ছ) লাইব্রেরি সেবা/সুবিধা ব্যবহারের জন্য সময়ে সময়ে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে চার্জ আদায় করা যাবে।

**৬. প্রকাশনা**

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ চলচ্চিত্র সংরক্ষণ ও ব্যবস্থাপনা, এক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার, চলচ্চিত্র সংক্রান্ত গবেষণা, বার্ষিক প্রতিবেদন, গ্রন্থ, জার্নাল, ম্যাগাজিন, স্মারকগ্রন্থ, চলচ্চিত্রকোষ, ক্যাটালগ, গানের বই, অ্যালবাম, বুলেটিন, পরিচিতি পুস্তিকা, সুভেনির ইত্যাদি প্রকাশ করবে। প্রতিটি নিয়মিত প্রকাশনার জন্য আর্কাইভ কর্তৃপক্ষ বিশেষজ্ঞ কমিটির সুপারিশের ভিত্তিতে একজন সম্পাদক ও একটি সম্পাদনা পরিষদ নিযুক্ত করবেন। আর্কাইভের মহাপরিচালক পদাধিকার বলে প্রকাশনার সম্পাদক নিযুক্ত হবেন। সম্পাদক ও সম্পাদনা পরিষদ প্রকাশনার পরিকল্পনা প্রণয়ন, লেখা ও অন্যান্য উপাদান সংগ্রহ, প্রাপ্ত লেখা মূল্যায়ন ও সম্পাদনা করবেন। সামগ্রিকভাবে প্রকাশনার গুণগত মান নিশ্চিত করতে সম্পাদনা পরিষদের একজন সদস্য নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে নির্বাহী সম্পাদকের দায়িত্ব পালন করবেন। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল প্রকাশের ক্ষেত্রে আর্কাইভের একজন মনোনীত কর্মকর্তা/কর্মচারী জার্নালের সম্পাদনা সহযোগী এবং একজন কম্পিউটার অপারেটর সম্পাদনা সহকারী নিযুক্ত হবেন। জার্নাল ষাণ্মাসিক/বার্ষিক ভিত্তিতে প্রকাশিত হবে।

প্রতি সংখ্যা জার্নাল/নিয়মিত প্রকাশনার জন্য উপদেষ্টা (প্রযোজ্য ক্ষেত্রে), সম্পাদক, সম্পাদনা পরিষদের সদস্য, নির্বাহী সম্পাদক ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ প্রত্যেকে; জার্নালে/নিয়মিত প্রকাশনায় প্রকাশিত প্রতি লেখা/প্রবন্ধের জন্য লেখক/প্রবন্ধকার এবং মূল্যায়নকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিধি মোতাবেক নির্ধারিত হারে সম্মানী/ভাতা প্রাপ্য হবেন।

অনিয়মিত প্রকাশনার জন্য পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে পাণ্ডুলিপি আহ্বান করা যেতে পারে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের গবেষণা প্রতিবেদন, স্বেচ্ছায় জমাদানকৃত এবং বিজ্ঞাপনের ভিত্তিতে প্রাপ্ত পাণ্ডুলিপি/প্রস্তাবসমূহের মধ্য থেকে অর্থ বরাদ্দ ও বিষয়বস্তুর গুরুত্ব বিবেচনা করে বাছাইকৃত সীমিত সংখ্যক পাণ্ডুলিপির তালিকা প্রস্তুত করা হবে। লেখকদের কাছ থেকে প্রাপ্ত প্রতিটি পাণ্ডুলিপি একজন বিশেষজ্ঞ দ্বারা মূল্যায়ন/সমীক্ষণ করা হবে। প্রতি পাণ্ডুলিপি মূল্যায়ন/সমীক্ষণের জন্য সমীক্ষক বিধি মোতাবেক নির্ধারিত হারে সম্মানী ভাতা পাবেন। সমীক্ষকের মতামত অনুসারে লেখক কর্তৃক সংশোধিত পাণ্ডুলিপি বিশেষজ্ঞ কমিটি কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হলে পাণ্ডুলিপি প্রণেতা এ বাবদ বিধি মোতাবেক নির্ধারিত হারে সম্মানী পাবেন।

চূড়ান্তকৃত পাণ্ডুলিপি টেন্ডার অথবা বিজি প্রেসে রিকুইজিশন প্রদানের মাধ্যমে মুদ্রণ/প্রকাশ করা যাবে। প্রকাশনা সংক্রান্ত সকল ব্যয় ‘মুদ্রণ ও বাঁধাই’ খাত থেকে নির্বাহ করা হবে। প্রকাশনা সংক্রান্ত যাবতীয় বিষয়ে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন আর্কাইভের পরিচালক।

**৭. গবেষণা ও প্রশিক্ষণ**

চলচ্চিত্র সংগ্রহ, সংরক্ষণ, অধ্যয়ন ও চলচ্চিত্র সংস্কৃতির বিকাশের লক্ষ্যে পরিচালিত নিয়মিত গবেষণা কার্যক্রমে বর্ণিত নীতিমালা অনুসৃত **হবে :**

চলচ্চিত্র সংগ্রহ, সংরক্ষণ ও চলচ্চিত্র সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা পরিচালনা করা যাবে। প্রতি বছরের শুরুতে এ বিষয়ে বহুল

প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে গবেষণা প্রস্তাব আহ্বান করতে হবে। স্বপ্রণোদিতভাবেও বাংলাদেশ ফিল্ম আর্কাইভে চলচ্চিত্র গবেষণার প্রস্তাব জমা দেয়া যাবে। আর্থিক বরাদ্দ ও বিষয়ের গুরুত্ব বিবেচনা করে প্রতিবছর সীমিত সংখ্যক বাছাইকৃত প্রস্তাবের ওপর গবেষণা কার্যক্রম পরিচালিত হবে।

গবেষণার বরাদ্দ ও নির্বাচিত গবেষণা প্রস্তাবের সংখ্যা বিবেচনা করে বিশেষজ্ঞ কমিটির সুপারিশ মোতাবেক আর্কাইভ কর্তৃপক্ষ গবেষণা বরাদ্দের প্রস্তাব করবেন ও চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। প্রতিটি গবেষণার ক্ষেত্রে নির্বাচিত গবেষক ও বিশেষজ্ঞ/তত্ত্বাবধায়ক বিধি মোতাবেক নির্ধারিত হারে সম্মানী প্রাপ্য হবেন। গবেষণা সংক্রান্ত যাবতীয় ব্যয় ‘গবেষণা’ খাত থেকে নির্বাহ করা হবে। গবেষণা সংক্রান্ত যাবতীয় বিষয়ে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন আর্কাইভের পরিচালক।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভে একটি চলচ্চিত্র গবেষণা কর্নার থাকবে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃপক্ষ সরকারের অনুমোদনক্রমে ‘বাংলাদেশ চলচ্চিত্র গবেষণা বৃত্তি/ফেলোশিপ’ চালু করতে পারবেন।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা-কর্মচারীদের জন্য স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ ও কর্মশালা এবং চলচ্চিত্রে উন্নত দর্শকরুচি সৃষ্টির উদ্দেশ্যে চলচ্চিত্রকর্মী ও চলচ্চিত্রপ্রেমীদের জন্য বিভিন্ন সময়ে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ফিল্ম অ্যাপ্রিসিয়েশন কোর্স ও উচ্চতর ফিল্ম অ্যাপ্রিসিয়েশন কোর্স আয়োজন করা যাবে।

প্রশিক্ষণ সংশ্লিষ্ট সম্মানী/পারিশ্রমিক ও আনুষঙ্গিক ব্যয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্বাহ করা হবে।

কোর্সে ভর্তির জন্য মনোনীত প্রতিজন শিক্ষার্থীর কাছ থেকে সময়ে সময়ে নির্ধারিত হারে কোর্স ফি আদায় করা যাবে।

### ৮. সেমিনার/ওয়ার্কশপ/কনফারেন্স

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণের জন্য সচেতনতা সৃষ্টির লক্ষ্যে চলচ্চিত্র সংক্রান্ত বিষয়ে সেমিনার, ওয়ার্কশপ, কনফারেন্স ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করবে। সেমিনার, ওয়ার্কশপ ও আলোচনা অনুষ্ঠানের যাবতীয় ব্যয়ভার সরকারি বিধি মোতাবেক সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে। প্রতি অধিবেশনে সভাপতি, নির্ধারিত আলোচক (জনপ্রতি), প্রবন্ধকার/মূল আলোচক, মডারেটর, উপস্থাপক, সমন্বয়কারী, সেবাদানকারী কর্মচারী ও কম্পিউটার অপারেটরগণ বিধি মোতাবেক সম্মানী/পারিশ্রমিক প্রাপ্য হবেন।

### ৯. আর্কাইভের অবকাঠামো ও সেবা সুবিধাদি ব্যবহার

সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান বা সংস্থাকে নির্ধারিত ফি/ভাড়ার বিনিময়ে আর্কাইভের অবকাঠামো ও সেবা সুবিধাদি ব্যবহারের অনুমতি দেয়া যাবে। আর্কাইভের মিলনায়তন/প্রজেকশন হল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান বা সংস্থা, চলচ্চিত্র সংশ্লিষ্ট সোসাইটি/ প্রতিষ্ঠানের কাছে সময়ে সময়ে নির্ধারিত ভাড়ার বিনিময়ে ব্যবহারের সুযোগ প্রদান করা যাবে। আর্কাইভ কর্তৃপক্ষ অডিটোরিয়াম এবং অন্যান্য সেবা ও সুবিধাদির উপযোগিতা/বাজার মূল্য ইত্যাদি বিবেচনা করে ব্যবহার মূল্য/ভাড়ার হার নির্ধারণ/পুনঃনির্ধারণ করবেন।

### ১০. বিক্রয় ও বিতরণ

আর্কাইভ কর্তৃক প্রকাশিত ও উৎপাদিত গ্রন্থ, জার্নাল, সাময়িকী, চলচ্চিত্র ও প্রামাণ্যচিত্রের সিডি/ডিভিডি, প্রশিক্ষণ ও প্রামাণ্যচিত্র ইত্যাদি বিক্রয় ও বিপণনের জন্য আর্কাইভ কর্তৃপক্ষ দেশি এবং বিদেশি পুস্তক বিক্রেতাকে এজেন্ট নিয়োগ করতে পারবেন। আর্কাইভ কর্তৃক প্রকাশিত সামগ্রী নিয়ে বইমেলাসহ সমজাতীয় প্রদর্শনীতে অংশগ্রহণ করতে পারবে। আর্কাইভ কর্তৃপক্ষ বিশেষজ্ঞ কমিটির সুপারিশ মোতাবেক প্রকাশনার বিক্রয় মূল্য এবং বিক্রয় মূল্যের কমিশন নির্ধারণ ও পুনঃনির্ধারণ করতে পারবেন। আর্কাইভের লাইব্রেরিয়ান বিক্রয় ও বিতরণের বিষয়ে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।

আর্কাইভের প্রকাশনা বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে সৌজন্য হিসেবে বিতরণ করা যাবে। চলচ্চিত্র সংক্রান্ত প্রকাশনা, সুভেনির, সিডি, ডিভিডি, পোস্টার, স্থিরচিত্র ও অন্যান্য আর্কাইভাল সামগ্রীর পুনরুৎপাদনকৃত সরঞ্জামাদি প্রদর্শন ও বিক্রয়ের উদ্দেশ্যে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের একটি নিজস্ব বুকশপ/স্টল খোলা হবে। বিশেষজ্ঞ কমিটির সুপারিশের আলোকে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃপক্ষ বুকশপ/স্টল পরিচালনার যাবতীয় পদক্ষেপ গ্রহণ করবেন। চলচ্চিত্র শিক্ষার্থী ও চলচ্চিত্রের সাথে সংশ্লিষ্ট রেজিস্টার্ড সোসাইটিকে হ্রাসকৃত মূল্যে মিলনায়তন/ প্রজেকশন হল ইত্যাদি ব্যবহারের অনুমতি দেয়া যাবে।

### ১১. বিশেষজ্ঞ সেবা গ্রহণ

চলচ্চিত্র সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা, প্রকাশনা, প্রশিক্ষণ, অধ্যয়ন, সচেতনতা সৃষ্টি ও অন্যান্য কার্যক্রমে বিশেষজ্ঞ সহায়তা, পরামর্শ ও এ সকল বিষয়ে সুপারিশ প্রদানের লক্ষ্যে

ক) বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃপক্ষ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ২ (দুই) বছর মেয়াদি অনধিক ৭ (সাত) সদস্যবিশিষ্ট ১টি বিশেষজ্ঞ কমিটি গঠন ও নবায়ন করতে পারবেন।

খ) আর্কাইভের মহাপরিচালক পদাধিকার বলে কমিটির সভাপতি নিযুক্ত হবেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি ১ জন; মন্ত্রণালয়ের অধীনস্থ বিভাগ (বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন সংস্থা/চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর/ বাংলাদেশ সেন্সর বোর্ড)-এর প্রতিনিধি ১ জন; এবং চলচ্চিত্র ব্যক্তিত্ব, চলচ্চিত্র শিক্ষক ও কারিগরি বিষয়ে অভিজ্ঞ সংশ্লিষ্ট ব্যক্তিদের মধ্য থেকে ৩ জন প্রতিনিধি কমিটির সদস্য মনোনীত হবেন। ফিল্ম আর্কাইভের পরিচালক কমিটির সদস্য-সচিব নিযুক্ত হবেন।

গ) বিশেষজ্ঞ কমিটির সদস্যবর্গ ৩ মাসে কমপক্ষে ১ বার সভায় মিলিত হবেন এবং তাঁরা এজন্য বিধি মোতাবেক সিটিং ফি প্রাপ্য হবেন।

ঘ) বিশেষজ্ঞ কমিটি কার্যক্রম পরিচালনার জন্য উপকমিটি গঠন করতে পারবে। উপকমিটির সদস্যবর্গ কর্মপরিধি দ্বারা নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সংখ্যক সভা করতে পারবেন। এজন্য তাঁরা প্রত্যেকে বিধি মোতাবেক সিটিং ফি প্রাপ্য হবেন।

ঙ) বিশেষজ্ঞ কমিটি আর্কাইভের সার্বিক কল্যাণ ও উন্নয়নের লক্ষ্যে চলচ্চিত্র সংগ্রহ, সংরক্ষণ, গ্রন্থাগার ব্যবস্থাপনা, গবেষণা, প্রকাশনা, প্রশিক্ষণ, সেবা সুবিধা ও সচেতনতা বৃদ্ধিমূলক অন্যান্য কার্যক্রম ও পেশাগত দক্ষতা বৃদ্ধির বিষয়ে সুপারিশ ও পরামর্শ প্রদান করবে।

চ) চলচ্চিত্র ও চলচ্চিত্র সংক্রান্ত দ্রব্যাদির প্রদর্শনী, উৎসব, সেমিনার, ওয়ার্কশপ, আলোচনা ইত্যাদি আয়োজনের বিষয়ে সুপারিশ প্রদান করবে।

ছ) জাতীয় এবং আন্তর্জাতিক প্রেক্ষাপটে গুরুত্বপূর্ণ, মূল্যবান ও দুষ্প্রাপ্য চলচ্চিত্র এবং পুরস্কারপ্রাপ্ত চলচ্চিত্র ক্রয় বা বিনিময়ের মাধ্যমে সংগ্রহ করার বিষয়ে পরামর্শ এবং সংগৃহীতব্য চলচ্চিত্রের মূল্য নির্ধারণে সুপারিশ প্রদান করবে।

জ) আর্কাইভে সংরক্ষিত চলচ্চিত্র ও চলচ্চিত্র সংক্রান্ত দ্রব্যাদি, অন্যান্য উপাদান ও উপকরণ, যা সংরক্ষণের উপযোগী নয় কিংবা পুনরুদ্ধার করাও সম্ভব নয়, সেগুলো ধ্বংস করা অথবা বিক্রয়যোগ্য হলে বিক্রি করা অথবা অন্য পদক্ষেপের বিষয়ে পরামর্শ ও সুপারিশ প্রদান করবে।

ঝ) ফিল্ম আর্কাইভের চলচ্চিত্র সংরক্ষণ, ভল্ট ব্যবস্থাপনা এবং চলচ্চিত্র সংক্রান্ত যন্ত্রপাতি ও দ্রব্যাদি সংগ্রহ ও সংরক্ষণের জন্য পরামর্শ/সুপারিশ প্রদান করবে।

ঞ) লাইব্রেরির উন্নয়ন ও আধুনিকায়নের বিষয়ে পরামর্শ প্রদান করবে।

ট) ফিল্ম আর্কাইভের সার্বিক উন্নয়ন সংক্রান্ত বিবিধ বিষয়ে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে পরামর্শ প্রদান করবে।

ঠ) কমিটি নীতিমালা বাস্তবায়ন/সংশোধনের সুপারিশ প্রদান করতে পারবে।

**১২. বিবিধ**

ক) বাংলাদেশ ফিল্ম আর্কাইভে একটি মুক্তিযুদ্ধ কর্নার থাকবে।

খ) বাংলাদেশ ফিল্ম আর্কাইভে একটি ফিল্ম মিউজিয়াম গড়ে তোলা হবে।

গ) চলচ্চিত্র সংক্রান্ত পোস্টার, গানের বই, চিত্রনাট্য, স্থিরচিত্র, ফুটেজ ইত্যাদির পুনরুৎপাদন ও বিপণনের উদ্যোগ নেয়া যাবে। পুরোধা চলচ্চিত্র ও সাংস্কৃতিক ব্যক্তিবর্গের জীবনী নির্ভর প্রামাণ্যচিত্র নির্মাণ, সংরক্ষণ ও বিপণন করা যাবে।

ঘ) সংরক্ষিত চলচ্চিত্রের সুরক্ষা ও বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সামগ্রিক নিরাপত্তার বিষয়ে সতর্কতা অবলম্বন করা হবে। অগ্নি নিরাপত্তার ক্ষেত্রে বিশেষ সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করা হবে।

ঙ) চলচ্চিত্র সংরক্ষণে নিয়োজিত ব্যক্তিবর্গের স্বাস্থ্য সুরক্ষার জন্য বিশেষ সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করা হবে।

চ) আন্তর্জাতিক সহযোগিতা, চুক্তি, সাংস্কৃতিক বিনিময়, যৌথ উদ্যোগ, বেসরকারি অর্থায়ন ইত্যাদির আওতায় উৎসব আয়োজন, চলচ্চিত্র বিনিময়সহ অন্যান্য কার্যক্রম আয়োজন/অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ করা যাবে।

ছ) বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ডিজিটাল Backup ও Online ব্যবস্থা চালু করা হবে।

জ) বাংলাদেশ ফিল্ম আর্কাইভের একটি নিজস্ব ওয়েবসাইট থাকবে এবং তাতে চলচ্চিত্র সংক্রান্ত হালনাগাদ তথ্যসহ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের যাবতীয় তথ্যাদি রাখা হবে।

ঝ) বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জাতীয় ও আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব, প্রদর্শনী, রেট্রোসপেকটিভ ইত্যাদি আয়োজন করতে পারবে।

ঞ) আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে চলচ্চিত্র সংগ্রহ, সংরক্ষণ, শিক্ষা, প্রশিক্ষণ, গবেষণা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা যাবে।

**১৩. সংশোধন**

কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ নীতিমালা সংশোধন করতে পারবে।

ড. কামাল আবদুল নাসের চৌধুরী
সচিব
তথ্য মন্ত্রণালয়

## ২৬. বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নালে লেখা প্রেরণ

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নালে চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ, চলচ্চিত্র শিক্ষা ও গবেষণা, চলচ্চিত্রের ঐতিহাসিক, নান্দনিক ও কারিগরি দিক; চলচ্চিত্র ও চলচ্চিত্র বিষয়ক গ্রন্থের আলোচনা, বিশ্লেষণ ও সমালোচনা, চলচ্চিত্র নির্মাণের প্রযুক্তি ও বিবর্তন এবং শিশুতোষ চলচ্চিত্র নির্মাণ সংশ্লিষ্ট প্রবন্ধ-নিবন্ধ প্রকাশকে প্রাধান্য দেওয়া হয়। এছাড়াও চলচ্চিত্র বিষয়ক যে-কোনো মানসম্মত প্রবন্ধ জার্নালটিতে স্থান পেতে পারে।

জার্নালে প্রকাশের জন্য প্রেরিত লেখাটি গবেষণাধর্মী, মৌলিক ও অপ্রকাশিত হতে হবে। জার্নালে প্রকাশের জন্য প্রেরিত প্রতিটি লেখার হার্ডকপি মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ফিল্ম আর্কাইভ ভবন, এফ- ৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় এবং সফটকপি e-mail: dg@bfa.gov.bd বা bfarchivebd@gmail.com মেইলে প্রেরণ করতে হবে। ই-মেইলে সফটকপি প্রেরণের পর অবশ্যই প্রকাশনার কাজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে ফোনে অবহিত ও নিশ্চিত করতে হবে।

প্রাপ্ত লেখা বিশেষজ্ঞের মূল্যায়ন শেষে সম্পাদনা পরিষদ কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার পর জার্নালে মুদ্রিত হলে লেখককে নির্ধারিত সম্মানী প্রদান করা হয়। জার্নালে প্রকাশিত সকল লেখার স্বত্বাধিকারী বাংলাদেশ ফিল্ম আর্কাইভ এবং লেখা প্রকাশের পূর্বে প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনসহ সম্পাদনা করার পূর্ণ এখতিয়ার বাংলাদেশ ফিল্ম আর্কাইভের। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নালে লেখা প্রেরণের নিয়মাবলি এবং জার্নালের পুরোনো সংখ্যা দেখার জন্য website: www.bfa.gov.bd ভিজিট করা যেতে পারে।



ফিল্ম মিউজিয়ামের একাংশ

## ২৭. বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকায় বর্তমানে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা

| পদের শ্রেণি | নাম | পদবি | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| প্রথম শ্রেণি (৯ম-৩য় গ্রেড) | মো. কামরুজ্জামান | মহাপরিচালক | ০১৫৫২৪২০৯৭৩ |
| | ফারহানা রহমান | পরিচালক | ০১৭২০২১২১২২ |
| | মুহাম্মদ আরিফ সাদেক | পরিচালক (সংযুক্ত) | ০১৭১১৫৭৩৮৭৪ |
| | মোহাম্মদ আরিফুজ্জামান | উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা) - (চ.দা.) | ০১৯৩৬৮৫৬৭৭০ |
| | মো. মনিরুজ্জামান | উপপরিচালক (সংযুক্তিতে বিসিটিআইতে কর্মরত) - (চ.দা.) | ০১৭১১৪৮৭৮৩৯ |
| দ্বিতীয় শ্রেণি (১০ গ্রেড) | মোহাম্মদ রাশেদুল আলম গাজী | উপ-সহকারী প্রকৌশলী | ০১৮১৫০০০২১৯ |
| | স্মিতা বড়ুয়া | উপ-সহকারী প্রকৌশলী | ০১৭৪৪২৭২৩৩৬ |
| | সাবিনা ইয়াসমিন | উপ-সহকারী প্রকৌশলী | ০১৯৩৩৫১৪৭৬১ |
| | মো. হাবিবুল্লাহ আল আহাদ | উপ-সহকারী প্রকৌশলী | ০১৭১৮৩৮৪২৫১ |
| | মোহাম্মদ আনিসুর রহমান | স্টোর অফিসার | ০১৭১৫২৪৫৫৯১ |
| | নাজমা বেগম | হিসাবরক্ষণ কর্মকর্তা | ০১৮১২৩৯৫০৪৫ |
| | আছমা আক্তার | লাইব্রেরিয়ান | ০১৭৬৬৪৫১৫৬৪ |
| | কিবরিয়া সিদ্দিকী | এসি সুপারভাইজার | ০১৭১৭০৪৫০৪৮ |
| | মো. শাহাজাহান কবির মজুমদার | ফিল্ম অফিসার | ০১৭১৫১৯৯৩৬০ |
| | নুসরাত জেরীন | প্রশাসনিক কর্মকর্তা (চ.দা.) | ০১৫১৫৬১৯২৮৫ |
| তৃতীয় শ্রেণি (১১-১৬ গ্রেড) | মেজবাহ উদ্দিন | প্রজেকশনিস্ট | ০১৬২৩৮৬১৬৪০ |
| | গোলাম মোস্তফা | ফিল্ম চেকার | ০১৭২০২৭০৮২৯ |
| | আব্দুর রহমান | প্রজেকশনিস্ট | ০১৬৮০৩০২৭৬৭ |

| পদের শ্রেণি | নাম | পদবি | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| তৃতীয় শ্রেণি (১১-১৬ গ্রেড) | সৈয়দ কামরুল হাসান | প্রজেকশনিস্ট | ০১৭৪৯৪৬২৮২৮ |
| | আবুল কাউসার মো. আল আমিন | ফিল্ম ইনভেস্টিগেটর | ০১৭২৫-৩২৬৭৩৫ |
| | মো. খলিলুর রহমান তালুকদার | স্টোর কিপার | ০১৬৮৫৫৭০৪০২ |
| | নির্মল চন্দ্র রায় | টেকনিশিয়ান | ০১৭৩৭৩৮৮১৬১ |
| | মো. মনিরুল ইসলাম | টেকনিশিয়ান | ০১৭২৩৭৮৩২০৫ |
| | মো. আহসান হাবীব মিলন | টেকনিশিয়ান | ০১৭১৮৫৪৫০০৩ |
| | মো. সবুজ মিয়া | সহকারী লাইব্রেরিয়ান | ০১৭২২৯১৫০০৭ |
| | মো. অনিক রায়হান | স্টোর কিপার | ০১৭৬১-২৮২৯০৮ |
| | লক্ষ্মী রাণী মোদক | টেলিফোন অপারেটর | ০১৭১৮১০৩২৪৯ |
| | জাকিয়া পারভীন | অ্যাকাউন্ট্যান্ট | ০১৬৮৭১৩৫১৪৩ |
| | মো. ফরিদুল ইসলাম | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ০১৭২৯-৬৩০৫৭৯ |
| | জাহাঙ্গীর আলম | কাউন্টার সহকারী | ০১৮৩৩২৯০২৯৫ |
| | মো. মাহফুজুল ইসলাম | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১৮১২-০২৫৩২৫ |
| | মরজিনা রিয়া মুন্নী | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১৮৫৫-১৮৭৩৬৪ |
| | মো. হালিম বেপারী | মটর ড্রাইভার (হেভী) | ০১৭৬৬৪২৯৯৮৭ |
| | সোহরাব খান, | গাড়ি চালক | ০১৭৭৮-৬৯৫৬৫৩ |
| | হাবিবুর রহমান | ইলেক্ট্রিশিয়ান | ০১৭২৪৯৫১৬২২ |
| | আতিকুর রহমান | ইলেক্ট্রিশিয়ান | ০১৯৪২২৭৭৪৫৪ |

| পদের শ্রেণি | নাম | পদবি | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| চতুর্থ শ্রেণি (১৭-২০ গ্রেড) | মো. জিল্লুর রহমান | ডেসপাছ রাইডার | ০১৭৬০১৬৩৩২২ |
| | মো. সহিদুর রহমান | ক্যাশ সরকার | ০১৯২২৪০৭০৮০ |
| | মো. সাহান মিয়া | লোডার | ০১৮২২২৮৮৫৬০ |
| | মো. বেলায়েতুর রহমান (রতন) | অফিস সহায়ক | ০১৮২২২৮৮৫৬০ |
| | মো. বাবু হক | নিরাপত্তা প্রহরী | ০১৭২৭৮৬৫৭৮৯ |
| | মো. রফিকুল ইসলাম | নিরাপত্তা প্রহরী | ০১৭৩৬৬৩০৭২২ |
| | মো. মোশারফ | অফিস সহায়ক | ০১৯৪১-৬০১৫৩৫ |
| | শচীন্দ্র নাথ মোহন্ত | নিরাপত্তা প্রহরী | ০১৭৩৫-০৯৪৯২৬ |

দেশি ও বিদেশি উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি শীর্ষক চলমান প্রকল্পের জনবল

| পদের শ্রেণি | নাম | পদবি | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| প্রথম শ্রেণি (৪র্থ গ্রেড) | ইয়াকুব আলী | প্রকল্প পরিচালক | ০১৭৯৮-৪০৮১০৩ |
| দ্বিতীয় শ্রেণি (১০ গ্রেড) | মো. শামিম হোসেন | উপ-সহকারী প্রকৌশলী | ০১৭৮৯০৮৭৮৩১ |
| | মো. মসিউল ইসলাম | সহকারী ক্যামেরাম্যন-০১ | ০১৬৭৫৩৯৫৯৩৯ |
| | মো. তৈয়্যবুর রহমান | সহকারী ক্যামেরাম্যন-০২ | |
| | মৃনাল কান্তি রায় | ভিডিও এডিটর-০১ | ০১৭১৪১৭৮৫১৪ |
| | মুহাম্মদ এনামুল হক | ভিডিও এডিটর-০২ | ০১৮৭৬০৮৮২১০ |
| তৃতীয় শ্রেণি (১১-১৬) | ফারজানা আক্তার লিজা | সহকারী হিসাবরক্ষক | ০১৮১৯৪১৮২৭৫ |
| | তাকিমু তামিম মিয়া | ডাটা এন্ট্রি অপারেটর | ০১৭১৪৯৮৬০৭০ |

## ২৮. বিশিষ্ট ব্যক্তিদের জীবন ও কর্ম নিয়ে তৈরিকৃত ডকুমেন্টেশন-এর তালিকা

| ক্রম | বিশিষ্ট ব্যক্তিদের নাম | পরিচিতি |
|---|---|---|
| ১. | রানী সরকার | আজীবন সম্মাননা প্রাপ্ত বিশিষ্ট অভিনেত্রী |
| ২. | এটিএম শামসুজ্জামান | জাতীয় চলচ্চিত্র পুরস্কার ও আজীবন সম্মাননা প্রাপ্ত বিশিষ্ট অভিনেতা |
| ৩. | সুজাতা আজিম | আজীবন সম্মাননা প্রাপ্ত বিশিষ্ট অভিনেত্রী |
| ৪. | আবুল ফজল মোহাম্মদ খলিলুল্লাহ খান (খলিল) | জাতীয় চলচ্চিত্র পুরস্কার ও আজীবন সম্মাননা প্রাপ্ত বিশিষ্ট অভিনেতা |
| ৫. | সৈয়দ হাসান ইমাম | একুশে পদক, স্বাধীনতা পদক ও আজীবন সম্মাননা প্রাপ্ত বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তি |
| ৬. | আকবর হোসেন পাঠান (ফারুক) | জাতীয় চলচ্চিত্র পুরস্কার ও আজীবন সম্মাননা প্রাপ্ত বিশিষ্ট অভিনেতা |
| ৭. | প্রবীর মিত্র | জাতীয় চলচ্চিত্র পুরস্কার ও আজীবন সম্মাননা প্রাপ্ত বিশিষ্ট অভিনেতা |
| ৮. | নায়ক রাজ রাজ্জাক (আব্দুর রাজ্জাক) | জাতীয় চলচ্চিত্র পুরস্কার ও আজীবন সম্মাননা প্রাপ্ত বিশিষ্ট অভিনেতা |
| ৯. | ইফতেখারুল আলম | চলচ্চিত্র প্রযোজক, পরিবেশক, প্রদর্শক |
| ১০. | ফেরদৌসী রহমান | জাতীয় চলচ্চিত্র পুরস্কার ও আজীবন সম্মাননা প্রাপ্ত বিশিষ্ট গায়িকা |
| ১১. | পিয়ারী বেগম | *মুখ ও মুখোশ* চলচ্চিত্রের বিশিষ্ট অভিনেত্রী |
| ১২. | এমএ মোবিন | জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট চিত্রগ্রাহক |
| ১৩. | সালা উদ্দীন জাকী | জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক, প্রযোজক |
| ১৪. | মঞ্জুর হোসেন | বিশিষ্ট অভিনেতা ও প্রযোজক |
| ১৫. | মিরানা জামান | বিশিষ্ট অভিনেত্রী |
| ১৬. | তন্দ্রা ইসলাম | বিশিষ্ট অভিনেত্রী ও প্রযোজক |
| ১৭. | মসিহ্উদ্দিন শাকের | জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক ও স্থপতি |
| ১৮. | আব্দুল জব্বার | একুশে পদক ও স্বাধীনতা পদক প্রাপ্ত বিশিষ্ট কণ্ঠশিল্পী |
| ১৯. | সিবি জামান | বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক |

| ক্রম | বিশিষ্ট ব্যক্তিদের নাম | পরিচিতি |
|---|---|---|
| ২০. | মাহাবুবা রহমান | বিশিষ্ট সংগীতশিল্পী |
| ২১. | আফজাল চৌধুরী | বিশিষ্ট চলচ্চিত্র গ্রাহক |
| ২২. | আনোয়ারা | জাতীয় চলচ্চিত্র পুরস্কার ও আজীবন সম্মাননা প্রাপ্ত বিশিষ্ট অভিনেত্রী |
| ২৩. | সোহেল রানা | জাতীয় চলচ্চিত্র পুরস্কার ও আজীবন সম্মাননা প্রাপ্ত বিশিষ্ট অভিনেতা, পরিচালক, প্রযোজক |
| ২৪. | আজাদ রহমান | জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত সুরকার, সংগীত পরিচালক ও বিশিষ্ট কণ্ঠশিল্পী |
| ২৫. | অঞ্জনা সুলতানা | জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট অভিনেত্রী |
| ২৬. | ফজলে হক | বিশিষ্ট চলচ্চিত্র সম্পাদক, পরিচালক |
| ২৭. | আজিজুর রহমান | বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক ও প্রযোজক |
| ২৮. | এসএম তৌহিদ বাবু | বিশিষ্ট চিত্রগ্রাহক |
| ২৯. | শেখ আব্দুল লতিফ | চলচ্চিত্র পরিচালক |
| ৩০. | অনুপম হায়াৎ | চলচ্চিত্র লেখক, শিক্ষক ও গবেষক |
| ৩১. | আমজাদ আলী খন্দকার | বিশিষ্ট চিত্রগ্রাহক |
| ৩২. | পার্থ প্রতিম মজুমদার | বিশিষ্ট মুখাভিনেতা |
| ৩৩. | আজিজুর রহমান বুলি | চলচ্চিত্র পরিচালক, প্রযোজক ও প্রদর্শক |
| ৩৪. | একেএম জাহাঙ্গীর খান | চলচ্চিত্র প্রযোজক, পরিবেশক, প্রদর্শক |
| ৩৫. | রুহুল আহমেদ বাবু | চিত্রগ্রাহক ও বীর মুক্তিযোদ্ধা |
| ৩৬. | আবু মুসা দেবু | সিনিয়র চলচ্চিত্র সম্পাদক, পরিচালক |
| ৩৭. | আব্দুল লতিফ বাচ্চু | চিত্রগ্রাহক ও চলচ্চিত্র পরিচালক |
| ৩৮. | কামাল লোহানী | একুশে পদক প্রাপ্ত সাংবাদিক ও লেখক |

| ক্রম | বিশিষ্ট ব্যক্তিদের নাম | পরিচিতি |
|---|---|---|
| ৩৯. | মাজহারুল ইসলাম | স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দ সৈনিক, উপস্থাপক ও অভিনয় শিল্পী |
| ৪০. | শেখ সাদী খান | একুশে পদক ও জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত সংগীত পরিচালক, সুরকার |
| ৪১. | রেজা লতিফ | জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট চিত্রগাহক |
| ৪২. | শাহ আলম কিরণ | বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক, প্রযোজক |
| ৪৩. | রওশন আরা রেনু রোজিনা | জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট অভিনেত্রী ও প্রযোজক |
| ৪৪. | ইউনুস উদ্দীন | বীর মুক্তিযোদ্ধা |
| ৪৫. | আহসানউল্লাহ আল হাদী | বীর মুক্তিযোদ্ধা |
| ৪৬. | লিনু বিল্লাহ | বীর মুক্তিযোদ্ধা ও সংগীত শিল্পী |
| ৪৭. | হাসান মতিউর রহমান | বিশিষ্ট গীতিকার, সুরকার ও সংগীত পরিচালক |
| ৪৮. | বাদল খন্দকার | চলচ্চিত্র প্রযোজক ও পরিচালক |
| ৪৯. | ডলি জহুর | জাতীয় চলচ্চিত্র পুরস্কার ও আজীবন সম্মাননা প্রাপ্ত বিশিষ্ট অভিনেত্রী |
| ৫০. | লায়লা হাসান | বিশিষ্ট অভিনেত্রী ও নৃত্যশিল্পী |
| ৫১. | আবিদা সুলতানা | বিশিষ্ট সংগীত শিল্পী |
| ৫২. | মুনশী ওয়াদুদ | জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট গীতিকার |
| ৫৩. | মকসুদ জামিল মিন্টু | জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট সুরকার ও সংগীত পরিচালক |
| ৫৪. | শফিকুল ইসলাম স্বপন | বীর মুক্তিযোদ্ধা, বিজ্ঞাপনচিত্র নির্মাতা, জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত চিত্রগ্রাহক |
| ৫৫. | কাজী হায়াৎ | একাধিকবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক, প্রযোজক |
| ৫৬. | দিলারা জামান | জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত অভিনেত্রী |
| ৫৭. | ফারজানা আমিন নূতন | জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত অভিনেত্রী |

| ক্রম | বিশিষ্ট ব্যক্তিদের নাম | পরিচিতি |
|---|---|---|
| ৫৮. | দেলোয়ার জাহান ঝন্টু | বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক ও প্রযোজক |
| ৫৯. | এ জে মিন্টু | জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক |
| ৬০. | হাবিবুর রহমান খান | বিশিষ্ট চলচ্চিত্র প্রযোজক ও পরিবেশক |

পরিবর্তনশীল প্রযুক্তির সাথে পাল্লা দিয়ে আধুনিক ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের অঙ্গীকার পূরণে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কাজ করে যাচ্ছে। বিশ্বের উন্নত দেশের মতো কারিগরি সক্ষমতাসম্পন্ন বাংলাদেশ ফিল্ম আর্কাইভ বর্তমানে দেশের প্রধান ফিল্ম সংরক্ষণাগার হিসেবে ইতোমধ্যে পরিচিতি লাভ করেছে। কারিগরি সক্ষমতা ও সংগ্রহের বিবেচনায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভ সকল চ্যালেঞ্জ মোকাবিলা করে সামনে এগিয়ে যাওয়ার লক্ষ্যে অবিচল।



অস্ট্রেলিয়ার একটি বিশ্ববিদ্যালয়ের ২৬ সদস্যের প্রতিনিধিদল বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিদর্শনে এলে মহাপরিচালকের সাথে সাক্ষাৎ করেন, ৭ই জুলাই ২০২৪

# ফটোগ্যালারি



তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা নাহিদ ইসলাম বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিদর্শনে এলে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. কামরুজ্জামান উপদেষ্টাকে ভল্ট, ফিল্ম মিউজিয়াম, ডিজিটাল ল্যাবসহ বিভিন্ন ইউনিট ঘুরিয়ে দেখান। এসময় দপ্তরের অন্যান্য কর্মকর্তা সাথে ছিলেন, ৭ই জানুয়ারি ২০২৫



উপদেষ্টা নাহিদ ইসলাম বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিদর্শন রেজিস্টারে স্বাক্ষর করেন, ৭ই জানুয়ারি ২০২৫



ফিয়াফ কার্যনির্বাহী কমিটির সাথে মো. কাউসার আহাম্মদ, অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (সর্ব বামে), মো. কামরুজ্জামান, মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (সর্ব ডানে) এবং ফারহানা রহমান, পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (মাঝখানে), ২৩শে এপ্রিল ২০২৪



থাই ফিল্ম আর্কাইভে অনুষ্ঠিত ফিয়াফ কংগ্রেস ২০২৪-এ অংশগ্রহণকারী বিশ্বের অন্যান্য প্রতিনিধিদলের সাথে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধিবৃন্দ (সামনের সারির মাঝখানে), ২৫শে এপ্রিল ২০২৪




থাই ফিল্ম আর্কাইভে অনুষ্ঠিত ফিয়াফ কংগ্রেস ২০২৪-এর সাধারণ সভায় 'Inter-connectivity of the Film Archives' বিষয়ে বক্তব্য রাখছেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. কামরুজ্জামান, ২৫শে এপ্রিল ২০২৪




ফিয়াফ কংগ্রেস ২০২৪-এর সিম্পোজিয়ামে Film archive and sustainability: A case study' শীর্ষক সেমিনারে পেপার উপস্থাপন করছেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালক ফারহানা রহমান (সর্ব বামে), ২৩শে এপ্রিল ২০২৪



ফিয়াফ রিজিওনাল সভায় বক্তব্য প্রদান করছেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. কামরুজ্জামান, ২৪শে এপ্রিল ২০২৪



ফিয়াফ ওপেন ফোরামে ধারণকৃত ভিডিও বক্তব্য প্রদান করছেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উপসহকারী প্রকৌশলী স্মিতা বড়ুয়া, ২৫শে এপ্রিল ২০২৪



মেক্সিকোতে অনুষ্ঠিত ফিয়াফ কংগ্রেস ২০২৩-এ অংশগ্রহণকারী বিশ্বের অন্যান্য প্রতিনিধিদলের সাথে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধিবৃন্দ, এপ্রিল ২০২৩



হাঙ্গেরীর বুদাপেস্টে অনুষ্ঠিত ফিয়াফ কংগ্রেস ২০২২-এ অংশগ্রহণকারী বিশ্বের অন্যান্য প্রতিনিধিদলের সাথে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধিবৃন্দ, এপ্রিল ২০২২




আমেরিকার লস এঞ্জেলসে অনুষ্ঠিত ফিয়াফ কংগ্রেস ২০১৭-এ অংশগ্রহণকারী বিশ্বের অন্যান্য প্রতিনিধিদলের সাথে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধিবৃন্দ, এপ্রিল ২০১৭



অস্ট্রেলিয়ার ক্যানবেরাতে অনুষ্ঠিত ফিয়াফ কংগ্রেস ২০১৬-এ অংশগ্রহণকারী বিশ্বের অন্যান্য প্রতিনিধিদলের সাথে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধিবৃন্দ, এপ্রিল ২০১৬




থাই ফিল্ম আর্কাইভ পরিদর্শনে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধিবৃন্দ, ২০১৭



মালয়েশিয়াতে অনুষ্ঠিত Preservation of Audiovisual Materials-এ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধি, ২০১৬




Cultivating Collections: Insights from Asian Archive at ARCUREA 2024, India শীর্ষক কর্মশালায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধি মুহাম্মদ আরিফুজ্জামান, ১৭–২২ মার্চ ২০২৪




ফিয়াফ ইন্টার্নশিপ ফেলোশিপের আওতায় থাই ফিল্ম আর্কাইভে প্রশিক্ষণে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধিবৃন্দ, ১–২২ আগস্ট ২০২২



ভারতের হায়দ্রাবাদে অনুষ্ঠিত Film Preservation & Restoration Workshop-এ অংশগ্রহণকারী বিশ্বের অন্যান্য প্রতিনিধিদলের সাথে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধিবৃন্দ, ২০১৯



ভারতের পুনেতে অনুষ্ঠিত Film Preservation & Restoration Workshop-এ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধি মোহাম্মদ রাশেদুল আলম গাজী সার্টিফিকেট গ্রহণ করছেন, ২০১৬




বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার, ইনোভেশন প্রণোদনা পুরস্কার ও এপিএ বাস্তবায়ন প্রণোদনা প্রদান অনুষ্ঠানে পুরস্কার প্রাপ্তদের সাথে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. কামরুজ্জামান, ৪ঠা জুলাই ২০২৪




তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের অংশগ্রহণে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং)-এ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. কামরুজ্জামান এবং মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ ও অন্যান্য দপ্তর প্রধানগণ, ১০ই মার্চ ২০২৪




বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে 'জাতীয় ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ভূমিকা' শীর্ষক সেমিনারে মো. কাউসার আহাম্মদ, অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, মো. কামরুজ্জামান, মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ এবং কাজী হায়াৎ, বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক, ১৮ই মে ২০২৪



২০২৪-২০২৫ অর্থবছরে নির্বাচিত গবেষকদের সাথে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান, ১৫ই জুলাই ২০২৪



বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল ২১তম সংখ্যা প্রকাশের লক্ষ্যে গঠিত সম্পাদনা পরিষদের সভা, ২২শে ডিসেম্বর ২০২৪



বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বিশেষজ্ঞ কমিটির সভা, ২০শে নভেম্বর ২০২৪



বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মাসিক সমন্বয় সভায় কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, ৯ই জানুয়ারি ২০২৪




'Stardom in Bangladesh Film Industry  Nature, Scope and Impact' শীর্ষক সেমিনারে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. কামরুজ্জামান, ৮ই ডিসেম্বর ২০২৪




এএমএমএস (অডিট ম্যানেজমেন্ট) ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. কামরুজ্জামান, মো: হাসিনুর রহমান, চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালক ফারহানা রহমান।



অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক কর্মশালা, ৬ই নভেম্বর ২০২৪




কর্মকর্তা/কর্মচারীদের তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. কামরুজ্জামান, ৯ই অক্টোবর ২০২৪



মহান বিজয় দিবস উপলক্ষ্যে আলোচনাসভা, ১৬ই ডিসেম্বর ২০২৪




'Represenation of National Identity in the Films of Tareque Masud' শীর্ষক সেমিনার, ১২ই ডিসেম্বর ২০২৪



বাজেট ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ, ১২ই জানুয়ারি ২০২৫




World Day for Audiovisual Heritage দিবস উদযাপন, ৬ই নভেম্বর ২০২৪




World Day for Audiovisual Heritage দিবস উদযাপন, ২৭শে অক্টোবর ২০২২



বিশ্ব নারী দিবস উদযাপন, ৮ই মার্চ ২০২৩




‘ইনোভেশন শোকেসিং ২০২৩’, উদ্বোধন করছেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. জসীম উদ্দিন, ২৭শে ডিসেম্বর ২০২৩



তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের অংশগ্রহণে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং)-এ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালক ফারহানা রহমান ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, ১০ই মার্চ ২০২৪



বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ফিল্ম মিউজিয়াম পরিদর্শনে আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের শিক্ষার্থীবৃন্দ, ২৩শে মে ২০২৪




অমর ২১শে বইমেলায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভের স্টল, ১–২৯ ফেব্রুয়ারি ২০২৪



বিশিষ্ট চিত্রগ্রাহক প্রয়াত আফজাল চৌধুরীর ব্যবহৃত যন্ত্রপাতি ও সামগ্রী তাঁর সহধর্মিনী বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তর করেন, ৮ই অক্টোবর ২০২৪



৭০ ও ৮০-এর দশকের জনপ্রিয় চিত্রনায়ক উজ্জল বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালকের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন, ১০ই ডিসেম্বর ২০২৪



চলচ্চিত্র সংশ্লিষ্ট ব্যক্তিদের জীবনীভিত্তিক ডকুমেন্টেশনে বিশিষ্ট অভিনয় শিল্পী মিরানা জামান, ২০১৬



চলচ্চিত্র সংশ্লিষ্ট ব্যক্তিদের জীবনীভিত্তিক ডকুমেন্টেশনে এদেশের প্রথম সবাক চলচ্চিত্র *মুখ ও মুখোশ*-এর অন্যতম নায়িকা পিয়ারী বেগম, ২০১৫




উড্ডাবনী প্রশিক্ষণের আওতায় টেংরাগিরি বন্যপ্রাণী অভয়ারণ্য পরিদর্শন, পটুয়াখালী, নভেম্বর ২০২৩




উদ্ভাবনী প্রশিক্ষণের আওতায় ঐতিহাসিক বাঘা মসজিদ পরিদর্শন, রাজশাহী, মে ২০২৪



উদ্ভাবনী প্রশিক্ষণের আওতায় বরেন্দ্র মিউজিয়াম পরিদর্শন, রাজশাহী, মে ২০২৪



উদ্ভাবনী প্রশিক্ষণের আওতায় পুঠিয়া রাজবাড়ি মিউজিয়াম পরিদর্শন, রাজশাহী, মে ২০২৪




উদ্ভাবনী প্রশিক্ষণের আওতায় হাছন রাজার মিউজিয়াম পরিদর্শন, সুনামগঞ্জ, জুন ২০২৪



হাউজ বোটে টাঙ্গুয়ার হাওড় পরিদর্শন, সুনামগঞ্জ, জুন ২০২৪



বারেকের টিলা, সুনামগঞ্জ, জুন ২০২৪



শিক্ষা সফর, সাভার, জুন ২০২৪



শিক্ষা সফর - গোলাপ গ্রাম, বিরুলিয়া, সাভার, জুন ২০২৪




রাঙ্গামাটি জেলায় সঞ্জীবনী প্রশিক্ষণে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, ২৯-৩০শে নভেম্বর ২০২৪




রাঙ্গামাটি জেলায় সঞ্জীবনী প্রশিক্ষণে বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফের সমাধিতে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, ৩০শে নভেম্বর ২০২৪



রাঙ্গামাটি ঝুলন্ত সেতুতে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রশিক্ষণার্থীবৃন্দ, ২৯শে নভেম্বর ২০২৪



বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বাগানে জাম গাছের চারা রোপন করেন মহাপরিচালক মো. কামরুজ্জামান, ২৯শে ডিসেম্বর ২০২৪

## পারিবারিক মিলনমেলা ◆ ১০ই জানুয়ারি ২০২৫

